Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
– পৃঃ ১০


# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

বর্ষ ৩৮ সংখ্যা ৩৯ কলকাতা শুক্রবার, ২৭ এপ্রিল ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৩ বৈশাখ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80


রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর
প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
– পৃঃ ১০

## স্টেট ব্যাঙ্কে ২000 প্রবেশনারি অফিসার

২,০০০ জন প্রবেশনারি অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে কলকাতা-সহ ৯টি পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/PO/2018-19/01.

**শূন্যপদের বিবরণ:** সাধারণ ১,০১০, তফসিলি জাতি ৩০০, তফসিলি উপজাতি ১৫০, ও বি সি ৫৪০। এর মধ্যে ২৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ২৬টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৬৫টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত হলে ৩১-৮-২০১৮ তারিখের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-৪-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৪) প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বহরমপুর, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী এবং শিলিগুড়ি। প্রিলিমিনারি অনলাইন পরীক্ষা ১, ৭ এবং ৮ জুলাই। প্রিলিমিনারি পরীক্ষার কললেটার ডাউনলোড করা যাবে ১৮ জুন থেকে। মেন এক্সামিনেশন ৪ আগস্ট। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল কলকাতা, হুগলি ও কল্যাণী।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর) এবং রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। সময়সীমা বিষয় প্রতি ২০ মিনিট। মেন পরীক্ষায় ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (সময়সীমা ১ ঘণ্টা), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৪৫ মিনিট), জেনারেল/

এরপর পনেরোর পাতায়

## ব্যাঙ্ক অব বরোদায় ৩৭৫

সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদে ৩৭৫ জন কর্মী নেবে ব্যাঙ্ক অব বরোদা। চুক্তিতে নিয়োগ হবে ওয়েলথ ম্যানেজমেন্ট বিভাগে।

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ: ৩৭৫টি (সাধারণ ১৫৮, তফসিলি জাতি ৬৬, তফসিলি উপজাতি ৩৩, ও বি সি ১১৮)। এর মধ্যে ১০টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ৮টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। পূর্ণ সময়ের এম বি এ কোর্স করে থাকলে অগ্রাধিকার। সঙ্গে ব্যাঙ্ক বা অন্য কোনও আর্থিক সংস্থায় ওয়েলথ ম্যানেজমেন্ট বিভাগে রিলেশনশিপ ম্যানেজার পদে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৬-৫-২০১৮ তারিখে ২৩ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

এছাড়া, ইনশিওরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেট কর্তৃক প্রদত্ত ইনশিওরেন্স এবং মিউচুয়াল ফান্ড ও বিক্রয় পরিষেবা বণ্টনের সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

তফসিলিরা ৫, ও বি সিরা ৩,

এরপর পনেরোর পাতায়

### এন টি পি সি-তে আরও ১৪৯

এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স), অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট্রি ট্রেনি, মেডিক্যাল অফিসার এবং অ্যাসোসিয়েট (অ্যাকাউন্টস) পদে ১৪৯ জনকে নিয়োগ করবে এন টি পি সি লিমিটেড। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

বিস্তারিত ১৬ পাতায়

### জিপমারে ১১৫ নার্সিং অফিসার ও ক্লার্ক

নার্সিং অফিসার এবং লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১১৫ জনকে নিয়োগ করবে পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)।

বিস্তারিত ১৬ পাতায়

### নরেন্দ্রপুর এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টারে চাকরি

সিনিয়র লেকচারার, ইনস্ট্রাক্টর, কৃষিপ্রযুক্তি সহায়ক-সহ বিভিন্ন পদে বেশ কিছু কর্মী নিয়োগ করবে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের অধীনস্থ এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টার।

বিস্তারিত ৩ পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা

বিস্তারিত ১৫ পাতায়

## এন টি পি সি-তে ২৮২ ডিপ্লোমা ট্রেনি

ডিপ্লোমা ট্রেনি পদে ২৮২ জনকে নিয়োগ করবে এন টি পি সি লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি মহারত্ন কোম্পানি। ট্রেনিং দেওয়া হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মাইনিং-সহ বিভিন্ন শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

বিষয় অনুসারে আসনসংখ্যার বিবরণ: **মেকানিক্যাল:** রায়পুর: ৪৬টি, মুম্বই: ২৩টি, হায়দরাবাদ: ১১টি, পাটনা: ২৯টি। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ইলেক্ট্রিক্যাল:** রায়পুর: ৩৬টি, মুম্বই: ১৬টি, হায়দরাবাদ: ৭টি, পাটনা: ২৩টি। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**সি অ্যান্ড আই:** রায়পুর: ২২টি, মুম্বই: ১১টি, হায়দরাবাদ: ৭টি, পাটনা: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**মাইনিং:** পাটনা: ১৫টি, রায়পুর: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ মাইনিং বা মাইনিং অ্যান্ড মাইন সার্ভেয়িং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে। সব ক্ষেত্রেই ২০১৭-য় ডিপ্লোমা পাশ করে থাকতে হবে। ফাইনাল ইয়ারে পাঠরতরাও আবেদনের যোগ্য। তবে সেক্ষেত্রে ২০১৮-র অগস্ট বা সেপ্টেম্বরের মধ্যে রেজাল্ট হাতে পেতে হবে।

**বয়স:** ৯-৫-২০১৮ তারিখে ২৫

এরপর পনেরোর পাতায়

## ব্যাঙ্কে আরও ১৫৮ অফিসার

অফিসার (ক্রেডিট) পদে ১৫৮ জন কর্মী নেবে ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ২০১৮-১৯/১।

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ০০১: অফিসার (ক্রেডিট): ১৫৮টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৩৭)। এর মধ্যে ৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে কমার্স বা সায়েন্স বা ইকনমিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি অথবা এম বি এ অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা সি এ বা আই সি ডব্লু এ বা সি এস (কোম্পানি সেক্রেটারি)। সব ক্ষেত্রেই অন্তত তিন মাস মেয়াদের কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে অথবা স্নাতক বা স্নাতকোত্তর স্তরে

এরপর পনেরোর পাতায়

## ন্যাশনাল অ্যালুমিনিয়ামে ১১৫ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

১১৫ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ন্যাশনাল অ্যালুমিনিয়াম কোম্পানি (ন্যালকো)। নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স এবং ইনস্ট্রুমেন্টেশন শাখায়। প্রথমে এক বছরের ট্রেনিং। সফল ট্রেনিংয়ের পর নিয়োগ হবে জুনিয়র ম্যানেজার পদে। সবক্ষেত্রেই ২০১৮ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10180105.

**বিষয় অনুসারে শূন্যপদের বিবরণ:** মেকানিক্যাল: ৫৪টি, ইলেক্ট্রিক্যাল: ৩২টি, মেটালার্জি: ১৮টি, ইলেক্ট্রনিক্স: ৫টি, ইনস্ট্রুমেন্টেশন: ৬টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ৬০, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০। এর মধ্যে ১৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ)

এরপর পনেরোর পাতায়

## মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ৯৫

৯৫ জন ফায়ারম্যান (পূর্বতন ফায়ারম্যান গ্রেড-টু এবং গ্রেড ওয়ান) নেবে মুম্বই ন্যাভাল ডকইয়ার্ড। এটি ভারতীয় নৌবাহিনীর অধীনস্থ একটি সংস্থা।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা

এরপর পনেরোর পাতায়

## পাঁচ কেন্দ্রীয় পুলিশবাহিনীতে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট

বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট নেবে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী। বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ও সশস্ত্র সীমা বল। 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। লিখিত পরীক্ষা ১২ অগস্ট। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সবক্ষেত্রেই কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। এন সি সি 'বি' অথবা 'সি' গ্রেড সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ২০ থেকে ২৫ বছরের মধ্যে। তফসিলিরা ৫ ও অন্যান্য অনগ্রসর শ্রেণির প্রার্থীরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

### সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের লিখিত পরীক্ষা ১২ অগস্ট

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ও না-ফুলিয়ে যথাক্রমে ৮৬ ও ৮১ সেমি। ওজন হতে হবে ৫০ কেজি অথবা উচ্চতা অনুযায়ী। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা দরকার ১৫৭ সেমি, ওজন হতে হবে উচ্চতানুযায়ী, কিন্তু কমপক্ষে ৪৬ কেজি। উভয়ক্ষেত্রেই দৃষ্টিশক্তি: দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২, অথবা দু'চোখেই ৬/৯। কাছের ক্ষেত্রে সংশোধিত দৃষ্টিশক্তি ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯। রং চেনার উচ্চ ক্ষমতা থাকতে হবে। চ্যাটালো পায়ের পাতা, ভাঙা হাঁটু, শিরাস্ফীতি, তির্যক চাহনি, বর্ণান্ধতা থাকলে চলবে না। মানসিক ও শারীরিক ত্রুটিমুক্ত মজবুত স্বাস্থ্য থাকা জরুরি।

প্রার্থী বাছাই হবে তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন সংক্রান্ত প্রশ্ন। এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা।

দ্বিতীয় পর্যায়ে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পর্যায়ে থাকবে: (১) ১০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ১৬ সেকেন্ড এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ সেকেন্ড)। (২) ৮০০ মিটার দৌড় (সময়সীমা পুরুষদের ক্ষেত্রে ৩ মিনিট ৪৫ সেকেন্ড এবং মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিট ৪৫ সেকেন্ড)। (৩) লং জাম্প:

এরপর পনেরোর পাতায়


ফুরোবার আগেই সংগ্রহ করুন



Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওস্তাদ বাদিগার সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৫২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৩৯ □ ২৭ এপ্রিল ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

**সেবা-রহড়া (ক্ষুদ্র ঋণ সংস্থা)**
কলি ও রায়গঞ্জে লোক চাই CO-7000/- 20-35 yr Min-HS কর্মস্থলে থাকা নিজ সাইকেল BM-Negotiable নিজ বাইক বায়োডাটা-সহ ৬ ও ১৩ মে কলিতে কালকাটা লজ Opp. Sealdah ESI Hospital ৮ ও ১৮ মে রায়গঞ্জে জেনা লজ শিলিগুড়ি মোড় 10-2 pm সাক্ষাৎ 9830216160. sebahr2006@gmail.com SEBA-RAHARA 'Aakanksha-II' Jogipara Rahara, Kol-118.

□

**Arohan English Academy Boso,** Sibaichandi, Hooghly 712302 (near sibaichandi Rly Station– Howrah Burdwan chord line) requires teachers for Eng, Math, Physics, Chem., Geo, Computer, Hindi. Walk in interview on 30/04/2018. Contact: 97351-44968.

□

**স্টার হোটেলে চাকরি**
লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজামাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

**DISH TV কাস্টমার কেয়ারে নিয়োগ।** H.S.-M.A. (18-35), Sal-11,800/-, On Point, বারুইপুর, Kol-144, M: 98308-34004 / 98308-33834,

□

**সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস,** পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। বেতন: 12-25 হাজার। VCS দমদম/ নৈহাটি/ বারাসাত/ বনগাঁ/ কৃষ্ণনগর/ বহরমপুর/ মালদা/ হাওড়া/ হুগলি/ বর্ধমান/ বেহালা/ গড়িয়া/ মেদিনীপুর/ বাঁকুড়া/ বীরভূম (M):90731-45817 / 90731-45096.

□

**Vodafone/Naptol কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-H.S. বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90517-30543.

□

**নিজের ঘরে বসে পার্টটাইমে 3,000/-** ফুলটাইমে 6,000/-. যে-কোনও বয়সে এই কাজ করা যায়। প্রিয়াঙ্কা ল্যামিনেশনে পুরুষ ও মহিলা শীঘ্রই আসুন। M: 98312-84287. ডোমজুড়-হাওড়া।

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।
□□□
১১ মে **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট, IMR, Kol-94. (M): 90739-82781.

□

**Spot Joining!** বিনা ট্রেনিংয়ে SBI / DISH TV কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ। যোগ্যতা: M.P/H.S. বেতন: 8-10K, Itech, P.W.D. Rd, Kol-108. 83368-25989/ 83368-25990.

□

**Voda/Jio কাস্টঃ কেয়ারে M/F চাই,** Age: 18-33, Maa Durga Management Service, Sonarpur, Ghasiara, Kol-150. 84788-99784.

□

Jio/Airtel 4G/SBI কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F চাই। যোগ্যতা: মাধ্যমিক- স্নাতক। বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91. M: 90075-59111.

□

বাংলা/হিন্দি BPO কাস্টমার কেয়ার ও Banking প্রসেসে স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: মাধ্যমিক-M.A., Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Incentive-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur, HWH-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

**KUTCHINA**
**Req. Urgently Fresher Sales Exe-** GL Hooghly. Fixed Sal + PF + ESI + Incentive. Ph: 80137-11058. S & P KITCHEN & HOME APPLIANCES (P) LTD. 70/A/2, INDIRA GANDHI ROAD, KONNAGAR, HOOGHLY-712 235.

□

**Naptol, Airtel, Vodafone ও** Banking-এ Spot Joining চলছে। বাংলা ও হিন্দি, M/F নিয়োগ চলছে। মাধ্যমিক -M.A. জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, P.F, ESI, Car, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORI, KGP, Medinipur. কলকাতা- 98007-80569, বাঁকুড়া- মেদিনীপুর: 84368-61388.

□

**AIRPORT ও মেট্রোরেলে**
বিভিন্ন Pvt. ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 42,500/- ফর্ম দেওয়া চলছে। 77187-18137, G. P. CIT Rd, Kol-54 (G.P).

□

**Direct কোম্পানী Payroll-এ কম্পিউটার অপারেটর**
স্থায়ী অফিসিয়াল পদে H.S পাশ/ Appeared (18-32) 37 জন ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8-12K. Innovative Technology, Dunlop, Kol-18. ডানলপ: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**DIRECT নিয়োগ**
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

**সরাসরি নিয়োগ**
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোমের বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-9, M: 90519-14620.

□

## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**
হাওড়া ও হুগলি: 70443-81672
শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
বজবজ ও চাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
দমদম ও ডানলপ: 86975-95918
রাজারহাট ও শিয়ালদহ: 97484-94791
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
নৈহাটি ও কল্যাণী: 86975-95917
Need Counseling, ডানলপ-108.

□

**URGENT VACANCY**
**ফোন করে নিজের ভবিষ্যৎ নিজে গড়ুন**
**গ্যারান্টি-সহ স্থায়ী কাজ এবং 4 দিনে স্পট জয়েনিং**
**Govt. Regd. L. No.: WB-3045**
উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সম্পূর্ণ বিনা ডোনেশনে সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কন্ট্রাক্টরের অধীনে AIRPORT, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি Direct পে-রোলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 45,600/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। M:77185-43880, S.T.Rd. Nowa Para, শ্যামনগর, Sana Corporate.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**সুবর্ণ সুযোগ সকলের জন্য**
**www.gcajob.co.in** যোগ্যতা: ৪র্থ-বি. এ। প্রতিটি জেলায় ATM/শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮–৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF. গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**SBI/ UCO BANK/ JIO-4G/VODA/** NAAPTOL-এ অফিসিয়াল কাজের জন্য স্মার্ট বাংলা জানা (18-34) M/F সরাসরি চাই। বেতন: 10,950/- –32,650/- (INC + OT + TA + থাকা) W2C, 111, F. Rd, Kol-56. দমদম/হাওড়া: 83348-59516 নদিয়া/24 Pgs (N): 90629-77779.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 14,500/- – 42,700/-. সত্বর যোগাযোগ করুন। M: 77975-75900, D. L. Corporate, P/25, CIT Road, Kol-54.

□

## কর্মখালি

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক। বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বেতন: ১২,৯০০ থেকে ১৯,৩০০ টাকা + EPF, ESIC, Medical. প্রয়োজনে অনভিজ্ঞদের কাজ শিখিয়ে স্পট জয়েনিংয়ের ব্যবস্থা। IPC, Kol-91. Kolkata / Howrah: 98742-35889 North / South 24 Pgs.: 86979-48348 Hooghly / Purba Burdwan: 74777-93463 Birbhum / Nadia: 74777-93464 Maldah / Murshidabad: 74777-93465 Asansol / Durgapur: 97351-46325 Purulia / Bankura: 84361-40813.

□

**স্থায়ী চাকরি**
জেলায় জেলায় ATM গার্ড টাওয়ার Co. নার্সিং হোম প্রাইভেট Co হোটেল শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- –18,500/-. R. J. S, 11C, R M Lane, Kol-09. 84364-85750.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে কর্মী নেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

## স্কুল-কলেজ শিক্ষা

**রামকৃষ্ণ মিশন শিল্পায়তন**
**বেলুড় মঠ, হাওড়া**
**ভর্তির বিজ্ঞপ্তি**
রামকৃষ্ণ মিশন শিল্পায়তন (Private Industrial Training Institute), বেলুড় মঠ, হাওড়ায় N.C.V.T স্বীকৃত ITI Fitter, Turner, Electrician & Welder Trade-এ ভর্তির ফর্ম ৫ জুন, ২০১৮ পর্যন্ত দেওয়া হবে এবং WBSCT & VE & SD স্বীকৃত 10+2 (Vocational) একাদশ শ্রেণীতে Electrical এবং Computer বিভাগে ১৬ জুন, ২০১৮ পর্যন্ত ভর্তির ফর্ম দেওয়া হবে। বিশদ তথ্য প্রতিষ্ঠানে এবং Website: www.itirkmbelur.ac.in -এ পাওয়া যাবে। Ph: (033) 2654-1052. -সম্পাদক।

□

**LL.B** (3 yrs) ২ বছর ৩ মাসে পাস। Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

**Distance Education**
**B. Ed, D. Ed, M.P, H.S, B.A, M.A,** B. LIS, Hotel Management কোর্স করুন। অল্পসময়ে অল্প খরচে। রাজারহাট, নিউগড়িয়া, দমদম। 98746-06164/ 87770-49063.

□

**প্যারামেডিক্যালে ভর্তি**
যে-কোনও শাখার ১০ + ২, ছাত্র-ছাত্রীদের সরাসরি ২ বছরের Diploma ল্যাব টেক, OT Tech, Nursing, Physiotheraphy, ECG, Optometry, X-Ray, USG, Dialysis কোর্সে ভর্তি শুরু। রেগুলার ক্লাস, Private চাকরি। Blood Bank, Sethi Diagnostic, Kasturi, BMRI-তে internship. বেহালা, চিৎপুর, আমতলা, রানাঘাট, জলঙ্গী, বহরমপুর, চাঁচল। Helpline: 98306-62930, 98303-46797, 86974-88882.

□

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DMLT, DMRT (X-Ray) DPT (ফিজিও), ANM (নার্সিং) ও RMP কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। Career Academy, গড়িয়া স্টেশন রোড, কলি-৮৪, জেডিবিডিএ। 92307-07483/ 89813-66250.

□

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর কর্তৃপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**হোটেল ম্যানেজমেন্ট**
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO 9001 : 2015 স্বীকৃত ও University Affiliated সংস্থায় কম খরচে কোর্স করে ভবিষ্যৎ গড়ুন। কোর্স চলাকালীন স্টাইপেন্ড + থাকা + খাওয়া ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**Math & Eng.** সোনারপুর Rail (সোনারপুর), WBCS, MICS, Bank প্রতিযোগী TET, পুলিশ, Gr.D Clerkship মোকাবিলা কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**নার্সিং ANM ট্রেনিং**
ভর্তি চলছে। ANM-Practical Nursing Course (2 Yrs). Affiliated by BSS, NCVT (Govt. of India) Global Technical Institute (সোনারপুর, ফুলবাগান), M: 75969-71701/92315-51285, Job (Asst), Installment, Internship, Hostel-এর সুবিধা আছে।

□

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS NCVT (Govt. of India) Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, সোনারপুর: 75969-71701 92301-13485 বারুইপুর: 92315-51285, 70449-27065.

□

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইঞ্জিনিয়ার ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CIT ১২) LCD, LED রিপেয়ারিং। ফি ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-610.. বারুইপুর: 90078-70999.

**কর্মক্ষেত্র**
KARMAKSHETRA
Pioneer in employment & self-employment guidance

**Advertisement Tariff**
*Effective April, 2018*

DISPLAY ADVERTISEMENT

| | |
|---|---|
| Square Centimetre (BW) | ₹ 350.00 |
| Square Centimetre (Colour) | ₹ 525.00 |
| Front Page (Solus) Size : 15 cm × 2 Columns | 100% Extra |
| Back Page (31 cm × 25 cm) | 50% Extra |
| Panel (6 colms. /12 colms.) | 50% Extra |
| Any Other Specified Position | 25% Extra |
| COLOUR | 50% Extra |

CLASSIFIED ADVERTISEMENT

| | | |
|---|---|---|
| All Classified Advertisement | Per line | ₹ 275.00 |
| Minimum lines accepted : 4 | | |
| EARPANEL (2.5 cm × 3.8 cm) Minimum 13 Consecutive | Per insertion | ₹ 5,000.00 |

MECHANICAL DATA

| | |
|---|---|
| Printing Process | D.T.P. & Offset |
| Overall Size | 34 cm × 28 cm |
| Print Area | 32 cm × 25 cm |
| No. of Cols. per Page | 6 |
| Length of each Column | 32 cm |
| Width of Single Column | 3.8 cm |
| Material | Artpull / Artwork / Copy (Screen 65-85) |
| Depth of an insertion | 31 cm & above to be charged for 32 cm |
| Language | Bengali |
| Frequency of Publication | Weekly |
| Date of Publication | Every Friday |
| Price per Copy | ₹ 4 |
| Special Issue published 1st Week of Every Month | ₹ 5 |

Advertisements accepted Min. 12 days before

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# প্রদীপের সলতে বানানোর মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** পুজো-পার্বণ, উৎসব-অনুষ্ঠান সবেতেই প্রদীপ, ডিজাইনার মোমবাতি প্রভৃতির চাহিদা থাকে। তাছাড়া বিভিন্ন মন্দির, মসজিদ বা অন্যান্য তীর্থস্থানের সামনে প্যাকেটে সলতে বিক্রি হয়।

**কীভাবে করবেন:** সলতে তৈরির দু'রকম মেশিন হয়। একটি গোল সলতে তৈরির এবং অপরটি লম্বা সলতে তৈরির। এই সলতে শুধু প্রদীপ জ্বালানোর কাজেই ব্যবহৃত হয় না, এই সলতের ওপর গলানো মোম ঢেলেই বিভিন্ন ধরনের মোমবাতিও তৈরি হয়। প্রথমে বাজার থেকে তুলো কিনে আনতে হবে। কেজি প্রতি দাম মোটামুটি ২০-২৫ টাকা। সলতে তৈরির লম্বা এবং গোল উভয় মেশিনেরই দু'টি করে প্রকোষ্ঠ থাকে। দু'হাতে দুই প্রকোষ্ঠে নির্দিষ্ট পরিমাণ তুলো দিয়ে দিলেই সেমি অটোম্যাটিক পদ্ধতিতে চাহিদা অনুযায়ী সলতে তৈরি হয়ে বেরিয়ে আসবে।

**কোন মেশিনের কী দাম:** গোল সলতে তৈরির এবং লম্বা সলতে তৈরির সেমি-অটোম্যাটিক উভয় মেশিনেরই দাম ২৬,০০০ টাকা করে।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *'কর্মক্ষেত্র'য় পাটের ব্যাগ ও অন্যান্য সামগ্রী তৈরির প্রশিক্ষণ সম্পর্কে পড়েছি আগে। আমি এই প্রশিক্ষণ নিতে চাই। পরবর্তী প্রশিক্ষণ কবে নাগাদ আয়োজিত হবে? প্রশিক্ষণকেন্দ্রের ঠিকানা এবং ফি সম্পর্কে জানাবেন। —মৃদুলা হালদার, বৃন্দাবনপুর, হাওড়া-৭১২ ১৪৬।*

□□ প্রশিক্ষণ দেয় ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি। পাটের ব্যাগ তৈরির পরবর্তী প্রশিক্ষণ শুরু হবে ২১ মে। চলবে ২ জুন পর্যন্ত। পাটের শৌখিন সামগ্রী তৈরির প্রশিক্ষণ দেওয়া হবে ১৮ থেকে ৩০ জুন পর্যন্ত। প্রতিটি প্রশিক্ষণের ফি ১,২০০ টাকা। ৫০ বা ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে।

সরকারি প্রশিক্ষণ। সফল ভাবে প্রশিক্ষণ শেষ করার পরে সার্টিফিকেট পাওয়া যাবে। যোগাযোগের ঠিকানা: ১২, রিজেন্ট পার্ক, কলকাতা-৭০০ ০৪০। ফোন: ৯০৬২১-৩২৫২০, ৯০৬২০-৩২৭৪২।

□ *পশ্চিমবঙ্গে কি ব্রাসেলস স্প্রাউটের চাষ হয়? বিঘাপ্রতি জমিতে ফলন কেমন হয়? কতদিনে ফলন পাওয়া যায়? কেমন মাটিতে চাষ হয়? —সুব্রত মণ্ডল, বলাগড়, হুগলি।*

□□ ব্রাসেলস স্প্রাউট খুব ছোট আকারের বাঁধাকপি। বড় বড় হোটেল-রেস্তোরাঁর স্যালাড, স্যুপে এই সবজিটি ব্যবহার করা হয়। এর চাহিদা বাড়ছে। চাহিদা অনুসারে জোগান না থাকায় ভালো দাম পাওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। বিকল্প সবজি হিসেবে এ রাজ্যের কোথাও কোথাও সবজিটির চাষ শুরু হয়েছে। বেলে দোআঁশ বা এঁটেল দোআঁশ মাটিতে ভালো চাষ হয়। চারা বপনের পরে ৪৫-৬০ দিনের মধ্যে ফলন পাওয়া যায়। একটি গাছ থেকে গড়ে ৫০টি কপি পাওয়া যায়। বিঘাপ্রতি জমিতে অন্তত ১০ কুইন্টাল ফলন পাওয়া যেতে পারে। চাষের জন্য আপনার অঞ্চলের হর্টিকালচারাল অফিসারের পরামর্শ নেবেন।

□ *রঙিন মাছ চাষের প্রশিক্ষণ নিতে চাই। কোথায় প্রশিক্ষণ দেওয়া হয় জানাবেন। —আতাউর রহমান, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে রঙিন মাছ চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। ঠিকানা: বয়স্ক শিক্ষাকেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া। ফোন: ২৫৮০-৮৩৭১।

□ *সারা বছর খাওয়া চলে এমন আমজাত খাদ্য তৈরি করতে চাই। এজন্য সরকারি কোন বিভাগে যোগাযোগ করব? —প্রশান্ত মল্লিক, গৌড়, মালদা।*

□□ তথ্য-পরামর্শের জন্য পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগে যোগাযোগ করতে হবে। এই বিভাগের মালদা অফিসের ঠিকানা: ডেপুটি ডিরেক্টর অব এগ্রিকালচার (ফ্রুট), সত্য চৌধুরী ইনডোর স্টেডিয়াম, বাঁধ রোড, মালদা-৭৩২ ১০১। ফোন: (০৩৫১২) ২৫৫১৮২।

**Admission in B.Ed 2018**

JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700109 | Ph: 8697743361/ 8697743362

National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com তে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

# নরেন্দ্রপুর এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টারে চাকরি

সিনিয়র লেকচারার, ইনস্ট্রাক্টর, কৃষিপ্রযুক্তি সহায়ক-সহ বিভিন্ন পদে বেশ কিছু কর্মী নিয়োগ করবে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের অধীনস্থ এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টার। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ATC/NDP/02/18/2018-19.

শূন্যপদের বিবরণ: **সিনিয়র লেকচারার:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে এম এসসি। স্নাতকস্তরেও বি এসসি (এগ্রিকালচার) পড়ে থাকতে হবে। অ্যাগ্রোনমি বা এগ্রিকালচারাল কেমিস্ট্রি অ্যান্ড সয়েল সায়েন্সে এম এসসি (এগ্রিকালচার) ডিগ্রি থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

**ইনস্ট্রাক্টর:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: ভেটেরিনারি সায়েন্স বা অ্যানিম্যাল হাজবেন্ড্রি বা সমতুল বিষয়ে স্নাতক বা ডিপ্লোমা। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**ইনস্ট্রাক্টর:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কৃষিকার্যে ব্যবহৃত যন্ত্রপাতি চালনা এবং রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**কৃষি প্রযুক্তি সহায়ক:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকতে হবে। সঙ্গে কোনও কৃষি খামারে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৯০০ টাকা।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোর ওপর আড়াআড়িভাবে সই করে দেবেন।
- ✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

**লাইট ট্রাক্টর-কাম-পাম্প ড্রাইভার:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে লাইট মোটর ভেহিক্ল চালানোর অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাওয়ার টিলার ও পাম্পসেট চালানো এবং রক্ষণাবেক্ষণের কাজে জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা।

**রাঁধুনি:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা।

**চৌকিদার:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**মালি:** ১টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে সংশ্লিষ্ট কাজে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে সিনিয়র লেকচারার পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৬ বছর, ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৯ বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১৫ মে, এই ওয়েবসাইটে: www.sametiwb.org

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.sametiwb.org দরখাস্তের বয়ান একটি এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ৩০ এপ্রিল বিকেল ৪টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Principal, Agricultural Training Centre, Ramakrishna Mission Ashrama, Narendrapur, Kolkata-700 103. দরখাস্ত সরাসরি প্রতিষ্ঠানের অফিসে রাখা ড্রপবক্সেও জমা দিতে পারেন।

খুঁটিনাটি - তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৭৭-০৭১৫।

Advt.

**অল্প খরচে হোটেল, হসপিটালিটি, হসপিটাল ম্যানেজমেন্ট পড়ে নিশ্চিত চাকরি দেশ বিদেশে**

অল্প খরচে হোটেল, হসপিটাল এবং হসপিটালিটি ম্যানেজমেন্টের ব্যাচেলার, মাস্টার, ডিপ্লোমা কোর্স শেষ করার মাত্রই চাকরি। তাও আবার দেশ ও বিদেশের নামকরা হোটেলে, হসপিটাল, জাহাজ এবং কর্পোরেট সংস্থায়। এটা কি সম্ভব? সল্টলেকের ডিএসএম স্কুল অফ ম্যানেজমেন্টের সেন্টার ইন চার্জ মি উৎসব সিনহা রায় অতি প্রত্যয়ের সঙ্গে জানালেন এটাই সম্ভব। ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়কে একত্রিত করে বিশ্লেষণের মাধ্যমে অনেক গুলি শিল্পের সার্ভিসের এবং ম্যানেজমেন্টের নানান দিক সরলভাবে তুলে ধরে ছাত্রছাত্রীকে সুশিক্ষা দিয়ে থাকি। সেইজন্য আমাদের ছাত্রছাত্রীরা কোর্স শেষ করার আগেই চাকরির নিয়োগ পত্র হাতে পায়। মেধাবী ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যত গড়তে পারে সবাই কিন্তু মধ্যবিত্ত পরিবারের সাধারণ মানের ছাত্রছাত্রীদের নিশ্চিত চাকরির সুযোগ করে সফল কেরিয়ার গড়ার স্বপ্নকে বাস্তবায়িত করে চলেছে ডি এস এম স্কুল অফ ম্যানেজমেন্ট। অল্প খরচে ম্যানেজমেন্ট শিক্ষাক্ষেত্রে ডি এস এম হল সাধারণ পরিবারের ছেলেমেয়েদের কাছে একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান। অভিভাবক এবং ছাত্রছাত্রীদের একটি ধারণা ছিল হোটেল, হসপিটাল, হসপিটালিটি ম্যানেজমেন্ট পড়াতে খরচ পড়ে প্রায় পাঁচ থেকে ছয় লাখ টাকা। ডি এস এম সেই ধারণা মিথ্যে বলে প্রমাণিত করতে পেরেছে কারণ ডি এস এমে কোর্স ফি অনেক কম। বছরে পঞ্চাশ হাজার টাকা তাও আবার কিস্তিতে দেওয়ার সুযোগ আছে। কিন্তু পড়াশুনা মান, সার্টিফিকেটের গুরুত্ব, চাকরির সুযোগ বাংলার যে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের তুলনায় অনেক বেশি। চাকরির জন্য প্রতিটি কোর্সের ফাইনাল ইয়ারে ছাত্রছাত্রীদের ক্যাম্পাস ইন্টারভিউয় হয়। কোর্স চলাকালিন শুধুমাত্র স্টার ক্যাটেগরির হোটেল, হসপিটাল এবং হসপিটালিটি সংস্থায় ট্রেনিং দেওয়া হয় স্টাইপেন্ড সহ। বিশেষজ্ঞদের মতে অদূর ভবিষ্যতে এই তিনটি কোর্সের সার্টিফিকেটধারী ছাত্রছাত্রীরা কেন্দ্রিয়, রাজ্য সরকারি বা বেসরকারি চাকরির ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার পাবে। সরকারি, বেসরকারি সংস্থায় দক্ষ ম্যানেজমেন্ট কর্মীর চাহিদার তুলনায় যোগদান কম আর সেই দক্ষ ম্যানেজমেন্ট কর্মী গড়ে তোলার লক্ষ্যে সাধারণ ঘরের ছেলেমেয়েদের হাতে কলমে নিয়মিত শিক্ষা এবং ইন্ডাস্ট্রি স্পেসিফিক ট্রেনিংয়ের দ্বারা দক্ষ ম্যানেজমেন্ট কর্মী গড়ে চলেছে ডি এস এম। এবার প্রশ্ন হল কোন কোন শিল্পের দক্ষ ম্যানেজমেন্ট কর্মী হতে পারবে ছাত্রছাত্রীরা? সেন্টার ইন চার্জ মিঃ উৎসব সিনহা রায় জানালেন যে সকল ছাত্রছাত্রীরা হোটেল, হসপিটাল, হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সটিকে কেরিয়ার হিসাবে বেছে নেবে তাদের প্রত্যেকেই হোটেল, হসপিটাল, এয়ারলাইন্স, জাহাজ, ব্যাঙ্ক, ক্লাব, মোটেল, রেস্টুরেন্ট, ফিল্মসিটি, ইনফরমেশান টেকনোলজি এবং হেলথ কেয়ার সেক্টরে চাকুরী সুনিশ্চিত। কোর্স গুলি ব্যাচেলার ডিগ্রির জন্য উচ্চমাধ্যমিক পাশ বা যারা এ বছর পরীক্ষা দিয়েছে তারাও পড়তে পারবে। মাস্টার ডিগ্রি কিংবা এমবিএ পড়তে স্নাতক হতে হবে, ডিপ্লোমা, ডিপ্লোমা ইন অপারেশন, সার্টিফিকেট কোর্স পড়তে মাধ্যমিক পাশ বা পরীক্ষার্থী। ২০১৭ সালে ডি এস এম শিক্ষার্থীরা ইন্টার ন্যাশনাল হোটেল যেমন পার্ক হায়াৎ, হলিডে ইন, লি মেরিডিয়ান, ওয়েস্ট ইন, তাজ, লীলা, হায়াৎ এবং মেডিকা, আমরি, কলোম্বিয়া এশিয়া হসপিটালে যোগ দিয়েছে। অভীজ্ঞ শিক্ষক শিক্ষিকারা তৈরি করেন স্টাডি মেটিরিয়াল। যা হোটেল, হসপিটাল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের কেরিয়ার গড়ার প্রস্তুতিকে নিশ্ছিদ্র করে তোলে। ডি এস এমে ছাত্রছাত্রীদের মানসিক প্রস্তুতি থেকে শুরু করে স্পোকেন ইংলিশ এবং চাকরির ইন্টারভিউয়ের প্রশিক্ষণ দেওয়া হয়। এখনকার মোটিভেশন প্রোগ্রামগুলি ছাত্রছাত্রী দের সুন্দর একটি কেরিয়ার গড়ার তাগিদ বাড়িয়ে দেয়। হতাশা কাছে ঘেঁষতে পারে না। এর ফলে প্রতিটি ছাত্রছাত্রী আত্মবিশ্বাসী সহকারে কর্মজীবনে প্রবেশ করে। প্রতিটি কোর্সের শিক্ষাদানে রয়েছে দেশ ও বিদেশের শিল্প ও ম্যানেজমেন্ট কলেজের কৃতি প্রাক্তনি। ২০১৮ সালে ভর্তির জন্য ফর্ম দেওয়া শুরু হয়েছে। ফর্মের দাম ২০০ টাকা। ফর্ম পাওয়া যাবে সকাল ১১টা থেকে ৪টে পর্যন্ত। ঠিকানা সিবি-১৩৫, সল্টলেক সেক্টর-১, ট্যাঙ্ক নং ২, কোলকাতা-৬৪, ফোন: ০৩৩ ৬৫০১ ০৫৮৭, মোবাইল : ৯০৫১০৫৯২৮০, প্রতিষ্ঠানের ওয়েবসাইট: www.dsmkol.com।

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*দেখ, চলার পথে বাধা-বিপত্তি থাকবে, পথ করে নিতে হবে সে-সবের মধ্য দিয়েই। দক্ষ নাবিক তো সে-ই, যে ন্যূনতম বাতাসকেও কাজে লাগিয়ে জাহাজটাকে লক্ষ্যে পৌঁছে দিতে পারে।*

*— ওয়াল্টার স্কট*

*(স্কটিশ সাহিত্যিক)*

*✓ আমি একজন কমার্স গ্র্যাজুয়েট। স্নাতকে ৫৮ শতাংশ নম্বর আছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করেছি। যত তাড়াতাড়ি সম্ভব চাকরি পেতে চাই। চাকরির খোঁজ দেবেন।*

অমিত মাইতি, *চাকলা, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ৪২৪।*

☐ স্নাতক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরি বাছাই করে তার পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ন্যাশনাল সিডস কর্পোরেশনের অ্যাকাউন্টস বিভাগে কিছু ট্রেনি নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। ট্রেনিং চলাকালীন মাসে ১৭,৫৭৮ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে উচ্চপদে নিয়োগ হবে। 'কর্মক্ষেত্র'-র ১৩ এপ্রিল সংখ্যায় 'ন্যাশনাল সিডস কর্পোরেশনে ১৬৯' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৫ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indiaseeds.com

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। চাইলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদেও আবেদন করতে পারবেন। রেলে কমার্শিয়াল ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ছাড়া অন্য যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের উল্লিখিত যে-কোনও পদের জন্যই আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষার ধরনধারণ জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ নিজেরাই সরাসরি প্রার্থী বাছাই করে থাকে। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। সরকারি বিভিন্ন সংস্থায় জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার পদের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার পদে চাকরির জন্য ওয়েস্ট বেঙ্গল মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

*✓ ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ করেছি। এবার অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেব, না কি চাকরির জন্য উদ্যোগী হব তা নিয়ে দোলাচলে রয়েছি। চাকরির প্রয়োজন খুবই। আপনাদের কাছে চাকরির খোঁজ চাইছি।*

দীপঙ্কর দত্ত, *সরিষা, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩ ৩৬৮।*

☐ ম্যানুফ্যাকচারিং, উৎপাদন ও নির্মাণ শিল্পে ফিটারের খুব ভালো চাহিদা রয়েছে। উদ্যোগটা ধারাবাহিকভাবে নেওয়া গেলে চাকরি শুধু সময়ের অপেক্ষা।

***এখনই আবেদন করতে পারেন:*** ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের (ইসরো) স্যাটেলাইট সেন্টারে কিছু ফিটার নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২০ এপ্রিল সংখ্যায় 'ইসরোয় টেকনিশিয়ান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১১ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন টেকনিশিয়ান- বি পদে কিছু ট্রেনি নেবে। ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর। প্রথম বছর মাসে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছর মাসে ১২,৫০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতন ২১,৭০০ টাকা। 'কর্মক্ষেত্র'-র ২০ এপ্রিল সংখ্যায় 'নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৭৯ ট্রেনি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.npcil.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেল, শিপইয়ার্ড, অর্ডন্যান্স ফ্যাক্টরি, পেট্রোকেমিক্যালস, মেশিন-টুল, কেমিক্যালস, ধাতু শিল্প, অটোমোবাইলস প্রভৃতি সংস্থায় প্রচুর ফিটারের দরকার হয়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা সংস্থায় চাকরির খবর পাবেন।

*✓ ইংরেজির গ্র্যাজুয়েট। বর্তমানে ফরাসি ভাষার ১ বছরের সার্টিফিকেট কোর্স করছি। বয়স ২২ বছর। উচ্চতা ১৬২ সেমি। আমি কি কেবিন ক্রু-র চাকরি পেতে পারি?*

পারমিতা সান্যাল, *দুর্গাপুর, বর্ধমান।*

☐ শিক্ষাগত যোগ্যতা ও উচ্চতার নিরিখে বাধা নেই। তবে সরাসরি কেবিন ক্রু পদে চাকরি না-ও হতে পারে। ট্রেনি কেবিন ক্রু পদে আবেদন করতে পারবেন। কেবিন ক্রু পদে সাধারণত অভিজ্ঞরাই অগ্রাধিকার পেয়ে থাকেন। ভালো দৃষ্টিশক্তি থাকতে হবে। চশমা থাকলে চলবে না। কন্ট্যাক্ট লেন্স ± ২ ডি পর্যন্ত গ্রহণযোগ্য। ফরাসি ভাষার জ্ঞান এ পেশার সহায়ক হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** এয়ার ইন্ডিয়া ট্রেনি কেবিন ক্রু পদে কিছু লোক নেবে। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২০ এপ্রিল সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ২৯৫ কেবিন ক্রু' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in

***পরে আবেদন করতে পারবেন:*** যে-কোনও একটি বিমান সংস্থায় ট্রেনি কেবিন ক্রু বা কেবিন ক্রু-র চাকরির অভিজ্ঞতা পরবর্তীকালে এ পেশায় অত্যন্ত সহায়ক হবে। এখন জাতীয় স্তরের বিভিন্ন বিমান সংস্থায় কেবিন ক্রু-র দরকার হয়। এই সংস্থাগুলিতেও আপনি আবেদন করতে পারবেন। অভিজ্ঞতা সঞ্চয়ের পরে আন্তর্জাতিক বিমান সংস্থাগুলিতে চাকরি পেতে সুবিধা হবে।

*✓ আমি দরিদ্র পরিবারের মেয়ে। উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে পারিনি। নানা কারণে দ্বাদশ শ্রেণিতে পড়তে পড়তে পড়াশোনায় ইতি টানতে হয়েছে। বর্তমানে কম্পিউটারের একটি সার্টিফিকেট কোর্স করছি। মাধ্যমিক পাশ করেছি প্রথম বিভাগে। একটা চাকরির ব্যবস্থা হলে বেঁচে যাই। চাকরির ব্যাপারে আপনাদের পরামর্শ পেলে খুবই উপকৃত হব।*

নাম প্রকাশে অনিচ্ছুক, *রানাঘাট, নদিয়া।*

☐ পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ ও পুরসভাগুলিতে সহায়ক নিয়োগ করা হয়ে থাকে। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলেই এই পদে আবেদন করা যায়। আপনি এই সহায়ক পদের পরীক্ষার জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন। পরীক্ষায় মাধ্যমিক মানের প্রশ্ন হয়। ইংরেজি, অঙ্ক, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স প্রভৃতি বিষয়ে। ভালো প্রস্তুতি নিতে পারলে বিভিন্ন পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ বা পুরসভার সহায়ক পদের পরীক্ষায় বসতে পারবেন একই প্রস্তুতির জোরে। প্রথম একটি বা দু'টি পরীক্ষায় সফল না হতে পারলে হতাশ হয়ে পড়বেন না। প্রতিটি পরীক্ষার মধ্য দিয়ে আপনি আরও অভিজ্ঞতা সঞ্চয় করতে পারবেন।

মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করা যায়। এই পদের পরীক্ষার জন্যও বিশেষ প্রস্তুতি নিতে পারেন।

সহায়ক বা কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

## নিখাদ প্রস্তুতি মানে অর্ধেক যুদ্ধ জিতে যাওয়া



**সুপ্রদীপ চক্রবর্তী**

প্রজেক্ট অফিসার, লা মার্টিনিয়ার সিওম্প সোসাইটি

চাকরিপ্রার্থী অসংখ্য। চাকরি সীমিত। প্রার্থী-সংখ্যার তুলনায় সরকারি চাকরি নিতান্তই কম। এটাই তো আমাদের চেনা ছবি। স্বাভাবিকভাবেই চাকরির বাজারে তীব্র প্রতিযোগিতা। সেই প্রতিযোগিতা সামলে পেশার আঙিনায় প্রবেশ করার জন্য নিজেকে যথাযথভাবে প্রস্তুত করার দরকার রয়েছে। এখন কথা হল, সেই প্রস্তুতিটা কেমন হবে। যাঁরা সরকারি চাকরির জন্য উদ্যোগী হবেন, তাঁদের সংশ্লিষ্ট চাকরিটির পরীক্ষার জন্য পড়াশোনা করতে হবে সিলেবাস মেনে। পড়াশোনা, অনুশীলন ইত্যাদির মধ্য দিয়ে ক্রমশ প্রস্তুত হয়ে উঠবেন।

আরেকটি দিক রয়েছে। সেটা হল, বেসরকারি চাকরির জগৎ। সাধারণত বেসরকারি সংস্থায় চাকরি হয় ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রয়োজনে একাধিক ইন্টারভিউ নিতে পারেন কর্তৃপক্ষ। ওই ইন্টারভিউয়ের মধ্য দিয়েই প্রার্থীর জ্ঞান, কাজের ইচ্ছা, শেখার আকুতি, চ্যালেঞ্জ নেওয়ার মানসিকতা ইত্যাদি যাচাই করে নেওয়া হয়। বেসরকারি ক্ষেত্রে নিয়োগের প্রক্রিয়াটা কিন্তু দ্রুততর। যোগ্য প্রার্থী চাকরি পান এবং ভালো কাজের মাধ্যমে ক্রমাগত উন্নতি করার সুযোগও থাকে তাঁর কাছে। এক্ষেত্রেও নিজেকে যোগ্য করে গড়ে তুলতে হয়। আপনি হয়তো আপনার পড়াশোনার বিষয়ে ভালো ছাত্র। সেটা অবশ্যই কৃতিত্বের, কিন্তু সবটা নয়। আপনি কি অন্তত কাজ চালানোর মতো কম্পিউটার জানেন? আপনি কি কথ্য ইংরেজিতে সড়গড়, আপনার আচার-ব্যবহার কি কর্পোরেট দুনিয়ার সঙ্গে তাল মিলিয়ে চলতে পারবে? বেসরকারি চাকরির ক্ষেত্রে এগুলো কিন্তু গুরুত্বপূর্ণ দিক। ছাত্র হিসেবে মাঝারি মানের হলেও, এই গুণগুলো যদি আপনার থাকে তবে বেসরকারি চাকরির জন্য কিন্তু আপনি এগিয়েই থাকবেন। একটু প্রচেষ্টা থাকলেই কিন্তু নিজেকে তৈরি করে নেওয়া যায়।

প্রসঙ্গত, লা মার্টিনিয়ার সিওম্প সোসাইটি ও টেক মাহিন্দ্রা সিওম্প সোসাইটির যৌথ উদ্যোগে গঠিত স্মার্ট সেন্টারে বেসরকারি চাকরির উপযোগী প্রশিক্ষণ দেওয়া হয়। 'কর্মক্ষেত্র'-য় এই প্রশিক্ষণ বিষয়ে বিশদ প্রতিবেদন প্রকাশিতও হয়েছে। তবু একবার জানিয়ে রাখি, ৩ মাসের প্রশিক্ষণ এটি। অন্তত উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা প্রশিক্ষণ নিতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। উচ্চশিক্ষিতরা স্বাভাবিকভাবেই চাকরির ব্যাপারে এগিয়ে থাকবেন। রিটেল সেলস, আই টি এনেবলড সার্ভিসেস এবং সেইসঙ্গে কমিউনিকেটিভ ইংলিশ এবং ওয়ার্কপ্লেস রেডিনেসের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি দিতে হয় না। নিখরচায় প্রশিক্ষণ নেওয়া যায়। তবে প্রশিক্ষণ নেওয়ার ব্যাপারে প্রার্থীর আগ্রহ, সিরিয়াসনেস ইত্যাদি যাচাই করে নেওয়া হয়। প্রশিক্ষিত প্রচুর ছেলেমেয়ে বিভিন্ন নামী বেসরকারি সংস্থায় চাকরি করছেন। চাকরিরতদের মধ্যে কিছু ছেলেমেয়ে 'বেস্ট পারফর্মার' পুরস্কারও পেয়েছেন। জানিয়ে রাখি, প্রশিক্ষণ আয়োজিত হয় দু'টি কেন্দ্রে। একটি কেন্দ্র হল আশ্বোদয় ভবন (১১, ডাঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, কলকাতা-১৭। ফোন: ২২৯০-০০৫৩)। দ্বিতীয় কেন্দ্রটি হল: ক্যালকাটা ডায়োসেশন কে জি স্কুল ক্যাম্পাস (১৮, ডাফ স্ট্রিট, কলকাতা-৬)। ফোন: ৬৫০১-৬৭৬৯)।

আমাদের সোসাইটিতে নানা হাতের কাজের প্রশিক্ষণও দেওয়া হয়। চাকরি ও স্বনিযুক্তির উপযোগী প্রশিক্ষণ সেগুলি। যেমন, ইন্টিরিয়ার ডেকরেশন, ৪ চাকার গাড়ি রিপেয়ারিংয়ের ট্রেনিং। প্রশিক্ষণ নিয়ে চাকরি করা যায়, চাইলে ব্যবসাও করা যায়।

সবশেষে বলব, নিষ্ক্রিয় হয়ে থাকবেন না। কাজের জগতের জন্য প্রস্তুত হওয়াটাই আপনার প্রাথমিক কর্তব্য। নিখাদ প্রস্তুতি মানে অর্ধেক যুদ্ধ জিতে যাওয়া।

*✓ ইতিহাসের স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশন জানি। আমি দরখাস্ত করতে পারি এরকম কিছু চাকরির কথা জানাবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে চাই।*

পবিত্র দে, *বাটানগর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ স্নাতক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। দু'-তিনটি চাকরি বাছাই করে নিতে পারলে ভালো হয়। পরীক্ষার প্রস্তুতি নিতে পারবেন ভালো করে।

***পরে আবেদন করতে পারবেন:*** কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডে চাকরি হয়। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। এই পরীক্ষায় বসার জন্য একটু সময় নিয়ে প্রস্তুতি নিতে হয়। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন ভালো প্রস্তুতি নিয়ে।

মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডে চাকরি হয়। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। চাইলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন। পাবেন আরও নানা চাকরির খবর

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?

✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)

✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)

২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন

কলকাতা-৭০০ ০১৯

ই-মেল: karmakshetra@swarnakshar.in

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial → PV (Present Value)**

এই ফাংশানটির সাহায্যে কোনও বিনিয়োগের বর্তমান মূল্য বের করা যায়। বর্তমান মূল্য হল কোনও মূলধন যা কোনও লাভজনক শর্তের ভিত্তিতে বিনিয়োগ করা হচ্ছে, তার মূল্য বর্তমানে কত হবে।

এর Syntax-টি হল—

=PV (rate, nper, pmt, fv, type)

এখানে,

rate = সুদের হার

nper = কিস্তির সংখ্যা

pmt = প্রতি কিস্তিতে অর্থের পরিমাণ

fv = ভবিষ্যৎ মূল্য

type = 1 অথবা 0, সূত্রে কিছু লেখা না থাকলে তা শূন্য ধরে নেওয়া হবে।

গত সংখ্যার উদাহরণ অনুযায়ী,

rate = 0.05%

nper = 12

pmt = -50000

fv = 1205563.50

type = 1

এবার, Excel ওয়ার্কশিটে syntax-টি লিখে 'Enter' দিলে PV অর্থাৎ Present Value বেরোবে Rs. 600,000.00










Function Arguments-এর মাধ্যমে PV (Present Value) বের করতে হবে—







ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



বারো সায়েন্স নিয়ে পাস গ্র্যাজুয়েট। আলাদা কোনও প্রশিক্ষণ ছাড়াই কম্পিউটারের বেসিক বিষয়গুলি যেমন উইন্ডোজ, এম এস অফিস, ইন্টারনেট অপারেশন ইত্যাদি শিখে নিয়েছি। সরকারি বা বেসরকারি চাকরির ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট কি বাধ্যতামূলক? —পলাশ দাশ, দীঘা, পূর্ব মেদিনীপুর।

বেশিরভাগ সরকারি চাকরির ক্ষেত্রে কম্পিউটার চালনার ক্ষেত্রে প্রাথমিক দক্ষতা অবশ্য প্রয়োজনীয়। এ ক্ষেত্রে অন্তত ছয় মাস মেয়াদের সার্টিফিকেট কোর্স করে রাখলে ভালো হয়। যে সমস্ত চাকরির ক্ষেত্রে (সরকারি বা বেসরকারি যাই হোক না কেন) কম্পিউটার প্রশিক্ষণ থাকার কথা উল্লেখ করা থাকে সেখানে কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক বলেই ধরে নিতে হবে। ব্যাঙ্ক, বীমা সংস্থা ইত্যাদিতে কাজের ক্ষেত্রে এক বছরের ডিপ্লোমা কোর্স করা থাকলে সুবিধা হয়। আপনি কী ধরনের চাকরির জন্য প্রস্তুতি নিচ্ছেন সেটা বুঝে কম্পিউটারের একটি কোর্স করে রাখুন। সরকারি চাকরির ক্ষেত্রে যে সরকারি সংস্থা থেকেই প্রশিক্ষণ নিতে হবে এমন কোনও বাধ্যবাধকতা নেই। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকেও শিখতে পারেন। তবে কাজটা ভালো করে শেখা প্রয়োজন।

কম্পিউটারের এসএমপিএস খারাপ হয়েছে কী ভাবে বোঝা যাবে? —সুকান্ত বসাক, চন্দননগর, হুগলি।

কম্পিউটারে কোনও পাওয়ার আসবে না। সিপিইউ বা মনিটর কোনওটাই চলবে না।

কম্পিউটারের জন্য ১৯ ইঞ্চি মাপের একটি এলইডি মনিটর কিনতে চাই। কলকাতার কোথায় গেলে পাব এবং কত দাম পড়বে জানালে উপকৃত হব। —অমিত দে, মুর্শিদাবাদ।

আপনি কলকাতার চাঁদনি চক অঞ্চলে গণেশচন্দ্র অ্যাভেনিউ এবং আর এন মুখার্জি রোডের আশপাশে খোঁজ করে দেখতে পারেন। আনুমানিক ৫,০০০ থেকে ৬,০০০টাকার মধ্যে মনিটর পেয়ে যাবেন আশা করা যায়।

কম্পিউটারে ডঙ্গলের সাহায্যে ইন্টারনেটের কাজ করি। তবে কম্পিউটারের ইউএসবি পোর্টগুলির মধ্যে সবগুলিতে ডঙ্গল ব্যবহার করার সময় সমান স্পিড পাওয়া যায় না। এটা কেন হচ্ছে? —পুলক কুমার খান, কলকাতা-৩।

কোনও কোনও পোর্ট খারাপ থাকতে পারে। তাই ওই পোর্ট গুলিতে ডঙ্গল ব্যবহার করার সময় ইন্টারনেটের স্পিড কম হচ্ছে।

## রামকৃষ্ণ মিশনে বিভিন্ন প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয়। শুধু ছেলেরা ভর্তির জন্য আবেদন করবেন। বয়স হতে হবে ২২ বছরের মধ্যে। অন্তত মাধ্যমিক পাশ তরুণরা ইলেক্ট্রনিক্স মেকানিক এবং অটোক্যাড-সহ ড্রাফটসম্যান (সিভিল বা মেকানিক্যাল) ট্রেডে প্রশিক্ষণ নিতে পারেন। কোর্সের মেয়াদ ২ বছর। প্রশিক্ষণ শেষে এন সি ভি টি সার্টিফিকেট পাওয়া যাবে। সুযোগমতো অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া যেতে পারে। অন্তত দশম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করে থাকলে ইলেক্ট্রিক্যাল ট্রেডে ১ বছরের প্রশিক্ষণ নেওয়া যাবে। এক্ষেত্রে সার্টিফিকেট দেবে রামকৃষ্ণ মিশন। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে ৮ মে থেকে ৮ জুন ১১টা থেকে ৪টের মধ্যে (রবিবার ১টার মধ্যে। সোমবার প্রতিষ্ঠানের অফিস বন্ধ থাকে)। পূরণ করা আবেদনপত্র ২২ মে থেকে ৯ জুনের মধ্যে প্রতিষ্ঠানের অফিসে জমা দিতে হবে। ঠিকানা: রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয় (প্রাইভেট আই টি আই), পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ওয়েবসাইট: www.rkmshilpavidyalaya.ac.in


**Veedol**

**ASDC / NSDC (GOVT. OF INDIA) কর্তৃক মোটর মেকানিক শিক্ষার জন্য অবৈতনিক ছাত্র ভর্তি চলিতেছে**

Skill India

ASDC

প্রশিক্ষণ দেওয়া হয় : মোটরগাড়ী কোর্স (৬ মাস) ও মোটর বাইক কোর্স (৩ মাস)
শিক্ষাগত যোগ্যতা : নূন্যতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ
বয়সসীমা : ১৮ বৎসর হইতে ৪০ বৎসর পর্যন্ত
আসন সংখ্যা : ২৫ জন (মোটরগাড়ী) এবং ২৫ জন (মোটর বাইক)

Final পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর **GOVT. OF INDIA** কর্তৃক একটি মূল্যবান প্রশংসাপত্র **(CERTIFICATE)** প্রদান করা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বৃত্তি প্রদান করা হয়। Driving সম্বন্ধে বেসিক ধারনা দেওয়া হয়।

শিক্ষা প্রতিষ্ঠানে উত্তীর্ণ ছাত্রদের **JOB (কাজের) Campus Interview**-এর ব্যবস্থা আছে। নামী Employers (নিয়োগকর্তারা) **Mahindra, Hyundai, Honda, Ashok Leyland, Maruti, Honda Motor Cycles, Suzuki Motorcycles, Royal Enfield** আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে এসে উত্তীর্ণ ছাত্রদের চাকরীর ব্যবস্থা করে থাকে।

মন্তব্য:
১. Final পরীক্ষায় গত ৪ বছরে গড় উত্তীর্ণ **Student: 90%**
২. গড় উত্তীর্ণ ছাত্রদের গত ৪ বছরে চাকরীর ব্যবস্থা করা হয়েছে: **75%**
সত্বর যোগাযোগ করুন (আসন সংখ্যা সীমিত)

**VEEDOL AUTO MECHANIC ACADEMY**
AFFILIATED TO ASDC / NSDC (GOVT. OF INDIA)
Near Thakurpukur Cancer Hospital, M.G. Road, Thakurpukur,
Kolkata - 700 104
Mobile: 89022 43328 / 98368 49594



**SBI / JIO ও VODA**
**বাংলা কলসেন্টারে ছেলেমেয়ে চাই**

টার্গেট ও নাইট শিফট ছাড়া কাস্টমারদের ইনকামিং কল রিসিভ করে ডেবিট কার্ড রিচার্জ / ফেসবুক ও একটিভ ব্যালেন্স ইনকোয়ারি সম্পর্কে সঠিক তথ্য দেওয়ার জন্য ৫২০ জন ছেলেমেয়ে শীঘ্রই নিয়োগ। যোগ্যতা M.P Graduate (18-35)। অনভিজ্ঞ প্রার্থীদের ১২ দিনের ট্রেনিং-এর পর কাজে জয়েনিং দেওয়া হবে। বেতন যোগ্যতানুসারে ইনসেনটিভ, ওভারটাইম ও বোনাস সহ 10,950/- + অন্যান্য সুবিধা। বহিরাগতদের হোস্টেলের সুবিধা। যোগাযোগ করুন।

GARIA : 8420455516
DUMDUM : 9803223211
AIRPORT : 8420666060
BURDWAN : 9830188881



**অ্যানিমেশন-এ ডিগ্রী ও ডিপ্লোমায় ভর্তি চলছে**

**RTG Animate-Animation Academy**

অ্যানিমেশন শব্দটি বর্তমান যুগের ছাত্র-ছাত্রীদের কাছে অতি পরিচিত। সব ছাত্র-ছাত্রীই স্বপ্ন দেখে 2D, 3D অ্যানিমেশন এবং VFX-এর কাজ শিখে নিজের পায়ে প্রতিষ্ঠিত হওয়ার। ইন্টারনেট ও স্মার্টফোনের যুগে অ্যানিমেশন-এর চাহিদা ক্রমাগত বাড়তে থাকছে।

**কোথায় শিখবে অ্যানিমেশন ?**

পশ্চিমবঙ্গের সেরা 'RTG Animate-Animation Academy'-তে বিশ্ববিদ্যালয় স্বীকৃত ৩ বছর, ১ বছর বা ৬ মাসের ফুলটাইম ডিপ্লোমা কোর্স করা যায়। মনোযোগ সহকারে ক্লাস সম্পূর্ণ করার পর সব কোর্সের জন্যই এখানে ক্যাম্পাস প্লেসমেন্টের সুযোগ পাওয়া যায়।

**'RTG Animate'-এ পড়লে আর কি সুবিধা পাব ?**

- 'RTG Animate'- পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় এবং পুরানো অ্যানিমেশন কলেজগুলির মধ্যে অন্যতম।
- ৩ বছরের ফুলটাইম ডিগ্রি কোর্সে ভর্তির সুযোগ।
- ৬ মাস, ১ বছর, ৩ বছরের ফুলটাইম ডিপ্লোমা কোর্সের সুযোগ।
- এখানকার অভিজ্ঞ বিশেষজ্ঞ শিক্ষকদের কাছে ক্লাস করবার সুযোগ।
- নিয়মিত (সোম থেকে শুক্র) ৮ ঘন্টা ক্লাসের সুবিধা।
- প্রত্যেকের জন্য নিজস্ব Computer।
- কম খরচে ও সহজ কিস্তিতে পেমেন্ট করবার সুবিধা।
- বাইরের ছাত্র-ছাত্রীদের থাকার জায়গায় সহযোগিতা।
- সব কোর্সের শেষেই ক্যাম্পাস প্লেসমেন্টের সুযোগ।



ফর্মের মূল্য ৩৫০ টাকা

Best প্লেসমেন্ট রেকর্ড




**RTG Animate-Animation Academy**
Jindal Towers, Block A, 2nd Floor (Near Park Circus Maidan), 21/1A/3 Darga Road, Kolkata-700017
Phone: 033-4000 6381/2289 2890
Web: www.rtga.in

☎ : 9903635280 / 9903634285

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## পি এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল' পরীক্ষায় বসতে চাই। প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিষয়ে বিশদে জানালে উপকৃত হব। —অভিরূপ ব্যানার্জি, বিষ্ণুপুর, বাঁকুড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল'-এর প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষায় বসা যাবে। এই পরীক্ষাতেও অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি (পেপার-ওয়ান) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন (পেপার-টু) বিষয়ে। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর (গ্রেড-টু) পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স বিষয়ক আরেকটি পত্র এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসারের ক্ষেত্রে ফিনান্স ও ইকনমিক্স বিষয়ে আরেকটি পত্রের পরীক্ষা দিতে হবে। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা করে। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সি এস এস) এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্কিল টেস্ট হবে। প্রযোজ্য ক্ষেত্রে ১০০ নম্বরের ইন্টারভিউ হবে। এ ছাড়া ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ব্যাঙ্ক

□ *বিজয়া ব্যাঙ্কে ল ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —কৌশিক দাশগুপ্ত, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ বিজয়া ব্যাঙ্কে ল ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বি এল (এল এল বি) পরীক্ষায় পাশ। সেই সঙ্গে কোনও সিভিল কোর্টে বা ব্যাঙ্কের ডেটা রিকভারি ট্রাইব্যুনালে অ্যাডভোকেট হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা-সহ মোট ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ২৭ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vijayabank.com অনলাইন ব্যবস্থায় ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা। অনলাইনে সাবমিট করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। ৪ মে-র মধ্যে সাধারণ ডাকে প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: Vijaya Bank, P.O. Box No. 5136, G.P.O. BANGALORE-560 001.

## কোর্স, ট্রেনিং

□ *পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ে গ্রিন এনার্জি টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —কল্পনা দে, বৈদ্যপুর, পূর্ব বর্ধমান।*

□□ পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ে গ্রিন এনার্জি টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সিভিল বা ইলেক্ট্রনিক্স বা কেমিক্যাল বা বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা ফিজিক্স বা কেমিস্ট্রি বা মেটেরিয়াল সায়েন্স বা ন্যানোসায়েন্সে এম এসসি। অথবা ফোটোনিক্সে এম এসসি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.pondiuni.edu.in

□ *রাজ্যের কৃষিজ বিপণন ডিরেক্টরেটে নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ-সংক্রান্ত প্রশিক্ষণ নিতে চাই। বিস্তারিত জানাবেন। —অনিন্দ্য মণ্ডল, ঘোষপুর, হুগলি।*

□□ নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ-সংক্রান্ত প্রশিক্ষণ দেবে রাজ্যের কৃষিজ বিপণন ডিরেক্টরেট। রাজ্যের ২২টি কেন্দ্রে তিনটি পর্বে এই প্রশিক্ষণ দেওয়া হবে। প্রথম পর্বে শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন দ্বিতীয় দফায়। প্রতি পর্বে আসনসংখ্যা ৫৫০। প্রশিক্ষণের মেয়াদ আড়াই মাস। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড দেওয়া হবে। সফল প্রশিক্ষণ শেষে প্রার্থীদের সার্টিফিকেট প্রদান করা হবে। দ্বিতীয় দফার প্রশিক্ষণ দেওয়া হবে ২৩ জুলাই থেকে ৫ অক্টোবর পর্যন্ত। প্রশিক্ষণের বিষয়গুলি হল: ফল-সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ, পুষ্টি-সংক্রান্ত বিভিন্ন বিষয় ও পদ্ধতি, ক্ষুদ্র শিল্পোদ্যোগ উন্নয়ন এবং খাদ্য নিরাপত্তা আইন-২০০৬ বিষয়ে সচেতনতা। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। বয়স: অন্তত ১৮ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ২০০ টাকা। দ্বিতীয় দফার আবেদন সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন আপনার জেলার এই কেন্দ্রে: কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), কড়বাজার, চুঁচুড়া, হুগলি-৭১২ ১০১। ফোন: ০৩৩-২৬৮০২৩৭৪।

□ *টাটা মেমোরিয়াল সেন্টারে রেডিওথেরাপির অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রবীর সরকার, মানিকপুর, হাওড়া।*

□□ রেডিওথেরাপির অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে টাটা মেমোরিয়াল সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স চলাকালীন প্রতি মাসে ৯,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শেষে ১ বছরের ইন্টার্নশিপ। কোর্স শুরু হবে জুলাইয়ে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৫ জুন। ২ মে-র মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in ফি বাবদ অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের সাহায্যে দিতে হবে ৩০০ টাকা। অনলাইনে সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। ফি জমা দেওয়ার ই-রিসিপ্ট, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ৯ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director (Academics), 13th Floor, Homi Bhabha Block, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012.

□ *ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেডে ট্রেড অ্যান্ড ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ইকনমিক্সের মাস্টার ডিগ্রি (এম এ) কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —অনুপ সাহা, অর্জুননগর, পূর্ব মেদিনীপুর।*

□□ ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেডে ট্রেড অ্যান্ড ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইকনমিক্সে বি এ বা বি এসসি। উচ্চমাধ্যমিক বা স্নাতক স্তরে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় বি এ বা বি এসসি। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও ইকনমিক্স পড়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.iift.edu

## অন্যান্য চাকরি

□ *রাজ্যের গ্রামীণ ডাক সেবক পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। আমি যে অঞ্চলের বাসিন্দা, সেই অঞ্চলের শূন্যপদের জন্যই কি দরখাস্ত করতে হবে? —অভিজিৎ করগুপ্ত, গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর।*

□□ রাজ্যের গ্রামীণ ডাক সেবক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। প্রার্থীর কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে এবং কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ দিনের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে। তবে কম্পিউটার সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। নিয়োগের সময় এই সার্টিফিকেট জমা দিতে হবে। গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদে নির্বাচিত প্রার্থী যদি সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দা না হয়ে থাকেন, তাহলে কাজে যোগদানের আগে তাঁকে সংশ্লিষ্ট শাখা ডাকঘর-সংলগ্ন গ্রামে বসবাসের ব্যবস্থা করতে হবে। এই মর্মে প্রার্থীকে আবেদনের সময়ই একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। দেখুন এই ওয়েবসাইট: https://indiapost.gov.in

□ *ইসরোয় স্টেনোগ্রাফার পদের জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মনোময় সমাজপতি, মালদা।*

□□ ইসরোয় স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট ৬০ শতাংশ নম্বর-সহ আর্টস বা কমার্স বা ম্যানেজমেন্ট বা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ কমার্শিয়াল বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা, সঙ্গে স্টেনো-টাইপিস্ট বা স্টেনোগ্রাফার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ৮০টি শব্দ লেখার দ্রুততা থাকতে হবে এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। ৩০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

□ *ন্যাশনাল সিডস কর্পোরেশনে হিউম্যান রিসোর্স শাখায় সিনিয়র ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মলয় বিশ্বাস, বাওয়ালি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ন্যাশনাল সিডস কর্পোরেশনে হিউম্যান রিসোর্স শাখায় সিনিয়র ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বি বি এ বা বি সি এ। অথবা পার্সোনেল ম্যানেজমেন্টে বি এ ডিগ্রি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার ল বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের ডিপ্লোমা। সব ক্ষেত্রেই এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। পাশাপাশি, ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। হিন্দি টাইপিং জানা থাকলে অগ্রাধিকার। হিন্দি টাইপিং জানা না থাকলে ট্রেনিং চলাকালীন শিখে নিতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.indiaseeds.com

□ *পাওয়ার গ্রিড কর্পোরেশনে জুনিয়র অফিসার (হিউম্যান রিসোর্স) পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —মৈনাক নন্দী, সাহাপুর, হাওড়া।*

□□ পাওয়ার গ্রিড কর্পোরেশনে জুনিয়র অফিসার (হিউম্যান রিসোর্স) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা, কম্পিউটার স্কিল টেস্ট এবং ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে এবং দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্ন হবে ভোকাবুলারি, ভার্বাল কম্প্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ডেটা সাফিশিয়েন্সি অ্যান্ড ইন্টারপ্রিটেশন এবং নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.powergridindia.com

□ *এয়ার ইন্ডিয়ার কেবিন ক্রু পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —দেবলীনা দাস, নদিয়া।*

□□ এয়ার ইন্ডিয়ার কেবিন ক্রু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ট্রেনি কেবিন ক্রু পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। অথবা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি বা ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমে তিন বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা। ইংরেজি ও হিন্দি ভাষায় দক্ষতা থাকতে হবে। এয়ার ইন্ডিয়ার পরিষেবা আছে এমন কোনও দেশের ভাষা জানা থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.airindia.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:

চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## মাতৃভাষাকে অবজ্ঞা কখনোই কোনও জাতিকে গৌরবান্বিত করে না, বাঙালি তা কবে বুঝবে?

সম্প্রতি একটি বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের বেনজির বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে 'চাই সুবিচার' বিভাগে পত্র লিখতে এক প্রকার বাধ্য হলাম। বাংলা পড়ানোর জন্য শিক্ষক চাই। কিন্তু বাংলা মাধ্যমের পড়ুয়া হলে চাকরির জন্য আবেদন করা যাবে না। এ কী অনৈতিক শর্ত। দক্ষিণ ২৪ পরগনার রাজপুর-সোনারপুর এলাকার প্রতাপগড়ের একটা নামী ইংরেজি মাধ্যম স্কুল কর্তৃপক্ষ বাংলা ভাষা ও সাহিত্য-সহ বিভিন্ন বিষয়ের শিক্ষক নিয়োগের জন্য আবেদনপত্র চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। আগ্রহী চাকরিপ্রার্থীদের ই-মেল করে আবেদন করতে বলা হয়েছে। ওই বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে লেখা হয়েছে, বাংলা মাধ্যমে পড়াশোনা করা চাকরিপ্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই! বাংলা পড়াতে হবে, অথচ বাংলা মাধ্যমের প্রার্থীরা আবেদন করতে পারবেন না— এমন অযৌক্তিক দাবির কী অর্থ? স্কুলের অধ্যক্ষার যুক্তি, বাংলা মাধ্যমে পড়েছেন, এমন শিক্ষকের কাছে নাকি অভিভাবকেরা তাঁদের ছেলেমেয়েদের পড়াতে চান না। তাঁরা নাকি বলে থাকেন, ইংরেজি মাধ্যম স্কুলে যে-কারণে ভর্তি করেছেন, বাংলা মাধ্যমে পড়াশোনা করা শিক্ষকের কাছে পড়লে সেই ফল মিলবে না। বেসরকারি স্কুলের বিজ্ঞপ্তিতে এহেন 'সংকীর্ণ' মানসিকতা এবং 'ঔপনিবেশিক প্রভাব' দেখা যাচ্ছে। আমাদের রাজ্যে বাঙালি সমাজে মাতৃভাষা সম্পর্কে অশ্রদ্ধা যে কোন পর্যায়ে পৌঁছেছে, তার প্রকৃষ্ট উদাহরণ এই বিজ্ঞপ্তিটি। স্কুল কর্তৃপক্ষের 'সংকীর্ণ' মানসিকতা প্রমাণ করল, আমাদের চেতনায় এখনও 'ঔপনিবেশিক প্রভাব' রয়েছে। এ থেকে মুক্ত হতে না পারলে বাঙালি জাতির সাংস্কৃতিক সংকট প্রকট হয়ে উঠবে।

> বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে লেখা হয়েছে, বাংলা মাধ্যমে পড়াশোনা করেছেন, এমন চাকরিপ্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই! বাংলা পড়াতে হবে, অথচ বাংলা মাধ্যমের প্রার্থীরা আবেদন করতে পারবেন না— এমন অযৌক্তিক দাবির কী অর্থ? স্কুলের অধ্যক্ষার যুক্তি, বাংলা মাধ্যমে পড়েছেন, এমন শিক্ষকের কাছে নাকি অভিভাবকেরা তাঁদের ছেলেমেয়েদের পড়াতে চান না।

এ প্রসঙ্গেই আরও একটি প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা না বলে পারছি না। আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের স্নাতকোত্তরের প্রথম বর্ষের ছাত্র। ক্লাসে আড়াইশো জন ছাত্রের মধ্যে দু'শো জনেরও বেশি বাংলা মাধ্যমের ছাত্র। তবুও ক্লাসে পড়ানোর সময় শিক্ষকেরা ঘণ্টার পর ঘণ্টা ইংরেজিতেই পড়িয়ে যান। কোনও ছাত্র যদি বাংলায় পড়ানোর জন্য অনুরোধ করে, তাহলে শিক্ষক এক-দু'মিনিট বাংলায় বলেন, তা-ও বাধ্য হয়ে। আবার, কোনও কোনও শিক্ষক বাংলাও ঠিক করে বলে উঠতে পারেন না। এর ফলে দিনের পর দিন ছাত্রেরা পড়ানো বুঝে উঠতে পারছে না। তার উপরে কোনও ছাত্র যদি বাংলায় পড়াতে বলে, তখন ইংরেজি-জানা বাঙালি ঘরের সহপাঠীরা কটূক্তি ছুড়ে দেয়, হাসাহাসি করে, ব্যঙ্গ করে 'পিছিয়ে পড়া গ্রামের ছেলে ইংরেজি জানে না বলে' উত্ত্যক্ত করে। কেন এমন বৈষম্য? এই মানসিকতার পরিবর্তন না ঘটলে বাংলা ভাষা দ্রুত বিলুপ্তির পথে চলে যাবে।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### মাস্টার অব পাবলিক হেলথ কোর্সে ভর্তি



মাস্টার অব পাবলিক হেলথ (এম পি এইচ) কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণীর ইনস্টিটিউট অব পাবলিক হেলথ। কোর্সটি দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস কর্তৃক অনুমোদিত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সোশিওলজি, ইকনমিক্স, অ্যানথ্রপলজি, জিওগ্রাফি, রুর‍্যাল ডেভেলপমেন্ট, সাইকোলজি, মাইক্রোবায়োলজি, ফিজিওলজি, বটানি, জুলজি, বায়োটেকনোলজি, ডেভেলপমেন্ট স্টাডিজ, নার্সিং এবং ফার্মাসির মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। এছাড়া এম বি বি এস, বি এইচ এম এস, বি এ এম এস এবং বি ডি এস ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা (৭৫ নম্বর) এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের (২৫ নম্বর) মাধ্যমে। পরীক্ষা ২৬ মে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস এবং ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হবে। মোট সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৩ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbuhsexams.in

অনলাইন আবেদন করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbuhsexams.in, www.wbuhs.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৪ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় একটি অ্যাকনলেজমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি টুকে রাখবেন।

ফি বাবদ ব্যাঙ্ক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে দিতে হবে ৩,০০০ টাকা। ফি 'The West Bengal University of Health Sciences'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ফি জমা দেওয়ার নথি, প্রার্থীর সচিত্র পরিচয়পত্র (ভোটার কার্ড বা পাসপোর্ট বা প্যান কার্ড)-এর নকল-সহ আবেদনপত্র স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ৯ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Controller of Examinations, The West Bengal University of Health Sciences, DD-36, Salt Lake, Sector-1, Kolkata-700 064. আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানে গিয়েও জমা দিতে পারেন ৭ মে-র মধ্যে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মহারাষ্ট্রের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্টের স্নাতক কোর্সে ভর্তি

মহারাষ্ট্রের বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'কমন এন্ট্রান্স টেস্ট-২০১৮' নেওয়া হবে ২৭ মে (রবিবার)। পরীক্ষা পরিচালনা করবে মহারাষ্ট্র স্টেট কমন এন্ট্রান্স টেস্ট সেল।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, রিজনিং (ভার্বাল অ্যান্ড এরিথমেটিক), জেনারেল নলেজ অ্যান্ড অ্যাওয়্যারনেস (বিশেষত কারেন্ট অ্যাফেয়ার্স, কালচার, ট্রেড অ্যান্ড কমার্স, স্পোর্টস, সায়েন্টিফিক ইনভেনশনস অ্যান্ড ডিসকভারিজ, ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম)। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৭ মে থেকে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dtemaharashtra.gov.in/bhmctcet2018 আবেদনের শেষ তারিখ ৮ মে। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশন, ২০ থেকে ৫০ কেবি সাইজ) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশন, ১০ থেকে ২০ কেবি সাইজ) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। ফি দেওয়া যাবে অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার/মায়েস্ট্রো), ক্রেডিট, নেট ব্যাঙ্কিং, মোবাইল ওয়ালেট, ক্যাশ কার্ড, আই এম পি এসের মধ্যে যে-কোনও একটির মাধ্যমে। ফি দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২)৩০২৩-৩৪২০ (সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা)।

আরও 'কী পড়বেন, কোথায় পড়বেন' ...পৃঃ ৯

### সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে ভর্তি

নটিক্যাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ ব্যাচেলর অব ফিশারি সায়েন্স এবং ভেসেল নেভিগেটর ও মেরিন ফিটার ট্রেড কোর্সে ভর্তি নিচ্ছে কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিং। এটি কেন্দ্রের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সটি কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি কর্তৃক অনুমোদিত এবং ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত।

**ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স):** আসনসংখ্যা: ৩৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইংরেজি ও অঙ্কে ৫০ শতাংশ নম্বর ও বিজ্ঞানের অন্যান্য বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১-১০-২০১৮ তারিখে ১৭ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে।

**ভেসেল নেভিগেটর কোর্স (ভি এন সি):** আসনসংখ্যা: ৪৮টি। **মেরিন ফিটার কোর্স (এম এফ সি):** আসনসংখ্যা: ৪৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। মাধ্যমিকে ম্যাথমেটিক্স এবং সায়েন্সে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১-৮-২০১৮ তারিখে ১৬ থেকে ২০ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: প্রতি মাসে ১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সের ক্ষেত্রে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৯ জুন (শনিবার)। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কোচি, চেন্নাই এবং বিশাখাপত্তনম। ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৩ জুন (শনিবার)। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, কোচি, চেন্নাই, ভাইজ্যাগ, ভুবনেশ্বর, পাটনা, পোর্টব্লেয়ার। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.cifnet.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ফি বাবদ দিতে হবে ফিশারি সায়েন্সের ক্ষেত্রে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা), ভি এন সি এবং এম এফ সি কোর্সের ক্ষেত্রে ৩০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'Senior Administrative Officer, CIFNET'-এর অনুকূলে এর্নাকুলমে প্রদেয় হতে হবে। ✓প্রার্থীর তিন কপি স্ট্যাম্প মাপের ফটো। ফটোগুলি গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত করিয়ে আবেদনপত্র এবং হল টিকিটের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓তফসিলি এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ২৫×১১ সেমি মাপের দু'টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র সহ পূরণ করা আবেদনপত্র ১৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Central Institute of Fisheries Nautical & Engineering Training, Fine Arts Avenue, Kochi-682016.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


জীবনে আমি চাকরি পাইনি

ব'লে দুঃখ ছিল। ফলে,

'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে

গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি

পেতে যে এলেম দরকার

আমার তা নেই।

প্রশ্নোত্তরগুলো রপ্ত করার

চেষ্টা করি। পরে বুঝি, খুব

দেরি ক'রে ফেলেছি। কী

করব, আমাদের বয়সকালে

তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।

স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ

ক'রে তবু লাখপতি হওয়ার

স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো

একবার কপাল ঠুকে দেখা

যেতে পারে। তার চেয়েও বড়

কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে

কাজ না দিলেও অনেক কিছু

শেখায় পড়ায়।



জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল।
ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি।
প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম
দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো
রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব
দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের
বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।
স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে,
তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি।
এ বয়সেও হয়ত একবার কপাল ঠুকে
দেখা যেতে পারে। তার চেয়েও বড়
কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ
না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৪/১২/২০০০

কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৩ এপ্রিল-১৮ এপ্রিল

**১৩ এপ্রিল** লখনউয়ে সিবিআইয়ের দফতরে সারাদিন জেরার পর উন্নাও ধর্ষণ কাণ্ডের অন্যতম অভিযুক্ত বিজেপি বিধায়ক কুলদীপ সিং সেঙ্গারকে গ্রেপ্তার করা হল। এর আগে উত্তরপ্রদেশ সরকার সিবিআইয়ের হাতে তদন্তভার তুলে দেওয়ার পর কুলদীপের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছিল রাজ্য পুলিশও। এ দিন সরকারি আইনজীবী কুলদীপকে আটক করে জেরা

## সিরিয়ায় হামলা চালাল মার্কিন জোট



**১৪ এপ্রিল:** সিরিয়ার ওপর একযোগে হামলা চালাল আমেরিকা, ব্রিটেন ও ফ্রান্স। সিরিয়ার দুমা শহরে বিদ্রোহী দমনে রাসায়নিক অস্ত্র ব্যবহার করা হয়েছে এই অভিযোগ তুলেই হামলার পথে নামল মার্কিন জোট। পেন্টাগন দাবি করেছে রাত থেকে সিরিয়ার অন্তত তিনটি জায়গায় মার্কিন জোট ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। বেছে বেছে হামলা চালানো হয়েছে সিরীয় প্রেসিডেন্টের বাহিনীর রাসায়নিক অস্ত্র ভাণ্ডারেই। দামাস্কাসের অদূরে বিজ্ঞান গবেষণাকেন্দ্রটিকে ধূলিসাৎ করে দিয়েছে মার্কিন জোট। এছাড়া হোমস শহর লাগোয়া দু'টি রাসায়নিক অস্ত্র কারখানাতেও হামলা চালানো হয়েছে বলে দাবি করেছে জোট। মস্কো দাবি করেছে, মার্কিন সেনা জোটের হামলায় তাদের কোনও সেনা মারা যাননি। ইরানও এই হামলার সমালোচনা করেছে। কিন্তু পাল্টা কোনও পদক্ষেপ করার হুঁশিয়ারি তারা দেয়নি।

করার কথা ঘোষণা করতেই এলাহাবাদ হাইকোর্টের প্রধান বিচারপতি ডিবি ভোঁসলে ও বিচারপতি সুনীত কুমারের বেঞ্চ বিধায়ককে গ্রেপ্তারের নির্দেশ দেয়। বেঞ্চ আরও জানায়, বাকি অভিযুক্তদের জামিন নামঞ্জুরের আবেদনও দাখিল করা হোক।

**নোবেল পুরস্কারের আয়োজক সুইডিশ** অ্যাকাডেমির প্রধান হলেন আন্দ্রে ওলসন। সম্প্রতি যৌন হেনস্থা নিয়ে বিতর্ক ওঠায় পদত্যাগ করেছেন পূর্বতন প্রধান সারা দানিয়ুস। তারপরই স্বল্প মেয়াদের জন্য দায়িত্বে আনা হল সাহিত্যের অধ্যাপক ও লেখক ওলসনকে।

**পানামা নথি কেলেঙ্কারিতে নাম জড়ানো** প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের বিরুদ্ধে একের পর এক শাস্তিমূলক পদক্ষেপের পর এ দিন পাক সুপ্রিম কোর্ট কার্যত চূড়ান্ত রায় দিল। পাক সংবিধানের ধারা উল্লেখ করে পাঁচ বিচারপতির বেঞ্চ বলেছে, 'কোনও সরকারি পদে যিনি থাকবেন, তিনি হবেন সৎ ও ন্যায়নিষ্ঠ।' পাক সংবাদমাধ্যমের একাংশে জানাচ্ছে এই রায়ের ফল সুদূরপ্রসারী। এর ফলে সারা জীবনের মতোই ভোটে দাঁড়ানো বারণ হয়ে গেল শরিফের। নওয়াজের দলের প্রেসিডেন্ট পদে থাকা তাঁর ভাই তথা পাক পাঞ্জাব প্রদেশের মুখ্যমন্ত্রী শাহবাজ শরিফ এই রায়কে 'রসিকতা' বলে কটাক্ষ করেছেন। অন্যদিকে, শীর্ষ আদালতের রায়ে উচ্ছ্বসিত তেহরিক-ই-ইনসাফের প্রধান ইমরান খান এ দিনও দেশের কালো টাকা বিদেশে পাচারের অভিযোগ তুলেছেন শরিফের বিরুদ্ধে।

**১৪ এপ্রিল** কাঠুয়া ও উন্নাওয়ের গণধর্ষণের ঘটনায় সারা দেশে চলা বিতর্কের মধ্যেই গুজরাটের সুরাটে আবারও একটি গণধর্ষণের ঘটনা সামনে এল। ১১ বছরের একটি বালিকার দেহ উদ্ধার হয়েছে গুজরাটের সুরাটে একটি জঞ্জালের স্তূপ থেকে। ময়নাতদন্তের রিপোর্ট বলছে মেয়েটিকে ধর্ষণ করে খুন করা হয়েছে। ইতিমধ্যেই কাঠুয়ার আট বছরের শিশুর ধর্ষণ ও খুনের ঘটনাকে 'ভয়ানক' আখ্যা দিয়েছেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। তাঁর মুখপাত্র স্টিফেন দুজারিক বলেছেন, 'আমরা সংবাদমাধ্যমের কাছ থেকে ঘটনাটা জেনেছি। আশা করি অপরাধীদের উপযুক্ত শাস্তি দেওয়া হবে।'

## গোল্ড কোস্টে সোনা মেরি কমের



**১৪ এপ্রিল:** অপ্রতিরোধ্য লড়াই করে গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমসে বক্সিংয়ে সোনা জিতলেন মেরি কম। পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ও অলিম্পিক্সের ব্রোঞ্জজয়ী মেরি গত বছর অবসর ভেঙে ফিরেই ভিয়েতনামে এশিয়ান চ্যাম্পিয়নশিপে সোনা জিতে চমক দেন। এর আগে দু'টি কমনওয়েলথ গেমসে নামার সুযোগ পাননি মেরি। এ বারই প্রথমবার প্রতিযোগিতায় অংশ নিয়ে ফাইনালে তাঁর প্রতিদ্বন্দ্বী নর্দার্ন আয়ারল্যান্ডের ক্রিস্টিনা ওহারাকে ৫-০ ফলে পরাজিত করেন। এ দিন কুস্তিতে দু'টো সোনা ও দু'টো ব্রোঞ্জ জিতে অভিযান শেষ করলেন ভারতের কুস্তিগিররা।
ছবি: পিটিআই



> যা ঘটেছে তা সত্যিই নিদারুণ। ভারতের প্রধানমন্ত্রী থেকে শুরু করে প্রশাসনের সকলকে এই ধরনের সমস্যার প্রতি বাড়তি নজর দিতে হবে। কারণ ভারতীয় মহিলাদের জন্য এটা অত্যন্ত জরুরি।

ক্রিস্টিন ল্যাগার্দে, *আই এম এফ প্রধান*
*কাঠুয়া ধর্ষণ কাণ্ডে উদ্বেগ প্রকাশ করে*

## সুইডেন গেলেন মোদী



**১৭ এপ্রিল:** ৩০ বছর পর এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদী সুইডেনে গেলেন। স্টকহলম বিমানবন্দরে মোদীকে স্বাগত জানাতে যান সুইডেনের প্রধানমন্ত্রী স্টেফান লোফভেন। দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠকের আগে সুইডেনের রাজা কার্ল ষোড়শ গুস্তাফের সঙ্গে দেখা করেন মোদী। বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক দৃঢ় করা নিয়ে আলোচনা হয় তাঁদের মধ্যে। ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রবীশ কুমার বলেছেন, 'দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে সদর্থক আলোচনা হয়েছে। ঘনিষ্ঠতর হওয়া এই সম্পর্কের বিরাট সম্ভাবনা রয়েছে।' ভারত-সুইডেন যৌথ উদ্যোগে স্টকহলমে এ দিন ভারত-নর্ডিক শীর্ষ বৈঠক আয়োজিত হয়েছিল। সেখানে যোগ দেয় সুইডেনের মতো অন্য চার নর্ডিক দেশ-ফিনল্যান্ড, নরওয়ে, ডেনমার্ক ও আইসল্যান্ডের প্রধানমন্ত্রীরা।
ছবি: পিটিআই

**মিজোরামে শান্তি চুক্তির পর 'মার** পিপলস কনভেনশন (ডেমোক্র্যাটিক)' সংগঠনের ১২ জন নেতা সহ ১০২ জন জঙ্গি মুখ্যমন্ত্রী লাল থানহাওলা ও স্বরাষ্ট্রমন্ত্রী আর লালজিরলিয়ানার সামনে অস্ত্র জমা দিয়ে সমাজের মূল স্রোতে ফিরলেন। মিজোরামে গৃহরক্ষী বাহিনীর সদর দপ্তর সেসাওঙে আত্মসমর্পণ করেন এই জঙ্গিরা। তাদের নেতৃত্বে ছিলেন জঙ্গি গোষ্ঠীর চেয়ারম্যান এল টি মার ও সেনাধ্যক্ষ এইচ জোয়াংবেরা। শান্তি চুক্তি মেনে জঙ্গিদের হাতে ৩ কোটি ৪২ লক্ষ টাকা তুলে দেন রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী।

**কেন্দ্রীয় সরকার তফসিলি জাতির** ব্যক্তিদের সরকারি কাগজপত্রে 'দলিত' বলে সম্বোধন করার বিষয়ে নিষেধাজ্ঞা জারি করল। সামাজিক ন্যায় মন্ত্রক জানিয়েছে ভারতীয় সংবিধানে দলিত শব্দটির কোনও উল্লেখ নেই। সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের কাছে পাঠানো চিঠিতে বলা হয়েছে, একমাত্র 'শিডিউল্‌ড কাস্ট' বা তার উপযুক্ত অনুবাদই সরকারিভাবে গ্রাহ্য হবে।

**১৫ এপ্রিল** সিরিয়ার ওপর একপ্রস্থ হামলা চালানোর পর সে দেশের আসাদ সরকারকে ফের সতর্ক করল মার্কিন প্রশাসন। সিরিয়াকে হুঁশিয়ারি দিয়ে বলা হয়েছে, তারা যদি ফের রাসায়নিক হামলা চালায় তা হলে তারাও অস্ত্রসম্ভার নিয়ে প্রস্তুত। এ দিন প্রকাশিত খবরে বলা হয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প টুইটারে লিখেছেন, 'নিখুঁত হামলা হয়েছে গতকাল। ফ্রান্স ও ব্রিটেনকে ধন্যবাদ তাদের জ্ঞান ও সেনাক্ষমতাকে কাজে লাগাতে দেওয়ার জন্য। এর থেকে ভালো ফল কিছু হত না। লক্ষ্য সম্পূর্ণ।' উল্লেখ্য, ২০০৩ সালে ইরাক জয়ের সময় জর্জ বুশও বলেছিলেন, 'লক্ষ্য সম্পূর্ণ' কথাটি। এর মধ্যেই রাষ্ট্রপুঞ্জে এই হামলার নিন্দা করার জন্য রাশিয়া ভোটাভুটি চেয়েছিল। তা অবশ্য খারিজ হয়ে যায়।

**১৬ এপ্রিল** সিরিয়ায় আমেরিকা ও তার সহযোগী দেশগুলির ক্ষেপণাস্ত্র হানা নিয়ে মুখ খুললেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সিরিয়ার আর এক মিত্র দেশ ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানির সঙ্গেও টেলিফোনে বিষয়টি নিয়ে আলোচনা করেছেন তিনি। পরে আন্তর্জাতিক সংবাদমাধ্যমের কাছে পুতিন বলেন, 'সিরিয়ার উপরে এর পরে আমেরিকা আর কোনও আঘাত করলে আন্তর্জাতিক সম্পর্কে ভয়ঙ্কর গোলমাল তৈরি হবে। সারা বিশ্বকে ভুগতে হবে তার জন্য।' পুতিন ও রৌহানি দু'জনেরই মত হল মার্কিন জোটের ক্ষেপণাস্ত্র হামলা সিরিয়ার রাজনৈতিক সমাধান খোঁজার লক্ষ্যে এক বড়সড় ধাক্কা। তবে ক্রেমলিন জানিয়েছে, এরপরেও ওয়াশিংটনের সঙ্গে আলোচনা চায় রাশিয়া। ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেস্কভ বলেছেন, 'দ্বিপাক্ষিক সম্পর্কে কিছুটা ক্ষতি হলেও আমাদের আশা, কোনও এক ধরনের আলোচনা ফের শুরু করা যাবে।'

**১১ বছর আগে হায়দরাবাদের মক্কা** মসজিদে বিস্ফোরণ মামলা থেকে কট্টর হিন্দুত্ববাদী সংগঠন 'অভিনব ভারত'-এর নেতা নবকুমার সরকার ওরফে স্বামী অসীমানন্দ ও তাঁর চার সহযোগীকে বেকসুর মুক্তি দিল বিশেষ এনআইএ আদালত। প্রমাণের অভাবেই তাদের মুক্তি দেওয়া হল বলে জানিয়েছে আদালত। বিজেপি নেতৃত্ব পুরো ঘটনাটিই সাবেক কংগ্রেস সরকারের 'সাজানো মামলা' বলে শোরগোল তুললেও, তাৎপর্যপূর্ণভাবে এই রায় দেওয়ার পরই ইস্তফা দিয়েছেন এনআইএ আদালতের বিচারক কে রবীন্দর রেড্ডি।

**দক্ষিণ আফ্রিকার কিংবদন্তি ফিল্ডার** কলিন ব্ল্যান্ড প্রয়াত হলেন। ১৯৬১ থেকে ১৯৬৬ সালের মধ্যে ২১টি টেস্ট খেলেছিলেন তিনি। ফিল্ডিংয়ে তিনি এতটাই দক্ষ ছিলেন যে তার সুবাদেই টেস্ট দলে সুযোগ পেয়েছিলেন তিনি। দক্ষিণ আফ্রিকার আর এক ফিল্ডিং কিংবদন্তি জন্টি রোডস টুইটারে লিখেছেন, 'ক্রিকেট মাঠে দর্শনীয় ফিল্ডিংয়ের জন্য বিখ্যাত কলিন ব্ল্যান্ডের মৃত্যুতে আমি শোকাহত'।

**১৭ এপ্রিল** লোকপাল নিয়োগের বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টের ভর্ৎসনার মুখে পড়ল কেন্দ্র। শীর্ষ আদালত এ দিন জানিয়েছে যত দ্রুত সম্ভব লোকপাল নিয়োগ করা উচিত। অন্না হাজারের আন্দোলনের জেরে ২০১৩ সালে সংসদে পাশ হয়েছিল লোকপাল আইন। কিন্তু পদ্ধতিগত কারণে লোকপাল নিয়োগের কাজ পিছিয়ে গেছে বার বার। বিশিষ্ট আইনজীবী প্রশান্ত ভূষণ বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে মামলা করেন। সেই মামলার শুনানিতেই সুপ্রিম কোর্ট এ দিন এই মন্তব্য করেছে। এ দিন সরকারের তরফে অবশ্য জানানো হয়েছে এক জন বিশিষ্ট আইনজীবীকে লোকপাল পদে নিয়োগ করার প্রক্রিয়া চলছে। তাতে কিছুটা সময় লাগবে।

**অর্গানাইজেশন ফর দ্য প্রহিবিশন অব** কেমিক্যাল ওয়েপনস (ওপিসিডব্লু)-এর বিশেষজ্ঞরা সিরিয়ার রাজধানী দামাস্কাসে পৌঁছেও ক্ষতিগ্রস্ত দুমা শহরে ঢুকতে পারছেন না বলে অভিযোগ করলেন। রাশিয়া অবশ্য বিশেষজ্ঞদের দুমায় ঢুকতে দেওয়া হবে বলে জানিয়েছে। খবরে প্রকাশ, এ দিন দুমায় পৌঁছেছেন তাঁরা। এর আগে রাশিয়ার দাবি ছিল, নিরাপত্তার কারণে দুমায় বিদেশি প্রতিনিধিদের ঢুকতে দেওয়া যাবে না। পরে অবশ্য মত বদল করে তারা। সিরিয়ায় নিরপেক্ষ তদন্ত করা হোক বলে ওপিসিডব্লিউয়ের কাছে অনুরোধ জানিয়েছে ভারতও। দ্য হেগ-এ ওপিসিডব্লু-র বৈঠকে ভারতের প্রতিনিধি বেণু রাজামণি এই অনুরোধ জানান। তিনি বলেন, রাসায়নিক হামলার অভিযোগ সত্যি হলে তা অবশ্যই নিন্দনীয়। এই ষড়যন্ত্রের পিছনে যারা আছে তাদের সামনে আনতে হবে।

## সুইডেন থেকে লন্ডনে মোদী



**১৮ এপ্রিল:** সুইডেন থেকে ব্রিটেন সফরে গেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। লন্ডনের হিথরো বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান ব্রিটিশ বিদেশসচিব বরিস জনসন। ১০, ডাউনিং স্ট্রিটে ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে-র বাসভবনে তাঁর সঙ্গে দেখা করেন মোদী। কিন্তু সফরের শুরু থেকেই লন্ডনের বিভিন্ন জায়গায় কাঠুয়া কাণ্ড নিয়ে বিক্ষোভ দেখানো হয়। বিক্ষোভে অন্যান্য সংগঠনগুলির সঙ্গে খালিস্তানপন্থীদেরও উপস্থিতি লক্ষ করা গেছে। সম্প্রতি ব্রিটিশ পার্লামেন্টের উচ্চকক্ষ হাউস অব লর্ডসে পাক বংশোদ্ভূত সদস্য লর্ড আহমেদও কাঠুয়া প্রসঙ্গ তোলেন। অন্যদিকে, বিদেশমন্ত্রক দাবি করেছে ব্রিটেনের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনাতে ভারতের যথেষ্ট লাভ হয়েছে। সন্ত্রাস দমন, সাইবার সুরক্ষা, দ্বিপাক্ষিক বাণিজ্য-সহ নানা ক্ষেত্রে দু'দেশ সহযোগিতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। মে-র সঙ্গে বৈঠকের পর যুবরাজ চার্লসের সঙ্গে ভারত বিষয়ক এক প্রদর্শনীতে অংশ নেন মোদী। পরে বাকিংহাম প্রাসাদে গিয়ে রানি দ্বিতীয় এলিজাবেথের সঙ্গেও দেখা করেন।
ছবি: পিটিআই

**১৮ এপ্রিল** জম্মু-কাশ্মীরের একটি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে গিয়ে কাঠুয়া গণধর্ষণ প্রসঙ্গ টেনে আনলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। এই ঘটনাকে 'নৃশংস এবং বর্বরোচিত' আখ্যা দিয়ে তিনি বলেন, কোনও মেয়ের সঙ্গে যেন এমন ঘটনা আর না ঘটে। রাষ্ট্রপতি হওয়ার পর এই প্রথম জম্মু-কাশ্মীরে গেলেন তিনি। কাঠুয়া নিয়ে এ দিন কাশ্মীরে ব্যাপক সংঘর্ষও হয়েছে। অনন্তনাগের বিক্ষোভ মিছিলে অন্তত ১৫ জন আহত হয়েছেন।

## সিন্ধুকে হারিয়ে সোনা সাইনার



**১৫ এপ্রিল:** গোল্ড কোস্টে কমনওয়েলথ গেমসের ফাইনালে পি ভি সিন্ধুকে হারিয়ে সোনা জিতলেন সাইনা নেহওয়াল। অলিম্পিক্সে রুপোজয়ী বিশ্বের তিন নম্বর সিন্ধুকে ২১-১৮, ২৩-২১ হারান তিনি। এই নিয়ে সাইনা কমনওয়েলথ গেমসে সিঙ্গলসে দ্বিতীয় সোনা জিতলেন। ভারতীয় খেলোয়াড়দের মধ্যে এই কৃতিত্ব আর কারও নেই। এর আগে ২০১০ সালে দিল্লি কমনওয়েলথ গেমসে সোনা জিতেছিলেন সাইনা।
ছবি: পিটিআই

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## শেখার ইচ্ছা আর কাজের প্রতি ডেডিকেশনই দ্রুত সাফল্য এনে দেয়



সোমেন গোলদার
ম্যানেজার, মার্কেটিং
এস রাইড টেক-ইন্ডিয়া
প্রাক্তন মার্কেটিং ম্যানেজার (পূর্বাঞ্চল)
প্রোফারস



ছাত্রজীবনেই নিজের কী ভালো লাগে, কোন বিষয় নিয়ে অক্লান্ত কাজ করে যেতে মন চায়, সেটা বোঝার চেষ্টা করো। নিজেকে না বুঝে এগোতে থাকলে, কোথাও না কোথাও গিয়ে আমরা ব্যর্থ হই। আজকের পরিস্থিতিতে সরকারি বা বেসরকারি চাকরির মধ্যে তফাত না করে বরং ভাবতে হবে, তোমার দক্ষতা তুমি বাজারের কোন জায়গায় ব্যবহার করতে পারো। যে-বিষয়ে তুমি দক্ষ, সেখানেই চাকরি খুঁজতে হবে।

### কোন পেশায় প্রবণতা

চাকরি খোঁজার আগে, তোমাকে বুঝতে হবে তোমার লক্ষ্যটা কী? তোমার প্রবণতা ঠিক কোন দিকে, সেটা খুঁজে বের করতে হবে আগে। কোনও নির্দিষ্ট চাকরির জন্য আবেদন করার আগে ভাবো, তুমি কেন এই কাজটার জন্য যাচ্ছ? তোমার মধ্যে কী বৈশিষ্ট্য আছে যে সংস্থা তোমাকেই চাকরিটি দিয়ে দেবে? এই প্রশ্নগুলো আগেই নিজেকে করো। তোমার পথের দিশা ঠিক পেয়ে যাবে। ইন্টারভিউয়েও সহজেই বোঝাতে পারবে, তোমায় নিলে সংস্থার কোনদিকে, কীভাবে লাভ হবে।

### ভয় কাটিয়ে ইন্টারভিউ

ইন্টারভিউ দিতে সবাই ভয় পায়, এই ভয় কাটাবার কোনও মন্ত্র নেই। ভয় পাবো না, ভয় পেতে নেই, এইভাবে ক্রমাগত ভেবেও লাভ হয় না। ইন্টারভিউয়ারের সামনে শেষপর্যন্ত গিয়ে বসলে, সব কিছুই ভুলে গিয়েছি বলে মনে হবে, এটাই বেশিরভাগ ক্ষেত্রে ঘটে। তার চেয়ে ভালো এটা ভেবে যাওয়া যে, তোমার সামনে যিনি বসে আছেন, তিনি তোমার থেকে অনেক বেশি জ্ঞানী এবং সফল মানুষ। কিন্তু তোমাকেও তার মুখোমুখি হয়ে সফল হতে হবে। যখনই কোনও প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ পাবে, তখনই নিজের দক্ষতা প্রমাণ করার চেষ্টা করবে। কারণ সুযোগ বারবার আসবে না।

চাকরির জন্য যখন আবেদন করছ, তখন সেই সেক্টর এবং সংস্থাটি সম্পর্কে আগে খোঁজখবর নিয়ে ফেলো। কারণ, যে-কোনও ইন্টারভিউয়ের অন্যতম গুরুত্বপূর্ণ এবং আবশ্যিক প্রশ্ন হল, সংস্থা কেন তোমাকে নেবে? উত্তরের জন্য নিজেকে আগেভাগেই তৈরি করতে হবে।

ধরা যাক, কোনও সংস্থা মার্কেটিংয়ের জন্য কর্মী খুঁজছে। তাদের বিজনেস আইডিয়ার প্রচার এবং প্রসারের দায়িত্ব নিতে হবে। এখানে সংস্থার প্রয়োজন বুঝে তোমাকে বোঝাতে হবে যে, একই কাজ ভিন্ন পদ্ধতিতে তুমিও করতে পারো। এর জন্য প্রয়োজন আত্মবিশ্বাস। শুধু বই পড়ে আত্মবিশ্বাস আসে না। আগে থেকেই যদি জীবিকার পথটি বেছে নাও, তাহলে সেটা নিয়ে ধারাবাহিক ভাবনাচিন্তা ও হাতেকলমে চর্চার মধ্য দিয়ে সেই আত্মবিশ্বাস তৈরি হবে।

আবার আত্মবিশ্বাস দেখানোতেও সাবধান থাকতে হয়। তোমায় বুঝতে হবে, কোন জায়গায়, কখন, কীভাবে এই গুণটির প্রকাশ ঘটাবে। ইন্টারভিউয়ারের সামনে বসে যদি তুমি অতিরিক্ত আত্মবিশ্বাস বা ওভার কনফিডেন্স দেখিয়ে ফেলো, তাহলে এটাই স্বাভাবিক যে তোমার নম্বর সেখানেই অনেকটা কমে যাবে।

তাহলে ইন্টারভিউতে তোমার আচরণ কী হবে?

যখন ইন্টারভিউ দিতে যাচ্ছ, মনে রাখো, কিছু পেতে হলে তবেই যাচ্ছ। কিছু পাওয়ার জন্য তো বিনীতভাবেই কথা বলতে হয়। তাই অতি আত্মবিশ্বাসী মনোভাবকে সংযত রাখতে হবে।

নিজে ইন্টারভিউ নিতে গিয়ে অনেক প্রার্থীকেই দেখেছি, অযথা কথা বলে। তার কারচুপি কেউ ধরতে পারবে না ভেবে, চাকরি পাওয়ার জন্য 'হ্যাঁ'তে 'হ্যাঁ' মিলিয়ে ছাড় পেয়ে যেতে চায়। অভিজ্ঞ ইন্টারভিউয়ার কিন্তু ঠিক ধরে ফেলেন। না-জানা প্রশ্নের উত্তরে 'জানি না' বললে প্রার্থীর ইতিবাচক মানসিকতার পরিচয় পাওয়া যায়। স্বচ্ছতা বজায় থাকে এবং অপ্রয়োজনে বিপন্ন হতে হয় না।

### চাকরিজীবনের নানা চ্যালেঞ্জ

চাকরির দুনিয়াটা একেবারেই আলাদা। অনেক কিছু শিখতে হয়, সংস্থার নিয়ম অনুযায়ী কাজ করতে হয়। যখন আমরা বই পড়ে কাজ করতে আসি আর যখন হাতেকলমে কাজ করতে শুরু করি— এ দু'য়ের মধ্যে একটা বিরাট ফাঁক থাকে। সেই ফাঁকটুকু ভরাট করার দায়িত্ব তোমারই। প্রতিমুহূর্তে নতুন কিছু শেখার জন্য মনের জানলাটা খুলে রাখবে। আত্মবিশ্বাসের মতো বিনয়ও খুব জরুরি গুণ। যদি মনে করো, আরও অনেক জানার বাকি, সেসব জানতে হবে, শিখতে হবে, তাতে তোমারই উপকার। ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি, কলেজেই বা ট্রেনিং ক্লাসে সবসময় সামনের আসনে বসতে চাইতাম আর মন দিয়ে শিখতে চেষ্টা করতাম। রিলায়েন্সে খুব ছোট পদে চাকরি দিয়ে জীবন শুরু করেছিলাম। ছয় মাসের মধ্যে এতটাই উন্নতি ঘটেছিল যে, গোটা পূর্ব ভারতের দায়িত্ব আমার কাঁধের ওপর এসে পড়ে। আজ মনে হয়, শেখার ইচ্ছা আর কাজের প্রতি ডেডিকেশনই হয়তো এত দ্রুত সাফল্য এনে দিয়েছিল।

> যখন আমরা বই পড়ে কাজ করতে আসি আর যখন হাতেকলমে কাজ করতে শুরু করি— এ দু'য়ের মধ্যে একটা বিরাট ফাঁক থাকে। সেই ফাঁকটুকু ভরাট করার দায়িত্ব তোমারই। প্রতিমুহূর্তে নতুন কিছু শেখার জন্য মনের জানলাটা খুলে রাখবে। আত্মবিশ্বাসের মতো বিনয়ও খুব জরুরি গুণ। যদি মনে করো, আরও অনেক জানার বাকি, সেসব জানতে হবে, শিখতে হবে, তাতে তোমারই উপকার।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্সে ভর্তি

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** ৪৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং বা আইনের স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা কমন এন্ট্রান্স টেস্ট বা সমতুল পরীক্ষার বৈধ স্কোর থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউ ৩ মে, সকাল ১১টা থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in

#### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓২৫০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট, এটি 'Vidyasagar University'-র অনুকূলে 'Midnapore'-এ প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর পাসপোর্ট মাপের তিন কপি ফটো। ফটোগুলি আবেদনপত্র এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓পরিবারের বার্ষিক আয়ের নথির নকল।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২ মে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### পাবলিক হেলথ এন্টোমোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



স্টাইপেন্ড প্রতি মাসে ৬,০০০ টাকা

পাবলিক হেলথ এন্টোমোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চের অধীনস্থ ভেক্টর কন্ট্রোল রিসার্চ সেন্টার। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্সটি পন্ডিচেরি বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

আসনসংখ্যা: ১২টি। স্পনসর্ড প্রার্থীদের জন্য সরকারি নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** জুলজি, বটানি, লাইফ সায়েন্স, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, মাইক্রোবায়োলজি, ইকোলজি, এনভায়রনমেন্টাল সায়েন্স, বায়োকেমিস্ট্রি— যে-কোনও একটি বিষয়ে বি এসসি। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে বায়োটেকনোলজি পড়ে থাকতে হবে। বি ভি এস সি বা এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

স্টাইপেন্ড: প্রতি মাসে ৬,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৭ জুন, পন্ডিচেরিতে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vcrc.res.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ১০০ টাকার (তফশিলিদের ক্ষেত্রে ৫০ টাকা) ডিমান্ড ড্রাফ্‌ট। ড্রাফ্‌টটি 'The Director, ICMR-Vector Control Research Centre'-এর অনুকূলে 'Puducherry'-তে প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫০ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র-ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR ADMISSION TO M.Sc., PHE 2018' আবেদনপত্র ১৮ মে-র মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, ICMR-Vector Control Research Centre, Medical Complex, Indira Nagar, Puducherry-605 006. স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৮ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ফারেনহাইট স্কেলের প্রাথমিক অন্তর কত?
(a) 0° (b) 32° (c) 100° (d) 180°
2.উলফ্রাম কোন মৌলটির জার্মান নাম?
(a) ক্রোমাইট (b) টাংস্টেন (c) পাইরাইট (d) ডলোমাইট
3. টমাস আলভা এডিসন নামটি নীচের কোন আবিষ্কারের সঙ্গে যুক্ত?
(a) ইলেকট্রিক ইস্ত্রি (b) বৈদ্যুতিক বাতি (c) ইনভার্টার (d) কম্পিউটারের মাউস
4. জেট প্লেন চলার সঙ্গে নিউটনের কোন গতিসূত্র কাজ করে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনওটিই নয়
5. কীসের ওপর বস্তুর জাড্য ধর্ম নির্ভর করে?
(a) ভর (b) বেগ (c) ত্বরণ (d) মন্দন
6. মূলরোম দ্বারা জলগ্রহণ প্রক্রিয়াকে কী বলে?
(a) ব্যাপন (b) শোষণ (c) অভিস্রবণ (d) পরিবহণ
7. পুংকেশরের মাথায় থালার অংশটি হল:
(a) পরাগরেণু (b) ডিম্বাশয় (c) পরাগধানী (d) পুংদণ্ড
8. ল্যাথিরিজম কী?
(a) পঙ্গুত্ব (b) অন্ধত্ব (c) বধিরত্ব (d) জড়তা
9. ম্যালেরিয়া কথার অর্থ কী?
(a) দূষিত বায়ু (b) দূষিত জল (c) দূষিত মাটি (d) দূষিত খাদ্য
10. কোন মশা ওড়ার সময় ডানায় শব্দ করে?
(a) কিউলেক্স (b) অ্যানোফিলিস (c) এডিস (d) কোনওটিই নয়
11. কলেরাজেন কী?
(a) কলেরা রোগে উৎপন্ন টক্সিন পদার্থ (b) যক্ষ্মারোগে উৎপন্ন টক্সিন পদার্থ (c) ম্যালেরিয়া রোগে উৎপন্ন টক্সিন পদার্থ (d) হেপাটাইটিস রোগে উৎপন্ন টক্সিন পদার্থ
12. $NaHCO_3$ এটি কীসের সংকেত?
(a) কষ্টিক সোডা (b) ভিনিগার (c) খাওয়ার সোডা (d) কর্পূর
13. সাইলেন্ট ভ্যালি কোথায় অবস্থিত?
(a) কেরল (b) মহারাষ্ট্র (c) গুজরাট (d) তামিলনাড়ু
14. অ্যাসকরবিক অ্যাসিড কার বৈজ্ঞানিক নাম?
(a) ভিটামিন-B (b) ভিটামিন-C (c) ভিটামিন-D (d) ভিটামিন-P
15. নীচের কোন পূর্ণবয়স্ক প্রাণীটির ওজন সবচেয়ে বেশি হয়?
(a) গন্ডার (b) হাতি (c) নীলতিমি (d) হাঙ্গর
16. উচ্চতা বাড়লে বায়ুর চাপ:
(a) বাড়ে (b) কমে (c) অপরিবর্তিত থাকে (d) নির্দিষ্ট করে বলা যায় না
17. Hg কার চিহ্ন?
(a) সীসা (b) সোনা (c) রুপো (d) পারদ
18. অ্যামিবার রেচন অঙ্গের নাম কী?
(a) ক্রেম কোষ (b) নালিপদ (c) নেফ্রিডিয়া (d) সংকোচী গহ্বর
19. নীচের কোন উদ্ভিদ গমন করতে পারে?
(a) প্রবাল (b) ভলভক্স (c) স্পঞ্জ (d) লাইকেন
20. বিশুদ্ধ জলের মোলারিটি কত?
(a) 36.8 (b) 55.6 (c) 18 (d) 10
21. ফসজিনের সংকেত কী?
(a) $CHCl_3$ (b) $CCl_4$ (c) $COCl_2$ (d) $S_2Cl_2$
22. কোন ধাতুর ওপর আলোক পড়লে তার রোধ কমে যায়?
(a) তামা (b) লোহা (c) পারদ (d) সেলেনিয়াম
23. মানুষ কোন পর্বের অন্তর্ভুক্ত প্রাণী?
(a) কর্ডাটা (b) অ্যাম্ফিবিয়া (c) মোলাস্কা (d) পরিফেরা
24. তরলের আপেক্ষিক গুরুত্ব পরিমাপকারী যন্ত্রটি হল:
(a) ক্যালোমিটার (b) হাইগ্রোমিটার (c) হাইড্রোমিটার (d) টেনসিমিটার
25. আলোর কোন ধর্মের জন্য জলের মধ্যে ঘষা কাচকে স্বচ্ছ দেখায়?
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) ব্যতিচার (d) তরঙ্গ ধর্ম
26. টিয়ার গ্যাস কোনটি?
(a) $CCl_3NO_2$ (b) $CH_3Cl$ (c) $CH_3COCl$ (d) $C_{10}H_5ClN_2$
27. সাধারণভাবে কোনটিকে পেট্রোল বলে?
(a) গ্যাসোলিন (b) কোল গ্যাস (c) কেরোসিন (d) প্রোডিউসার গ্যাস
28. ঔষধের ক্যাপসুল কী দিয়ে তৈরি হয়?
(a) ফ্যাট (b) সেলুলোজ (c) স্টার্চ (d) কোলাজেন প্রোটিন
29. কোন কোষে গলগিবডি পাওয়া যায় না?
(a) প্রাণীদের R B C-তে (b) অ্যালগ্যাল রাইজয়েডে (c) কর্নিকটে (d) কর্ডেটের উমিটে
30. যে কোষকলায় বৃদ্ধি বন্ধ হয়ে গেছে তাকে বলে:
(a) পারমানেন্ট টিস্যু (b) প্রাইমরডিয়াল মেরিস্টেম (c) সেকেন্ডারি মেরিস্টেম (d) প্রাইমারি মেরিস্টেম
31. ভারতের প্রধান কৃষি গবেষণা সংস্থা কোথায় অবস্থিত?
(a) দেরাদুন (b) উধমপুর (c) জোধপুর (d) নিউ দিল্লি
32. কষ্টিক সোডা, সোডা অ্যাশ প্রভৃতি নীচের কোন শিল্পের অপরিহার্য কাঁচামাল?
(a) কার্পাস বস্ত্র বয়ন শিল্প (b) কাগজ শিল্প (c) পেট্রোরসায়ন শিল্প (d) লৌহ ইস্পাত শিল্প
33. অজন্তা গুহার চিত্রকার্য মুখ্যত কোন আমলে তৈরি হয়?
(a) চালুক্য (b) গুপ্ত (c) সাতবাহন (d) মুঘল
34. সংস্কৃত কবি রাজশেখর কোন রাজার সভাকবি ছিলেন?
(a) মহীপাল (b) দ্বিতীয় মহীপাল (c) ধর্মপাল (d) ভোজ
35. নীচের কোন স্থান সিন্ধুসভ্যতার অংশ ছিল না?
(a) সুতকাজেন্দার (b) রংপুর (c) পাটলিপুত্র (d) লোথাল
36. 'উত্তরাপথস্বামী' কাকে বলা হয়?
(a) দেবগুপ্ত (b) শশাঙ্ক (c) গোপাল (d) ধর্মপাল
37. বৃহত্তর ভারত নামে পরিচিত।
(a) উত্তর-পূর্ব এশিয়া (b) উত্তর-পশ্চিম এশিয়া (c) দক্ষিণ-পূর্ব এশিয়া (d) দক্ষিণ-পশ্চিম এশিয়া
38. মগধের সিংহাসনে হর্যঙ্ক বংশের প্রতিষ্ঠাতা হলেন।
(a) অজাতশত্রু (b) বিম্বিসার (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) ধননন্দ
39. ছত্তিশগড়ের প্রধান নদী কোনটি?
(a) ইন্দ্রাবতী (b) মহানদী (c) সবরমতী (d) মাহী
40. নীচের কোন জলপ্রপাতটি 'ভারতের নায়াগ্রা' নামে পরিচিত?
(a) মার্বেল (b) ধুঁয়াধার (c) চিত্রকোট (d) জনা
41. সাহিত্যের সর্বশ্রেষ্ঠ পুরস্কার কোনটি?
(a) সাহিত্য অকাদেমি (b) সরস্বতী সম্মান (c) কবির সম্মান (d) জ্ঞানপীঠ পুরস্কার
42. নৌটঙ্কি লোকনৃত্য অধিক প্রচলিত।
(a) উত্তর ভারতে (b) দক্ষিণ ভারতে (c) পূর্ব ভারতে (d) পশ্চিম ভারতে
43. অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ (b) লালা লাজপত রায় (c) বালগঙ্গাধর তিলক (d) মানবেন্দ্রনাথ রায়
44. IUCN-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) মার্গেস (b) গ্ল্যান্ড (c) জেনেভা (d) নিউ ইয়র্ক
45. ভারতে 100 দিনের কাজ প্রকল্প কোন মনীষীর নামাঙ্কিত?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) নেতাজি সুভাষচন্দ্র বসু (d) চিত্তরঞ্জন দাশ
46. নির্মলা সীতারামন বর্তমানে ভারত সরকারের কোন দপ্তর সামলাচ্ছেন?
(a) বিদেশ (b) স্বরাষ্ট্র (c) শিক্ষা (d) প্রতিরক্ষা
47. রিচার্ড থেলার কোন বিষয়ে নোবেল পেলেন?
(a) সাহিত্য (b) রসায়ন (c) চিকিৎসা (d) অর্থনীতি
48. দীপক মিশ্র হলেন:
(a) নীতি আয়োগের চেয়ার পার্সন (b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (c) রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর (d) বিদেশসচিব
49. এবার কমনওয়েলথ গেমসে (2018) ভারত ক'টি সোনা জিতল?
(a) 26 (b) 27 (c) 30 (d) 32
50. বেঙ্কাইয়া নাইডু ভারতের কততম উপরাষ্ট্রপতি হলেন?
(a) 13 (b) 14 (c) 15 (d) 16
51. অরুণ রহিতের পিতা, রহিত মালার ভাই, মালা দিলীপের স্ত্রী, কীভাবে দিলীপ রহিতের সঙ্গে সম্পর্কিত?
(a) শালা (b) বাবা (c) পুত্র (d) কাকা
52. X, Y-কে বলেছিল এটা সত্য যে আমি তোমার প্রকৃত ভাই, কিন্তু তুমি আমার প্রকৃত ভগিনি নও, কীভাবে X, Y-এর সঙ্গে সম্পর্কিত?
(a) বন্ধু (b) মামা (c) ভাই (d) মাসতুতো ভাই
53. কোনটি আলাদা?
(a) বৃত্ত (b) উপবৃত্ত (c) গোলক (d) ঘনক
54. কোনটি পৃথক?
(a) মহানন্দা (b) কাবেরী (c) নর্মদা (d) কৃষ্ণা
55. কোনটি আলাদা?
(a) ভালোবাসা (b) সম্মান (c) আসক্তি (d) ঘৃণা
56. 2000 সালের 29 শে ফেব্রুয়ারি মিলনের জন্ম। যদি সে জীবিত থাকে তাহলে 2016 সাল পর্যন্ত কতবার তার জন্মদিন পালন হবে?
(a) 4 বার (b) 16 বার (c) 5 বার (d) 8 বার
57. একটি ঘনকের দু'টি তলেই সবুজ রঙ মাখানো। ঘনকটির তলগুলি সমান্তরালভাবে বিভক্ত করে সাতাশটি সমান আকারের ঘনক তৈরি করা হল। কতগুলি ছোট ঘনকের কোনও তলই সবুজ হবে না?
(a) 1টি (b) 3টি (c) 6টি (d) 12টি
58. A এবং B দুই ভাই। C এবং D দু'ই বোন। A-এর ছেলে D-এর ভাই, তাহলে B এবং C-এর মধ্যে সম্পর্ক কী?
(a) মামা (b) বাবা (c) দাদু (d) কাকা
59.


3-এর বিপরীতে কোন সংখ্যা বসবে?
(a) 1 (b) 5 (c) 6 (d) 4
60. পাঁচটি সংখ্যার গড় 46, প্রথম চারটি সংখ্যার গড় 45 তাহলে পঞ্চম সংখ্যাটি কত?
(a) 48 (b) 49 (c) 50 (d) 52
61. 29 জন ছাত্রের মধ্যে রাজীবের অবস্থান সামনের দিক থেকে 14তম হলে পিছনের দিক থেকে কত?
(a) 15 (b) 16 (c) 17 (d) 18
62. নীচের কোন ভেন চিত্রটি আমেরিকান, ভারতীয়, প্রোগ্রামার চিহ্নিত করে?

(a) (b) (c) (d)
63. একদিনে ঘড়ির ঘণ্টার কাঁটা এবং মিনিটের কাঁটা কত বার সমকোণে আসে?

এরপর এগারোর পাতায়

## রাজ্য পুলিশে

# ১৫২৭ সাব-ইনস্পেক্টর

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. তড়িৎ প্রাবল্যের ব্যবহারিক একক কোনটি?
(a) নিউটন-কুলম্ব (b) নিউটন/কুলম্ব (c) ডাইন/ই এস ইউ চার্জ (d) কোনওটিই নয়
2. মেট্রিক পদ্ধতিতে ভরের একক বা পদার্থের ভর পরিমাপের আন্তর্জাতিক একককে সংক্ষেপে কী বলা হয়?
(a) পাউন্ড (b) কিলোগ্রাম (c) মিলিগ্রাম (d) কোনওটিই নয়
3. নীচের কোনটি রাসায়নিক পরিবর্তন?
(a) লোহা যখন ঘর্ষণের দ্বারা চুম্বকত্ব প্রাপ্ত হয় (b) জলকে তাপ দিয়ে যখন বাষ্পে পরিণত হয় (c) চিনিকে যখন জলে দ্রবীভূত করা হয় (d) বহুদিন আর্দ্র বাতাসে এক টুকরো লোহাকে রেখে দিলে যখন মরিচা পড়ে
4. বস্তু /মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করে, তাকে বলে:
(a) অণু (b) পরমাণু (c) ইলেকট্রন (d) প্রোটন
5. মহাকাশযানকে উৎক্ষেপণ করার জন্য যে নীতির ওপর ভিত্তি করে রকেট নির্মিত হয়, তা হল।
(a) গতির প্রথম সূত্র (b) গতির দ্বিতীয় সূত্র (c) গতির তৃতীয় সূত্র (d) ভরবেগের নিত্যতার সূত্র
6. ভূপৃষ্ঠ ও ভূগর্ভস্থ জল সম্পর্কিত বিদ্যার নাম:
(a) হাইড্রোলজি (b) মিনারলজি (c) মেটিয়োলজি (d) ইকোলজি
7. 0° C তাপমাত্রায় এবং স্বাভাবিক চাপে শুষ্ক বায়ুতে শব্দের বেগ কত?
(a) 332 মিটার/সেকেন্ড (b) 100 মিটার/সেকেন্ড (c) 523 মিটার/সেকেন্ড (d) 233 মিটার/সেকেন্ড
8. যে সমস্ত গ্যাস বয়েল ও চার্লসের সূত্র সম্পূর্ণভাবে মেনে চলে তাদের বলা হয়:
(a) আদর্শ গ্যাস (b) বাস্তব গ্যাস (c) আদর্শ/বাস্তব গ্যাস (d) কোনওটিই নয়
9. শব্দোত্তর তরঙ্গ উৎপত্তি হয় কার মাধ্যমে?
(a) এক টুকরো কাচ (b) রেডিওর লাউড স্পিকার (c) গাড়ির হর্ন (d) কোয়ার্টজ ক্রিস্টাল অসিলেটর
10. অ্যাকোয়া রেজিয়া বলতে বুঝায়:
(a) কনসেনট্রেটেড সালফিউরিক অ্যাসিড (b) কনসেনট্রেটেড নাইট্রিক অ্যাসিড (c) কনসেনট্রেটেড সালফিউরিক এবং কনসেনট্রেটেড নাইট্রিক অ্যাসিডের মিশ্রণ (d) কনসেনট্রেটেড নাইট্রিক ও হাইড্রোক্লোরিক অ্যাসিডের মিশ্রণ
11. একটি বেতারতরঙ্গের দৈর্ঘ্য 150 মিটার। এর কম্পাঙ্ক কত?
(a) 5 মেগাহার্টজ (b) 3 মেগাহার্টজ (c) 4 মেগাহার্টজ (d) 2 মেগাহার্টজ
12. ফারেনহাইট স্কেলে জলের স্ফুটনাঙ্ক কত?
(a) 80° (b) 100° (c) 180° (d) 212°
13. টিউবলাইটে সাধারণত কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) নাইট্রোজেন (b) আর্গন (c) ক্রিপ্টন (d) সোডিয়াম
14. 20 ডিগ্রি সেন্টিগ্রেড সমান কত ডিগ্রি ফারেনহাইট?
(a) 36°F (b) 52°F (c) 68°F (d) 80°F
15. হাইড্রোজেন অপেক্ষাকৃত হালকা হওয়া সত্ত্বেও কেন হিলিয়াম দ্বারা বেলুন ভর্তি করা হয়?
(a) হিলিয়াম সহজলভ্য (b) হিলিয়াম গ্যাসের দাম কম (c) হিলিয়াম নিষ্ক্রিয় গ্যাস (d) সবক'টিই
16. সোয়াইন ফ্লু ভাইরাস চিকিৎসাশাস্ত্রে কী নামে পরিচিত?
(a) এইচ এন (b) এস এফ (c) কে এম এইচ (d) এইচ এস
17. জলবসন্তের রোগজীবাণুর নাম:
(a) Variola (b) Varicella (c) Rubiola (d) Rubella
18. কোন রোগ প্রতিরোধের জন্য বি সি জি টিকা ব্যবহার করা হয়?
(a) কলেরা (b) যক্ষ্মা (c) ধনুষ্টংকার (d) টাইফয়েড
19. যেসব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের বলা হয়?
(a) টক্সিন (b) ইনফেকশন (c) প্যাথজেন (d) জীবাণু
20. জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি?
(a) আলফা রশ্মি (b) বিটা রশ্মি (c) গামা রশ্মি (d) আল্ট্রাভায়োলেট রশ্মি
21. সুপারনোভা হল আসলে একটি:
(a) একটি ব্ল্যাকহোল (b) একটি ধূমকেতু (c) একটি মৃতপ্রায় নক্ষত্র (d) একটি অ্যাস্টেরয়েড
22. ব্যারোমিটারে পারদ স্তম্ভের উচ্চতা হঠাৎ হ্রাস পেলে:
(a) বৃষ্টি হওয়ার আভাস পাওয়া যায় (b) ভালো আবহাওয়ার পূর্বাভাস পাওয়া যায় (c) ঝড়ের পূর্বাভাস পাওয়া যায় (d) ক্ষণস্থায়ী ভালো আবহাওয়ার পূর্বাভাস পাওয়া যায়
23. বায়ুতে কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ কত?
(a) 0.035% (b) 0.028% (c) .04% (d) 0.000002%
24. নাইট্রোজেনের প্রধান উৎস কোনটি?
(a) মাটি (b) উদ্ভিদ (c) বায়ুমণ্ডল (d) প্রাণীদেহ
25. দু'টি স্থানের দ্রাঘিমার পার্থক্য কত হলে স্থানদু'টির মধ্যেকার সময়ের পার্থক্য হবে 1 ঘণ্টা:
(a) 30° (b) 15° (c) 20° (d) 10°
26. গ্রিনিচে যখন সময় রবিবার সকাল 6টা তখন এর 90° পূর্বদিকে অবস্থিত স্থানে সময় হবে:
(a) শনিবার রাত 12টা (b) রবিবার সন্ধ্যা 6টা (c) রবিবার রাত 10টা (d) রবিবার দুপুর 12টা
27. নিরক্ষরেখা থেকে যতই উত্তরে এবং দক্ষিণে যাওয়া যায় ততই বাড়তে থাকে:
(a) অক্ষাংশ (b) দ্রাঘিমাংশ (c) মধ্যাংশ (d) কোনওটিই নয়

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 24 (b) 12 (c) 48 (d) 40

64. A = ÷, B = ×, C = + এবং D = − হলে 42A6C3B7D13 = ?

(a) 15 (b) 51 (c) 37 (d) 23

65. যদি BJP, DMK হয় তাহলে RSS কী হবে?

(a) CPI (b) TVN (c) SJP (d) TDP

66.




2-এর বিপরীত পার্শ্বের সংখ্যাটি কত?

(a) 4 (b) 6 (c) 1 (d) 3

67. একটি ভোজসভায় 10 জন উপস্থিত থেকে প্রত্যেকে প্রত্যেকের সঙ্গে করমর্দন করলে করমর্দন সংখ্যা কত হবে?

(a) 40 (b) 90 (c) 20 (d) 45

68. লুপ্ত সংখ্যাগুলি কী কী?

1, 4, 9, 25, 49, 121, ?, ?, 361

(a) 169, 289 (b) 169, 225 (c) 144, 289 (d) 144, 225\

69.



কতগুলি বর্গক্ষেত্র আছে?

(a) 6 (b) 7 (c) 9 (d) 10

70. MOB-এর সঠিক water Image হবে:

(a) ꓭOM (b) ꟽOB (c) ꟽOꓭ (d) BOꟽ

71. 1.5, 2.3, 3.1, 3.9 _?_

(a) 4.2 (b) 4.5 (c) 4.7 (d) 5.1

72. a ___ ab ___ bcbc ___ caab

(a) ccba (b) acba (c) bccb (d) bcaa

73. CMM, EOO, GQQ, _____, KUU

(a) ISS (b) IRD (c) IUW (d) IQS

74.

| | | |
|---|---|---|
| 3 | 4 | 5 |
| 3 | 7 | 12 |
| 3 | ? | 22 |

(a) 11 (b) 10 (c) 9 (d) 8

75.

| | | |
|---|---|---|
| 16 | 210 | 14 |
| 14 | 156 | 12 |
| 12 | ? | 10 |

(a) 100 (b) 120 (c) 90 (d) 110

76. $0.34\dot{6}\dot{7} + 0.1\dot{3}\dot{3}$-এর মান কত?

(a) 0.48 (b) $0.480\dot{1}$ (c) $0.\dot{4}\dot{8}$ (d) $0.4\dot{8}$

77. 0.8754 সংখ্যাটিতে 5-এর স্থানীয় মান কত?

(a) 0.87 (b) 0.005 (c) 0.875 (d) কোনওটিই নয়

78. 5 অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 89 দ্বারা বিভাজ্য?

(a) 97989 (b) 99858 (c) 99947 (d) 99989

79. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 38 এবং 4 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?

(a) 537 (b) 375 (c) 357 (d) 753

80. কোনও ভগ্নাংশের বর্গ $\frac{1024}{5625}$ হলে ভগ্নাংশটি কত?

(a) $\frac{32}{75}$ (b) $\frac{36}{75}$ (c) $\frac{35}{75}$ (d) $\frac{34}{75}$

81. একটি বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল 2.25 হেক্টর হলে, ক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য কত মিটার?

(a) 100 মিটার (b) 150 মিটার (c) 200 মিটার (d) 250 মিটার

82. মান নির্ণয় করুন: $\sqrt{0.32 \times 0.02} =$

(a) 0.04 (b) 0.06 (c) 0.08 (d) 0.10

83. কোন দশমিক সংখ্যাকে সেই সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল 0.000576 হবে?

(a) 0.021 (b) 0.022 (c) 0.023 (d) 0.024

84. 1 মাইল = 1.609 কিমি, কিমিকে মাইলে প্রকাশ করলে হবে:

(a) 0.62 মাইল (b) 0.63 মাইল (c) 0.64 মাইল (d) 0.65 মাইল

85. 144 এবং 12-এর গ.সা.গু. এবং ল.সা.গু. নির্ণয় করুন:

(a) 10, 140 (b) 12, 144 (c) 13, 150 (d) 14, 160

86. দু'টি সংখ্যার গ.সা.গু. 3 এবং ল.সা.গু. 12, একটি সংখ্যা 3 হলে, অপর সংখ্যা কত?

(a) 10 (b) 11 (c) 12 (d) 14

87. দু'টি সংখ্যার অনুপাত 4 : 5, তাদের গ.সা.গু. 7 হলে সংখ্যাদু'টির সমষ্টি কত?

(a) 36 (b) 45 (c) 60 (d) 63

88. এক দোকানদার 12 দিনে 504 টাকা আয় করলেন। প্রথম 4 দিনের গড় আয় 40 টাকা হলে, বাকি দিনগুলির গড় আয় কত?

(a) 43 টাকা (b) 45 টাকা (c) 48 টাকা (d) 50 টাকা

89. একটি 80 টাকা দামের টুপির দাম 25% কমে গেল। এখন টুপির দাম কত?

(a) 72 টাকা (b) 75 টাকা (c) 78 টাকা (d) 80 টাকা

90. সরষে তেলের দাম 10% বাড়লে কোনও ব্যক্তিকে তার খরচ সমান রাখার জন্য কী হারে ব্যবহার কমাতে হবে?

(a) 10% (b) 11% (c) $9\frac{1}{11}$ % (d) 8%

91. কোনও ব্যক্তি একটি জিনিস 3432 টাকায় বিক্রি করলে ক্রয়মূল্যের ওপর 10% লাভ হয়। সেটি কত টাকায় বিক্রি করলে 20% লাভ হবে?

(a) 3554 টাকা (b) 3664 টাকা (c) 3800 টাকা (d) 3744 টাকা

92. বই 40 টাকায় বিক্রি করলে 20% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে 40% লাভ হবে?

(a) 70 (b) 60 (c) 50 (d) 40

93. কোনও একটি সামগ্রীর ক্রয়মূল্য বাজার দরের 80% এতে কত শতাংশ লাভ বা ক্ষতি হবে?

(a) 25% ক্ষতি (b) 25% লাভ (c) 8% লাভ (d) 8% ক্ষতি

94. কোনও মূলধনের $\frac{1}{6}$ অংশ বার্ষিক সুদ হলে শতকরা সুদের হার হবে:

(a) $10\frac{2}{3}$ % (b) $16\frac{2}{4}$ % (c) $16\frac{2}{3}$ % (d) $9\frac{2}{3}$ %

95. 5 বছরে সুদ ও আসলের অনুপাত 3 : 10 হলে সুদের হার কত?

(a) 4% (b) 5% (c) 8% (d) 6%

96. 15 জনের গড় বয়স 29 বছর। তাদের মধ্যে দু'জনের গড় বয়স 55 বছর। তাহলে বাকি 13 জনের গড় বয়স কত?

(a) 25 বছর (b) 26 বছর (c) 27 বছর (d) 28 বছর

97. রিম্পা ইংরেজি ও গণিতে গড়ে 60 নম্বর, গণিত ও কম্পিউটারে গড়ে 70 নম্বর, কম্পিউটার ও ইংরেজিতে গড়ে 80 নম্বর পেয়েছে। তিনটি বিষয়ের প্রাপ্ত নম্বরের গড় কত?

(a) 60 (b) 70 (c) 65 (d) 75

98. 15টি সংখ্যার গড় 8, প্রথম 8টির গড় 6.8 এবং শেষ 8টির গড় 9.5 হলে, মধ্যের সংখ্যাটি কত?

(a) 10 (b) 10.2 (c) 10.4 (d) 10.6

99. $\frac{180 \times 15 - 12 \times 20}{140 \times 8 + 2 \times 55} = ?$

(a) $\frac{1}{7}$ (b) $\frac{4}{5}$ (c) 2 (d) 4

100. $18 - [5 - \{6 + 2(7 - \overline{8 - 5})\}] = ?$

(a) 13 (b) 15 (c) 27 (d) 32

#### উত্তর

1(d), 2(b), 3(b), 4(c), 5(a), 6(b), 7(c), 8(a), 9(a), 10(b), 11(a), 12(c), 13(a), 14(b), 15(c), 16(b), 17(d), 18(d), 19(b), 20(c), 21(c), 22(d), 23(a), 24(c), 25(b), 26(d), 27(a), 28(d), 29(a), 30(a), 31(d), 32(b), 33(c), 34(a), 35(c), 36(d), 37(c), 38(b), 39(b), 40(c), 41(d), 42(a), 43(b), 44(b), 45(b), 46(d), 47(d), 48(b), 49(a), 50(a), 51(a), 52(c), 53(d), 54(c), 55(d), 56(a), 57(a), 58(d), 59(a), 60(c), 61(b), 62(a), 63(c), 64(a), 65(b), 66(b), 67(b), 68(a), 69(c), 70(b), 71(c), 72(d), 73(a), 74(b), 75(d), 76(b), 77(b), 78(c), 79(c), 80(a), 81(b), 82(c), 83(d), 84(a), 85(b), 86(c), 87(d), 88(a), 89(b), 90(c), 91(d), 92(a), 93(b), 94(c), 95(d), 96(a), 97(b), 98(c), 99(c), 100(c).

#### সমাধান

76(b): $0.34\dot{6}\dot{7} = 0.346767$ এবং $0.1\dot{3}\dot{3} = 0.133333$

এদের যোগফল $= 0.480100 = 0.480\dot{1}$

77(b): 0.8754 সংখ্যাটিতে 5-এর স্থানীয় মান = 0.005.

78(c): 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা = 99999

একে 89 দ্বারা ভাগ করলে 52 অবশিষ্ট থাকে

∴ নির্ণেয় সংখ্যা = (99999 − 52) = 99947.

79(c): নির্ণেয় গুণফল = (যোগফল + বিয়োগফল) (যোগফল − বিয়োগফল) ÷ 4 $= (38 + 4)(38 - 4) \div 4 = (42 \times 34) \div 4 = 357$.

80(a): নির্ণেয় ভগ্নাংশ $= \sqrt{\frac{1024}{5625}} = \frac{32}{75}$.

81(b): 2.25 হেক্টর = 2.25 × 10000 বর্গমিটার = 22500 বর্গমিটার

∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 22500 বর্গমিটার

∴ বাহুর দৈর্ঘ্য $= \sqrt{22500}$ মিটার = 150 মিটার।

82(c): $\sqrt{0.32 \times 0.02} = \sqrt{0.0064} = 0.08$.

83(d): যেহেতু কোনও সংখ্যাকে সেই সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল সংখ্যাটির বর্গ হয়, সেহেতু সংখ্যাটির বর্গ = 0.000576

∴ নির্ণেয় দশমিক সংখ্যাটি $= \sqrt{0.000576} = 0.024$.

84(a): 1 মাইল = 1.609 কিমি

∴ 1 কিমি $= \frac{1}{1.609}$ মাইল = 0.622 মাইল।

85(b): $144 = 2 \times 2 \times 2 \times 2 \times 3 \times 3$

$12 = 2 \times 2 \times 3$

∴ 144 এবং 12-এর গ.সা.গু. = 12 এবং ল.সা.গু. = 144.

86(c): সংখ্যা দু'টির গুণফল = 12 × 3 = 36

অপর সংখ্যা $= \frac{36}{3} = 12$.

87(d): দু'টি সংখ্যার সমষ্টি = সংখ্যাদু'টির অনুপাতের পদগুলির সমষ্টি × গ.সা.গু. $= (4 + 5) \times 7 = 63$.

88(a): প্রথম চারদিনের মোট আয় (40 × 4) = 160 টাকা

শেষ আটদিনের মোট আয় (504 − 160) টাকা = 344 টাকা

∴ শেষ 8 দিনের গড় আয় = 344 ÷ 8 = 43 টাকা।

*এরপর বারোর পাতায়*

## রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

28. 'VSAT' বলতে বোঝায়:

(a) Virtual Satellite (b) Very Small Aperture Terminal (c) Vertical Satellite (d) Very Small Applitude Terminal

29. The 'Hubble Telescope' is:

(a) the name of a book (b) an observatory in UK (c) placed in orbit round the earth for cosmic observation (d) Used in space crafts

30. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?

(a) 3,84,000 কিমি (b) 3,95,000 কিমি (c) 4,05,000 কিমি (d) 4,20,000 কিমি

31. 'বিগ ব্যাং' তত্ত্বের ব্যাখ্যা উপস্থাপনা করেন কে?

(a) জি লেমেটার (b) স্টিফেন হকিং (c) এডুইন হাবল (d) নিউটন

32. রক্তাল্পতা রোগের জন্য দায়ী খনিজটি হল:

(a) জিঙ্ক (b) আয়রন (c) পটাশিয়াম (d) ম্যাগনেশিয়াম

33. থিয়ামিনের অভাবজনিত রোগ হল:

(a) গ্লসাইটিস (Glossitis) (b) পারনিসিয়াস অ্যানিমিয়া (Pernicious anaemia) (c) স্টোমাটাইটিস (Stomatitis) (d) বেরিবেরি (Beriberi)

34. অ্যারোমেটিক অ্যামাইনো অ্যাসিড কোনটি?

(a) গ্লাইসিন (b) লাইসিন (c) ফিনাইলঅ্যালানিন (d) সিরিন

35. নীচের কোনটি মনোস্যাকারাইড?

(a) গ্লুকোজ (b) সুক্রোজ (c) মলটোজ (d) ল্যাকটোজ

36. গ্লুকোজের মূল সংকেত:

(a) CHO (b) $C_6H_{12}O_6$ (c) $C_2H_2O_3$ (d) $C_2HO$

37. মিতক্ষরা গ্রন্থের লেখক কে?

(a) শূদ্রক (b) বিজ্ঞানেশ্বর (c) হলায়ুধ (d) রাজশেখর

38. নাগসেন প্রদত্ত উত্তর পালি ভাষায় রচিত গ্রন্থ ছিল:

(a) মিলিন্দ পনহো (b) মালবিকাগ্নিমিত্রম (c) শত-সহস্রিকা (d) কীর্তিকৌমুদি

39. কদর্মক বংশের নরপতি ছিলেন:

(a) তোরমান (b) অজিলিস (c) অগ্নিমিত্র (d) রুদ্রদামন

40. মিনান্দারের রাজধানী ছিল:

(a) উজ্জয়িনী (b) শিয়ালকোট (c) নাসিক (d) কাথিয়াওয়াড়

41. কণিষ্কের রাজসভায় বিখ্যাত বিজ্ঞানী ছিলেন:

(a) নাগার্জুন (b) চরক (c) গৌড়পাদ (d) ঈশ্বরদর্শন

42. জাকির হোসেন কমিটি কোথায় 'বয়স্ক শিক্ষা বোর্ড' গঠন করেন?

(a) মুম্বই (b) বিহার (c) উত্তরপ্রদেশ (d) রাজস্থান

43. ভারতীয় প্ল্যানিং কমিশনের প্রথম কার্যকরী ডেপুটি চেয়ারপার্সন ছিলেন:

(a) চক্রবর্তী রাজা গোপালাচারী (b) জওহরলাল নেহরু (c) ভি টি কৃষ্ণমাচারী (d) ডঃ রাজেন্দ্রপ্রসাদ

44. লাভাগঠিত সমভূমির দৃষ্টান্ত হল:

(a) আফ্রিকার চাদ সমভূমি (b) ভারতের গুজরাটের দক্ষিণ অংশে মালব অঞ্চল (c) উত্তর আমেরিকার প্রেইরি অঞ্চল (d) উত্তর-পশ্চিম ইউরোপের নরওয়ে উপকূল

45. কোন যন্ত্রের সাহায্যে ভূমিকম্প তরঙ্গের গতিবিধি এবং ভূমিকম্পের উৎস নির্ণয় করা হয়?

(a) রিখটার স্কেল (b) সিসমোগ্রাফ (c) ব্যারোমিটার (d) a এবং b উভয়ই

46. পশ্চিমে ভারতের লুনি কী নদী?

(a) অনিত্যবাহী নদী (b) নিত্যবাহী নদী (c) a এবং b দু'টোই (d) দোয়াব

47. ভারতের কোন টেলিকম সংস্থা নিজেরাই ক্রিপটোকারেন্সি চালু করল?

(a) আইডিয়া (b) টাটা ডোকোমো (c) রিলায়েন্স জিও (d) ভোডাফোন

48. সম্প্রতি 'জনকভি পি সাওয়ালারাম' সম্মানে কে ভূষিত হলেন?

(a) বিশ্বাস পাতিল (b) মিনাক্ষী সিন্ডে (c) সুধীর দলভি (d) জয়শ্রী টি

49. সম্প্রতি চতুর্থ ধর্ম-ধম্মা সম্মেলন ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হল?

(a) মধ্যপ্রদেশ (b) অসম (c) মহারাষ্ট্র (d) বিহার

50. সম্প্রতি সুপ্রিম কোর্টে মহিলা বিচারপতি হিসেবে নিযুক্ত হলেন কে?

(a) মিনাক্ষী অরোরা (b) রোমা জোসেফ (c) ইন্দু মালহোত্রা (d) সুধা মিশ্র

51. একটি হস্টেলে 30 জন ছাত্র ছিল। আরও 5 জন ছাত্র যোগ দিলে হস্টেল খরচ 40 টাকা বাড়বে কিন্তু মাথাপিছু খরচ 2 টাকা করে কমলে ওই হস্টেলের আসল খরচ কত ছিল?

(a) 900 টাকা (b) 750 টাকা (c) 660 টাকা (d) 690 টাকা

52. 60টি আপেল বিক্রি করে এক দোকানদার 15টি আপেলের বিক্রয়মূল্য লাভ করেন। তাঁর শতকরা কত লাভ হয়?

(a) 25% (b) $33\frac{1}{3}$ % (c) 20% (d) $28\frac{4}{7}$ %

53. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের 6 গুণ। 4 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের 4 গুণ হবে। বর্তমানে পিতা ও পুত্রের বয়স কত?

(a) পুত্রের বয়স 10 বছর ও পিতার বয়স 40 বছর (b) পুত্রের বয়স 6 বছর ও পিতার বয়স 36 বছর (c) পুত্রের বয়স 12 বছর ও পিতার বয়স 45 বছর (d) পুত্রের বয়স 16 বছর ও পিতার বয়স 48 বছর

54. $\frac{(2.3)^3 + .027}{(2.3)^2 - 69 + .09} = ?$

(a) 2.6 (b) 2 (c) 2.33 (d) 2.27

55. একটি খেলনার ওপর 20% ছাড় দিতে চাইলে দোকানদারকে খেলনাটি 300 টাকায় বিক্রি করতে হবে। যদি সে খেলনাটি 405 টাকায় বিক্রয় করে, তবে শতকরা লাভ বা ক্ষতি নির্ণয় করুন।

*এরপর বারোর পাতায়*

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

(a) 8% লাভ (b) 10% লাভ (c) 9% ক্ষতি (d) 18% ক্ষতি

56. এক ধরনের পিতলে তামা ও দস্তার অনুপাত 5 : 3, এরকম 24 কিলোগ্রাম পিতলে 3 কিলোগ্রাম তামা মেশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?

(a) 1 : 2 (b) 1 : 1 (c) 2 : 1 (d) 2 : 3

57. একটি নির্দিষ্ট কাজ করার জন্য একজন লোককে 20 দিন সময় নির্ধারিত করে দেওয়া হয়। কিন্তু 12 জন লোক কাজ না করায় অবশিষ্ট কাজটি 32 দিনে শেষ হয়। প্রথমে দলটিতে কতজন লোক ছিল?

(a) 40 জন (b) 11 জন (c) 30 জন (d) 32 জন

58. কোনও একটি পরিবার 3 বছর পূর্বে বিদ্যুৎ অপচয় বন্ধ করতে ইলেকট্রিক বিলের খরচ পূর্ববর্তী বছরের তুলনায় 5% হ্রাস করার পরিকল্পনা গ্রহণ করে। 3 বছর পূর্বে ওই পরিবারকে বছরে 4000 টাকা ইলেকট্রিক বিল দিতে হয়েছিল। বর্তমান বছরে বিদ্যুৎ খরচ কত হবে?

(a) 3409.50 টাকা (b) 3029.50 টাকা (c) 4429.50 টাকা (d) 3429.50 টাকা

59. এক রাজমিস্ত্রী 7 : 1 হারে বালি ও সিমেন্ট মিশিয়ে গাঁথুনি মশলা তৈরি করেছিলেন। গাঁথুনির কাজ শেষ হয়ে গেলে দেখা গেল এখনও 72 কিলোগ্রাম মশলা রয়ে গেছে। তখন তিনি ওতে আরও কিছু সিমেন্ট মিশিয়ে 6 : 1 হারে মশলা তৈরি করে তা দিয়ে প্লাস্টার করলেন। তিনি পরে কত কিলোগ্রাম সিমেন্ট মিশিয়ে ছিলেন?

(a) 2.5 কিলোগ্রাম (b) 3 কিলোগ্রাম (c) 1 কিলোগ্রাম (d) 1.5 কিলোগ্রাম

60. এক ব্যক্তি 1 টাকায় 6 পয়সা আয়কর দেন। আয়কর দেওয়ার পর তাঁর কাছে 4794 টাকা থাকলে তাঁর মোট বেতন কত টাকা?

(a) 5200 (b) 5100 (c) 4800 (d) 5000

61. দু'টি নাইট্রিক অ্যাসিডের দ্রবণে অ্যাসিডের পরিমাণ যথাক্রমে 90% ও 70%। দু'টি লঘু অ্যাসিড কী অনুপাতে মেশালে নতুন মিশ্রণে অ্যাসিডের পরিমাণ 75% হবে?

(a) 1 : 3 (b) 4 : 7 (c) 3 : 6 (d) 1 : 7

62. বিশেষ এক গুণমানের 49 কিলোগ্রাম চা-তে অসম চা ও দার্জিলিং চা-এর অনুপাত 5 : 2, ওই চায়ে আর কত দার্জিলিং চা-মিশালে অসম চা ও দার্জিলিং চা-এর অনুপাত 2 : 1 হবে?

(a) 3.5 কিলোগ্রাম (b) 2.5 কিলোগ্রাম (c) 3.0 কিলোগ্রাম (d) 4.5 কিলোগ্রাম

63. 2 জন পুরুষ ও 3 জন বালক একটি কাজ 6 দিনে শেষ করে। কিন্তু 3 জন পুরুষ ও 2 জন বালক ওই কাজটিই 4 দিনে করতে পারে। একজন পুরুষ ও একজন বালক কাজটি কতদিনে করতে পারবে?

(a) 20 দিনে (b) 9 দিনে (c) 12 দিনে (d) 10 দিনে

64. কোনও মূলধন থেকে 5 বছরে 520 টাকা এবং 7 বছরে 568 টাকা সবৃদ্ধিমূল হলে, মূলধন কত?

(a) 300 টাকা (b) 100 টাকা (c) 500 টাকা (d) 400 টাকা

65. এক ব্যক্তি স্থির জলে ঘণ্টায় 5 কিমি নৌকা বেয়ে যান। স্রোতের অনুকূলে 40 কিমি যেতে তার যে সময় লাগে স্রোতের প্রতিকূলে 40 কিমি যেতে তার 3 গুণ সময় লাগে, স্রোতের গতিবেগ কত?

(a) $3\frac{1}{2}$ কিমি (b) $3\frac{2}{3}$ কিমি (c) $3\frac{1}{3}$ কিমি (d) $2\frac{1}{2}$ কিমি

66. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 55 বছর। 16 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

(a) পিতার বর্তমান বয়স 40 বছর, পুত্রের বর্তমান বয়স 10 বছর (b) পিতার বর্তমান বয়স 39 বছর, পুত্রের বর্তমান বয়স 13 বছর (c) পিতার বর্তমান বয়স 42 বছর, পুত্রের বর্তমান বয়স 13 বছর (d) পিতার বর্তমান বয়স 38 বছর, পুত্রের বর্তমান বয়স 19 বছর

67. তিন অঙ্কবিশিষ্ট এমন একটি সংখ্যা নির্ণয় করতে হবে যার অঙ্কগুলি বিপরীতক্রমে বসালে সংখ্যাটি একই থাকে, এবং যার অঙ্কগুলির যোগফল 16 এবং একক ও দশক স্থানের অঙ্কগুলির অন্তরফল 2।

(a) 553 (b) 554 (c) 645 (d) 646

68. একই সময়ে একটি ট্রেন কলকাতা থেকে মধুপুর অভিমুখে এবং অন্য একটি ট্রেন মধুপুর থেকে কলকাতা অভিমুখে রওনা হয়। উভয় ট্রেনের সাক্ষাৎ হওয়ার 1 ঘণ্টা ও 4 ঘণ্টা পরে ট্রেনদু'টি যথাক্রমে মধুপুর ও কলকাতা পৌঁছল। প্রমাণ করুন যে, একটি ট্রেনের গতিবেগ অন্য ট্রেনের গতিবেগের দ্বিগুণ।

(a) x = 2y (b) x = 3y (c) y = 2x (d) y = 3x

69. অরুণ 15000 টাকা ব্যাঙ্কে জমা রাখল। ব্যাঙ্ক বার্ষিক 12% হারে, 3 মাস অন্তর চক্রবৃদ্ধি সুদ দিলে 9 মাস পর সে কত টাকা পাবে?

(a) 15390.91 (b) 17390.91 (c) 11390.91 (d) 16390.91

70. এক ব্যক্তি স্থিরজলে ঘণ্টায় 5 কিমি নৌকা বেয়ে যায়। স্রোতের অনুকূলে 40 কিমি যেতে তাঁর যে সময় লাগে, স্রোতের প্রতিকূলে 40 কিমি যেতে তার 3 গুণ সময় লাগে। স্রোতের গতিবেগ নির্ণয় করুন।

(a) $3\frac{1}{2}$ কিমি/ঘণ্টা (b) $1\frac{1}{2}$ কিমি/ঘণ্টা (c) $2\frac{1}{2}$ কিমি/ঘণ্টা (d) $5\frac{1}{2}$ কিমি/ঘণ্টা

71. একটি দ্রব্য 22 টাকা 50 পয়সায় বিক্রি করায় শতকরা 10 টাকা ক্ষতি হল; কত মূল্যে ওটি বিক্রি করলে 10% লাভ হত?

(a) 26.40 টাকা (b) 27.50 টাকা (c) 21.50 টাকা (d) 22.50 টাকা

72. দ্রব্যমূল্য $12\frac{1}{2}$ % হ্রাস হওয়ার জন্য এক ব্যক্তি টাকায় 4টি দ্রব্য বেশি ক্রয় করতে সক্ষম হলেন। পরিবর্তিত (হ্রাসপ্রাপ্ত) মূল্যে তিনি ক'টি দ্রব্য ক্রয় করতে পারবেন?

(a) 31 (b) 32 (c) 33 (d) 34

73. 3 থেকে শুরু করে পর পর পাঁচটি বিজোড় সংখ্যার গড় কত হবে?

(a) 5 (b) 7 (c) 9 (d) 11

74. এক চা ব্যবসায়ী 240 টাকা কিলোগ্রাম দরে দার্জিলিং চা-এর সঙ্গে 160 টাকা কিলোগ্রাম দরে অসম চা ব্লেন্ড করে 200 টাকা কিলোগ্রাম দরে ওই মিশ্রিত চা বিক্রি করে বিক্রীত মূল্যের ওপর 10% লাভ করেন। কী অনুপাতে ওই দুইপ্রকার চা মেশানো হয়েছিল?

(a) 1 : 1 (b) 1 : 2 (c) 1 : 3 (d) 2 : 3

75. $\frac{3.25\times3.25+1.75\times1.75-2\times3.25\times1.75}{3.25\times3.25-1.75\times1.75}$

(a) 0.5 (b) .05 (c) 0.3 (d) 0.2

76. 750 টাকা 5 বছর 6 মাসে সুদে-মূলে 997 টাকা 50 পয়সা হলে বার্ষিক শতকরা সুদ কত?

(a) 6% (b) 6.5% (c) 5% (d) 7%

77. একটি দ্রব্য বিক্রয় করে 8% লাভ হয়েছে। কিন্তু, ওই দ্রব্যটি যদি 27 টাকা কম দামে বিক্রয় করা হয় তবে 10% ক্ষতি হবে, দ্রব্যটির ক্রয়মূল্য কত?

(a) 180 টাকা (b) 150 টাকা (c) 170 টাকা (d) 190 টাকা

78. 10 বছর আগে A-এর বয়স B-এর বয়সের অর্ধেক ছিল। তাদের বর্তমান বয়সের অনুপাত যদি 3 : 4 হয়, তবে তাদের বর্তমান বয়সের সমষ্টি কত?

(a) 8 বছর (b) 20 বছর (c) 35 বছর (d) 25 বছর

79. আমি আমার পুত্রের চেয়ে তিনগুণ বড়, 15 বছর পর আমি আমার পুত্রের বয়সের দ্বিগুণ হলে আমাদের বয়সের যোগফল কত?

(a) 48 বছর (b) 60 বছর (c) 64 বছর (d) 72 বছর

80. $\sqrt{8+\sqrt{57+\sqrt{38+\sqrt{108+\sqrt{169}}}}} = ?$

(a) 4 (b) 6 (c) 8 (d) 10

81. Mechanic : Spanner : : Carpenter : ?

(a) Tree (b) Wood (c) Saw (d) Furniture

82. BD5, CE6, DF8, EG11, FH15, ?

(a) GI20 (b) HI19 (c) GH20 (d) None of these

83. DASH is codded as 32. How will DANCE be codded?

(a) 26 (b) 27 (c) 25 (d) 20 (e) 23

84. Lungs are related to Oxygen in the same way as heart is related to:

(a) Love (b) Artery (c) Feelings (d) Blood

85. Wood is related to polish as iron is related to:

(a) MAGNETISE (b) RUST (c) GALVANISATION (d) INDUSTRY

86. EJO : 51015 : YTG : ?

(a) 25207 (b) 20722 (c) None of these (d) 252010

**Direction (87 and 88):** *In each question given below four of the following five are alike in a certain way and so form a group, which one does not belong to that group?*

87. (a) July (b) April (c) November (d) June (e) September

88. (a) Earth (b) Saturn (c) Pluto (d) Mars (e) Moon

**Direction (89 and 90):** *Select one word among the alternatives that cannot be formedf by using the alphabets of given word.*

89. UNCONSCIOUS

(a) SUN (b) NOSE (c) SON (d) COIN (e) UNION

90. THERMOLSIS

(a) MOLEST (b) STORMY (c) LOTUS (d) RESIST

91. If E = 5, HOTEL = 153600 then CAR = ?

(a) 55 (b) 54 (c) 65 (d) 51

92. In a certain code '135' means 'she is girl', '138' means girl is beautiful, '539' means 'she is singing' then what is the meaning of 'girl is singing'?

(a) 538 (b) 138 (c) 315 (d) 193

93. 6, 16, 40, 92, 200, 420, _____

(a) 842 (b) 846 (c) 865 (d) 864

94.




(a) 57 (b) 53 (c) 51 (d) 49

95.




(a) 5 (b) 7 (c) 9 (d) 12

96. If Fight stands for 74352, then Fit stands for:

(a) 472 (b) 274 (c) 247 (d) 742

97.




(a) 147 (b) 30 (c) 28 (d) 150

98. If B × Y = 50, F × R = 108, then L × ? = 252.

(a) U (b) V (c) W (d) X

99. $B^C = 8$, $O^B = 225$ then $E^D = ?$

(a) 125 (b) 225 (c) 525 (d) 625

100. 3 * 7 = 58, 6 = 61, 3 * 2 = 13 then 5 * 4 = ?

(a) 39 (b) 41 (c) 81 (d) 90

**উত্তর**

1(b), 2(b), 3(d), 4(b), 5(c), 6(a), 7(a), 8(a), 9(d), 10(d), 11(d), 12(d), 13(b), 14(c), 15(c), 16(a), 17(a), 18(b), 19(c), 20(d), 21(c), 22(c), 23(a), 24(c), 25(b), 26(d), 27(a), 28(b), 29(c), 30(a), 31(b), 32(b), 33(d), 34(c), 35(a), 36(b), 37(b), 38(a), 39(d), 40(b), 41(a), 42(a), 43(c), 44(b), 45(b), 46(a), 47(c), 48(c), 49(d), 50(c), 51(c), 52(b), 53(b), 54(a), 55(a), 56(c), 57(d), 58(d), 59(d), 60(b), 61(a), 62(a), 63(c), 64(d), 65(d), 66(c), 67(d), 68(a), 69(d), 70(c), 71(b), 72(b), 73(b), 74(c), 75(c), 76(a), 77(b), 78(c), 79(b), 80(a), 81(c), 82(a), 83(b), 84(d), 85(c), 86(a), 87(a), 88(e), 89(b), 90(c), 91(b), 92(b), 93(d), 94(a), 95(a), 96(d), 97(b), 98(a), 99(d), 100(b).

**সমাধান**

51(c): মনে করি, হস্টেলের গড় খরচ = x টাকা

∴ মোট খরচ = 30x টাকা

5 জন ছাত্র যোগ দিলে মোট খরচ = (30x + 40) টাকা

গড় খরচ = $\frac{30x+40}{30+5} = \frac{30x+40}{35} = \frac{6x+8}{7}$

প্রশ্নানুসারে, $\frac{6x+8}{7} = x - 2$

or, 6x + 8 = 7x − 14 or, 6x − 7x = − 4 − 8 or, − x = − 22

or, x = 22

∴ মোট খরচ = (30 × 22) = 660 টাকা।

52(b): মনে করি, 60টি আপেলের বিক্রয়মূল্য 60 টাকা

যেহেতু 15টি আপেলের বিক্রয়মূল্য লাভ হয় তাই 60টি আপেলের ক্রয়মূল্য (60 − 15) = 45 টাকা

তাহলে লাভের হার $\left(\frac{15\times100}{45}\right) = 33\frac{1}{3}$ %.

53(b): মনে করি, বর্তমানে পুত্রের বয়স = x বছর

সুতরাং, বর্তমানে পিতার বয়স = 6x বছর

*এরপর তেরোর পাতায়*

## রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

89(b): 25% দাম বেড়ে গেলে দাম হবে = $80 \times \frac{125}{100}$ টাকা = 100 টাকা

আবার 25% কমে গেলে হবে $100 \times \frac{75}{100} = 75$ টাকা।

90(c): $\frac{a}{100+a} \times 100\% = \frac{10}{110} \times 100\% = \frac{100}{11}\% = 9\frac{1}{11}\%$

91(d): ক্রয়মূল্যের 110% = 3432 টাকা

ক্রয়মূল্যের 120% = $\frac{3432}{110} \times 120$ টাকা = 3744 টাকা।

92(a): ক্রয়মূল্যের 80% = 40 টাকা

ক্রয়মূল্যের 140% = $\frac{40}{80} \times 140 = 70$ টাকা।

93(b): বাজারদর 100 টাকা হলে ক্রয়মূল্য = 80 টাকা

অর্থাৎ 80 টাকায় লাভ হয় 20 টাকা

∴ 100 টাকায় লাভ হয় $\frac{20\times100}{80}$ টাকা = 25%.

94(c): মূলধন = P টাকা, সুদ (I) = $P \times \frac{1}{6}$ টাকা, T = 1 বছর

∴ শতকরা সুদের হার = $\frac{100\times I}{P\times T}\% = \frac{100\times\frac{P}{6}}{P\times1} = \frac{100}{6}\% = \frac{50}{3}\%$

$= 16\frac{2}{3}\%$.

95(d): ধরি, সুদ ও আসলের অনুপাত 3 : 10 হলে সুদের হার হয়

সুদ = 3x টাকা এবং আসল = 10x টাকা

∴ নির্ণেয় সুদের হার = $\frac{100\times \text{সুদ}}{\text{আসল}\times\text{সময়}}\% = \frac{100\times3x}{10x\times5}\% = 6\%$.

96(a): 15 জনের মোট বয়স = 15 × 29 বছর = 435 বছর

2 জনের বয়স = (2 × 55) = 110 বছর

13 জনের বয়স = (435 − 110) = 325 বছর

গড় বয়স = $\frac{325}{13} = 25$ বছর।

97(b): তিন বিষয়ে মোট প্রাপ্ত নম্বর = $\frac{60\times2+70\times2+80\times2}{2} = 210$ নম্বর

∴ গড় নম্বর = $\frac{210}{3} = 70$ নম্বর।

98(c): মধ্যের সংখ্যাটি হবে [{(6.8 × 8) + (9.5 × 8) − (15 × 8)]

= (54.4 + 70.0 − 120) = 130.4 − 120 = 10.4.

99(c): $\frac{180\times15-12\times20}{140\times8+2\times55} = \frac{2700-240}{1120+110} = \frac{2460}{1230} = 2$.

100(c): $18 - [5 - \{6 + 2(7 - \overline{8-5})\}]$

= 18 − [5 − {6 + 2 (7 − 3)}] = 18 − [5 − {6 + 8}]

= 18 − 5 − 14] = 18 + 9 = 27.

*প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা*

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে

# ১৫২৭ সাব-ইনস্পেক্টর

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

প্রশ্নানুসারে, $6x + 4 = 4(x + 4)$
or, $6x + 4 = 4x + 16$ or, $6x - 4x = 16 - 4$
or, $2x = 12$ or, $x = \frac{12}{2} = 6$
∴ বর্তমানে পুত্রের বয়স 6 বছর, তাহলে পিতার বয়স $= 6 \times 6 = 36$ বছর।

54(a): $\frac{(2.3)^3 + .027}{(2.3)^2 - 69 + 0.9} = \frac{(2.3)^3 + (.3)^3}{(2.3)^2 - 2.3 \times .3 + (.3)^2}$
$\frac{(2.3 + .3)(2.3^2 - 2.3 \times .3 + .3^2)}{(2.3^2 - 2.3 \times .3 + .3^2)} = 2.6.$

55(a): নির্ধারিত মূল্য $= \left(300 \times \frac{100}{80}\right) = 375$ টাকা
যেহেতু, 20% ছাড় দেওয়া হয়েছিল তাই হিসাব নির্ণায়ক সংখ্যাগুলি হবে 100 এবং $(100 - 20) = 80$
অতএব লাভ $= \left(\frac{\text{বিক্রয়মূল্য} - \text{ধার্যমূল্য}}{\text{ধার্যমূল্য}} \times 100\right)$
$= \left(\frac{405 - 375}{375} \times 100\right)\% = 8\%$

56(c): তামা ও দস্তার অনুপাত $= 5 : 3$, $(5 + 3) = 8$
∴ 24 কিলোগ্রাম তামা আছে $\frac{5}{8} \times 24 = 15$ কিলোগ্রাম এবং দস্তা আছে $= \left(\frac{3}{8} \times 24\right) = 9$ কিলোগ্রাম
ওই পিতলে 3 কিলোগ্রাম তামা মেশালে নতুন মিশ্রণে তামার পরিমাণ হল $(15 + 3) = 18$ কিলোগ্রাম
∴ নতুন মিশ্রণে তামা : দস্তা $18 : 9 = 2 : 1$.

57(d): মনে করি, প্রকৃতপক্ষে x জন লোক ছিল
প্রশ্নানুসারে, x জন লোক 1 অংশ কাজ করে = 20 দিনে
অতএব, 1 জন লোক 1 অংশ কাজ করে = 20x দিনে
অতএব, $(x - 12)$ জন লোক 1 অংশ কাজ করে $\frac{20x}{x+12}$ দিনে
অতএব, শর্তানুসারে, লেখা যায় $\frac{20x}{x-12} = 32$
or, $20x = 32x - 384$ or, $12x = 384$ or, $x = 32$
অতএব, প্রকৃতপক্ষে 32 জন লোক দলটিতে ছিল।

58(d): বর্তমান বৈদ্যুতিক বিল হ্রাস পাবে গত বছরের তুলনায় 5% করে
তিন বছর আগে বিল আসত 4000 টাকা
∴ এখন বিল আসবে $\left(4000 \times \frac{95}{100} \times \frac{95}{100} \times \frac{95}{100}\right) = 3429.50$ টাকার।

59(d): বালি : সিমেন্ট $= 7 : 1$
72 কিলোগ্রাম মশলাতে, বালি আছে $= \frac{7}{8} \times 72 = 63$ কিলোগ্রাম
∴ সিমেন্ট আছে $\frac{1}{8} \times 72 = 9$ কিলোগ্রাম
মনে করি x কিলোগ্রাম সিমেন্ট মেশানো হয়েছে
∴ সিমেন্টের পরিমাণ হল $= (9 + x)$ কিলোগ্রাম এবং বালির পরিমাণ হল = 63 কিলোগ্রাম ∴ প্রশ্নানুসারে, $\frac{63}{9+x} = 6$
or, $6x = 63 - 54$, or, $6x = 9$, or, $x = \frac{9}{6}$, or, $x = \frac{3}{2} = 1.5$
∴ 1.5 কিলোগ্রাম সিমেন্ট মেশানো হয়েছিল।

60(b): আয়কর দেওয়ার পরে, 0.94 টাকা বাকি থাকে যখন মোট বেতন 1 টাকা
তাহলে 4794 টাকা বাকি থাকে যখন মোট বেতন $\left(\frac{4794}{0.94}\right) = 5100$ টাকা।

61(a): মনে করি, প্রথম দ্রবণের x লিটারের সঙ্গে দ্বিতীয় দ্রবণের y লিটার মেশাতে হবে
প্রশ্নানুসারে, $x \times \frac{90}{100} + y \times \frac{70}{100} = (x + y) \times \frac{75}{100}$
or, $\frac{90x + 70y}{100} = \frac{75(x + y)}{100}$ or, $90x + 70y = 75x + 75y$
or, $15x = 5y$ or, $\frac{x}{y} = \frac{5}{15}$ ∴ $x : y = 1 : 3$
∴ নির্ণেয় অনুপাত $= 1 : 3$.

62(a): অসম চা : দার্জিলিং চা $= 5 : 2$
49 কিলোগ্রাম মিশ্রণে অসম চায়ের পরিমাণ $\frac{5}{7} \times 49 = 35$ কিলোগ্রাম
দার্জিলিং চায়ের পরিমাণ $\frac{2}{7} \times 49 = 14$ কিলোগ্রাম
মনে করি, x কিলোগ্রাম দার্জিলিং চা মেশালে অসম চা ও দার্জিলিং চায়ের অনুপাত 2 : 1 হবে
প্রশ্নানুসারে, $\frac{35}{14+x} = \frac{2}{1}$ or, $35 = 28 + 2x$ or, $7 = 2x$
∴ $x = \frac{7}{2} = 3\frac{1}{2}$
সুতরাং, 3.5 কিলোগ্রাম দার্জিলিং চা মেশাতে হবে।

63(c): (1 জন পুরুষ + 1 জন বালক) একত্রে 1 দিনে করে $= \left(\frac{1}{6} + \frac{1}{4}\right) = \frac{5}{12}$ অংশ কাজ
বা, (1 জন পুরুষ + 1 জন বালক) একত্রে 1 দিনে করে $= \frac{5}{12 \times 5} = \frac{1}{12}$ অংশ কাজ।
অতএব, 1 জন পুরুষ ও 1 জন বালক একত্রে সম্পূর্ণ কাজটি 12 দিনে শেষ করবে।

64(d): সবৃদ্ধিমূল = আসল + সুদ
∴ এখানে আসল + 7 বছরের সুদ = 568 টাকা
আবার, আসল + 5 বছরের সুদ = 520 টাকা
∴ (বিয়োগ করে) 2 বছরের সুদ = 48 টাকা
1 বছরের সুদ = 24 টাকা
5 বছরের সুদ $= 24 \times 5 = 120$ টাকা
∴ নির্ণেয় মূলধন (আসল) = 5 বছরের সবৃদ্ধিমূল − 5 বছরের সুদ $= 520 - 120 = 400$ টাকা।

65(d): মনে করি, স্রোতের গতি ঘণ্টায় x কিমি, সুতরাং নৌকাটি স্রোতের প্রতিকূলে ঘণ্টায় $5 - x$ কিমি এবং স্রোতের অনুকূলে ঘণ্টায় $5 + x$ কিমি যায়
∴ 40 কিমি স্রোতের প্রতিকূলে ও অনুকূলে যেতে যথাক্রমে $\frac{40}{5-x}$ ও $\frac{40}{5+x}$ ঘণ্টা লাগে
এখন প্রদত্ত শর্ত থেকে পাই, $\frac{40}{5-x} = 3 \times \frac{40}{5+x}$
or, $\frac{1}{5-x} = \frac{3}{5+x}$ or, $5 + x = 15 - 3x$, or, $4x = 10$ ∴ $x = 2\frac{1}{2}$
∴ নির্ণেয় স্রোতের গতি ঘণ্টায় $2\frac{1}{2}$ কিলোমিটার।

66(c): মনে করি, পিতার বর্তমান বয়স x বছর এবং পুত্রের বর্তমান বয়স y বছর
প্রথম শর্তানুসারে, $x + y = 55$ ... (i)
দ্বিতীয় শর্তানুসারে, $x + 16 = 2(y + 16)$ or, $x + 16 = 2y + 32$
or, $x - 2y = 16$ ... (2)
সমীকরণ (i) নম্বর থেকে (ii) বিয়োগ করে পাই, $3y = 39$ ∴ $y = \frac{39}{3} = 13$
(i) নম্বর সমীকরণে $y = 13$ বসিয়ে পাই $x + 13 = 55$
∴ $x = 55 - 13 = 42$
∴ পিতার বর্তমান বয়স 42 বছর এবং পুত্রের বর্তমান বয়স 13 বছর।

67(d): এখানে স্পষ্টত দশকের অঙ্ক স্থির, শতক ও এককের অঙ্ক দু'টি সমান
মনে করি, শতক ও এককের অঙ্ক x এবং দশকের অঙ্ক y
তাহলে, সংখ্যাটি হল $100x + 10y + x$
প্রশ্নানুসারে পাই, $2x + y = 16$ এবং $x - y = 2$
ওই সমীকরণ দু'টি সমাধান করলে পাই $x = 6$, $y = 4$

$$\begin{array}{l} 2x + y = 16 \quad \text{... (i)} \\ \underline{x + y = 2} \quad \text{... (ii)} \\ 3x = 18 \end{array}$$

∴ $x = \frac{18}{3} = 6$
আবার, $2x + y = 16$ or, $2 \times 6 + y = 16$
or, $y + 12 = 16$ or, $y = 16 - 12$ or $y = 4$ ∴ নির্ণেয় সংখ্যাটি 646.

68(a): মনে করি, প্রথম ও দ্বিতীয় ট্রেনের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় x ও y কিলোমিটার
অতএব, উভয় ট্রেনের সাক্ষাতের পর মধুপুরগামী ট্রেন, ঘণ্টায় গিয়েছে x কিলোমিটার
ও কলকাতাগামী ট্রেন 4 ঘণ্টায় গিয়েছে 4y কিলোমিটার
সুতরাং, যখন উভয়ের সাক্ষাৎ হয় তখন সমকালে প্রথম ট্রেন 4y কিলোমিটার এবং দ্বিতীয় ট্রেন x কিলোমিটার গিয়েছিল।
প্রথম ট্রেন ঘণ্টায় x কিলোমিটার বেগে 4y কিলোমিটার যায় $\frac{4y}{x}$ ঘণ্টায়
এবং দ্বিতীয় ট্রেন ঘণ্টায় y কিলোমিটার বেগে x কিলোমিটার যায় $\frac{x}{y}$ ঘণ্টায়
অর্থাৎ $\frac{4y}{x} = \frac{x}{y}$ or, $x^2 = 4y^2$ ∴ $x = 2y$
∴ প্রথম ট্রেনের গতিবেগ দ্বিতীয় ট্রেনের গতিবেগের দ্বিগুণ।

69(d): এখানে $P = 15000$ টাকা, $R =$ বার্ষিক 12%, $n = 9$ মাস $= \frac{9}{12} = \frac{3}{4}$ বছর
9 মাস পর সবৃদ্ধিমূল $P\left(1 + \frac{R}{100 \times 4}\right)^{4n} = 15000\left(1 + \frac{12}{400}\right)^{4n \times 3/4}$
$= 15000\left(1 + \frac{3}{100}\right)^3 = \frac{15000 \times 103 \times 103 \times 103}{100 \times 100 \times 100} = 16390.91$ টাকা।

70(c): মনে করি, স্রোতের গতি ঘণ্টায় x কিলোমিটার
সুতরাং, নৌকাটি স্রোতের প্রতিকূলে ঘণ্টায় $(5 - x)$ কিমি, এবং স্রোতের অনুকূলে ঘণ্টায় $(5 + x)$ কিমি যায়
যথাক্রমে $\frac{40}{5-x}$ ও $\frac{40}{5+x}$ ঘণ্টা লাগে
এখন প্রদত্ত শর্ত থেকে পাই, $\frac{40}{5-x} = 3 \times \frac{40}{5+x}$
or, $\frac{1}{5-x} = \frac{3}{5+x}$ or, $5 + x = 15 - 3x$
or, $x + 3x = 15 - 5$ or, $4x = 10$ ∴ $x = \frac{10}{4} = \frac{5}{2} = 2\frac{1}{2}$
∴ নির্ণেয় স্রোতের গতি ঘণ্টায় $2\frac{1}{2}$ কিলোমিটার।

71(b): ক্রয়মূল্যের $(100 - 10)\%$
বা, 90% = 22 টাকা 50 পয়সা $= \frac{45}{2}$ টাকা
ক্রয়মূল্যের 1% $= \frac{45}{2 \times 90} = \frac{1}{4}$ টাকা
$(100 + 10)\%$ বা, 110% $= \frac{1}{4} \times 110 = 27\frac{1}{2}$ টাকা
∴ নির্ণেয় বিক্রয়মূল্য 27 টাকা 50 পয়সা।

72(b): দ্রব্যমূল্য হ্রাস পাওয়ার জন্য 1 টাকা বা 100 পয়সার $12\frac{1}{2}$ %
অর্থাৎ $12\frac{1}{2}$ পয়সা সাশ্রয় হবে
শর্তানুসারে, এই $12\frac{1}{2}$ পয়সাতেই বর্তমানে একটি অতিরিক্ত দ্রব্য পাওয়া যায়
অতএব বর্তমানে $12\frac{1}{2}$ বা $\frac{25}{2}$ পয়সায় পাওয়া যায় 4টি দ্রব্য
অতএব বর্তমানে 1 পয়সায় পাওয়া যায় $\frac{4}{25/2}$ টি দ্রব্য
অতএব, বর্তমানে 100 পয়সায় পাওয়া যায় $\frac{4 \times 2}{25} \times 100 = 32$টি দ্রব্য
অতএব, হ্রাসপ্রাপ্ত মূল্যে বর্তমানে টাকায় 32 টি দ্রব্য পাওয়া যাবে।

73(b): মনে করি, প্রথম বিজোড় সংখ্যা = n
অন্য পর পর বিজোড় সংখ্যাগুলি হবে— $n + 2, n + 4, n + 6, n + 8$
পর পর বিজোড় সংখ্যাগুলির সমষ্টি $(n + n + 2 + n + 4 + n + 6 + n + 8) = 5n + 20$
পর পর বিজোড় সংখ্যাগুলির গড় হবে $= \frac{5n \times 20}{5}$
এখানে $n = 3$ [3 থেকে বিজোড় সংখ্যা শুরু হচ্ছে] $= \frac{5 \times 3 + 20}{5} = \frac{25}{5} = 7.$

74(c): মনে করি, 240 টাকা কিলোগ্রাম দরে x কিলোগ্রাম চায়ের সঙ্গে 160 টাকা কিলোগ্রাম দরে y কিলোগ্রাম চা মেশানো হয়েছে
∴ $(x + y)$ কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য $= (240x + 160y)$ টাকা
আবার, প্রতি কিলোগ্রাম 200 টাকা দরে $(x + y)$ কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য $= 200(x + y)$ টাকা
∴ লাভ $= 200(x + y) \times \frac{10}{100} = 20(x + y)$ টাকা
প্রশ্নানুসারে $200(x + y) - 20(x + y) = 240x + 160y$
or, $200x + 200y - 20x - 20y = 240x + 160y$
or, $180x - 240x = 160y - 180y$ or, $-60x = -20y$
or, $\frac{x}{y} = \frac{20}{60} = \frac{1}{3}$ ∴ নির্ণেয় অনুপাত 1 : 3.

75(c): যদি $3.25 = x$ ও $1.75 = y$ হয়,
তাহলে সমীকরণ:
$\frac{a^2 + b^2 - 2ab}{a^2 - b^2} = \frac{(a - b)^2}{(a + b)(a - b)} = \frac{a - b}{a + b} = \frac{3.25 - 1.75}{3.25 + 1.75} = \frac{1.5}{5} = 0.3.$

76(a): এখানে 750 টাকার মোট সুদ $= 997.50 - 750 = 247.50 = \frac{495}{2}$ টাকা
আসল (P) = 750 টাকা, সময় (T)% $= \frac{11}{2}$ বছর
∴ সুদের শতকরা হার $\frac{100 \times I}{P \times I} = \frac{100 \times 495 \times 2}{2 \times 750 \times 11} = 6.$

77(b): প্রশ্নানুসারে, এক্ষেত্রে যদি আগের চাইতে 27 টাকা কম দামে বিক্রয় করা হয় তবে লাভ হওয়ার পরিবর্তে 10% ক্ষতি হয়
অতএব, ক্রয়মূল্যের $(8 + 10)\%$ or, 18% = 27 টাকা
অতএব, ক্রয়মূল্যের 1% $= \frac{27}{18}$ টাকা
অতএব, দ্রব্যটির ক্রয়মূল্য 100% $= \frac{27}{18} \times 100 = 150$ টাকা
∴ দ্রব্যটির ক্রয়মূল্য 150 টাকা।

78(c): A-এর বর্তমান বয়স 3x বছর এবং B-এর বর্তমান বয়স 4x বছর
প্রশ্নানুযায়ী, 10 বছর আগে A-এর বয়স B-এর বয়সের অর্ধেক ছিল
অতএব, A ও B -এর অনুপাত ছিল 1 : 2
অতএব শর্তানুযায়ী, $2(3x - 10) = (4x - 10)$
or, $6x - 20 = 4x - 10$ or, $6x - 4x = 20 - 10$ or, $2x = 10$ or, $x = 5$
অতএব, তাদের বয়সের সমষ্টি হবে $(3x + 4x) = 7x = (7 \times 5) = 35$ বছর।

79(b): ধরি পুত্রের বর্তমান বয়স = x বছর
পিতার বর্তমান বয়স = 3x বছর
15 বছর পর, $3x + 15 = 2(x + 15) \Rightarrow 3x + 15 = 2x + 30$
$\Rightarrow x = 30 - 15 = 15$
তাদের বর্তমান বয়সের যোগফল $x + 3x = 4x$ or, $4 \times 15 = 60$ বছর।

80(a): $\sqrt{8 + \sqrt{57 + \sqrt{38 + \sqrt{108 + \sqrt{169}}}}} = \sqrt{8 + \sqrt{57 + \sqrt{38 + \sqrt{108 + \sqrt{13}}}}}$
$= \sqrt{8 + \sqrt{57 + \sqrt{38 + \sqrt{121}}}} = \sqrt{8 + \sqrt{57 + \sqrt{38 + 11}}}$
$= \sqrt{8 + \sqrt{57 + \sqrt{49}}} = \sqrt{8 + \sqrt{57 + \sqrt{7}}} = \sqrt{8 + \sqrt{64}} = \sqrt{8 + 8}$
$= \sqrt{16} = 4.$

81(c): Spanner যেমন Mechanic-এর একটা tool
সেইরকম Saw হল carpenter-এর একটা tool.

82(a) letter গুলি + 1 করে বাড়ছে কিন্তু 5 থেকে 6
তারপর 8, তারপর 11, তারপর 15 হচ্ছে
অর্থাৎ এরপর letter 1 করে করলে হয় GI এবং NO হবে 20.
অর্থাৎ GI20.

83(b): DASH = 4 + 1 + 19 + 8 = 32 [alphabetical Value]

*এরপর চোদ্দোর পাতায়*

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## বিজ্ঞানের অনুশীলনী

1. এ সি-তে ব্যবহার করা হয় না:
(a) অ্যামপ্লিফায়ার (b) ট্রান্সফরমার (c) ভোল্টমিটার (d) গ্যালভানোমিটার

2. 'সিম্পল হারমোনিক মোশান'-এর সব থেকে ভালো উদাহরণ কী?
(a) চোঙ (b) ডিস্ক (c) দোলক (d) এর কোনওটিই নয়

3. মিল করুন:

| | |
|---|---|
| A. পেট্রোল ইঞ্জিন | 1. সংকোচন |
| B. ডিজেল ইঞ্জিন | 2. স্পার্ক প্লাগ |
| C. জাহাজ | 3. টারবোপ্রোপ |
| D. জেট এয়ারক্রাফট | 4. প্রোপেলার |

| | A | B | C | D |
|---|---|---|---|---|
| (a) | 1 | 2 | 3 | 4 |
| (b) | 2 | 1 | 4 | 3 |
| (c) | 1 | 2 | 4 | 3 |
| (d) | 2 | 1 | 3 | 4 |

4. থার্মোস্ট্যাট কী?
(a) স্নানের তাপমাত্রা নির্ভর করে (b) থার্মোমিটারের পাঠ ঠিকঠাক নির্ধারণ করার যন্ত্র (c) স্বয়ংক্রিয়ভাবে তাপমাত্রা নিয়ন্ত্রণ করার যন্ত্র (d) আধুনিক ধরনের থার্মোফ্লাস্ক যেটি ইকুইপারশান অব হিট এনার্জির নীতির ওপর কাজ করে

5. জেট ইঞ্জিন হল:
(a) ঘূর্ণমান ইঞ্জিন (b) জল, বায়ু বা বাষ্পচালিত ইঞ্জিন (c) বাইরের দহনক্রিয়া দ্বারা চালিত ইঞ্জিন (d) প্রতিক্রিয়া ইঞ্জিন

6. শুষ্ক বরফ বা ড্রাই আইসের তাপমাত্রা হল:
(a) 78°C (b) –109°C (c) – 78.5°C (d) – 87.5°C

7. স্প্রিং-এর সমতা কোন নীতিতে কাজ করে?
(a) বয়েলের সূত্র (b) হুকের সূত্র (c) বারনৌলির নীতি (d) পাস্কেলের সূত্র

8. বায়োগ্যাস প্লান্ট সর্বোচ্চ ক্ষমতায় কাজ করে যখন:
(a) যখন প্লান্টটি এরোবিক এবং 40°C তাপমাত্রা থাকে (b) যখন প্লান্টটি এরোবিক এবং আবর্জনা সরবরাহ চালু থাকে (c) যখন প্লান্টটি এরোবিক এবং 40°C তাপমাত্রা থাকে (d) যখন প্লান্টটি এরোবিক এবং আবর্জনা সরবরাহ চালু থাকে

9. ডিজেল ইঞ্জিনে ইগনিশন (Ignition) হয় কারণ:
(a) ঘর্ষণ (b) অটোমেটিক ইঞ্জিন চালু করার যন্ত্র (c) স্পার্ক প্লাগ (d) কমপ্রেশন

10. তরল নাইট্রোজেনের স্ফুটনাঙ্ক:
(a) 100°C (b) – 175°C (c) –195°C (d) –95°C

11. তাপমাত্রার কী প্রতিরোধ করার জন্য থার্মোফ্লাস্কে রুপোর প্রলেপ দেওয়া হয়?
(a) পরিচলন (b) পরিবহণ (c) বিকিরণ (d) সবক'টি

12. অটোমোবাইলে হাইড্রোলিক ব্রেক কোন নীতিতে কাজ করে?
(a) আর্কিমিডিস নীতি (b) টরিসেলির সূত্র (c) বারনৌলির সূত্র (d) পাস্কালের সূত্র

13. প্রাথমিক চিকিৎসার বাক্সে কোন জিনিসটি রাখা উচিত নয়?
(a) এক জোড়া কাঁচি (b) শোধিত কোহল (c) বোরিক অ্যাসিড (d) যন্ত্রণা নিবারক ঔষধ, যেমন— অ্যানাসিন

14. টি ভি-র সম্প্রচারে:
(a) শব্দ এবং ছবির সম্প্রচার একসঙ্গে হয় (b) প্রথমে শব্দ সম্প্রচার এবং পরে ছবির সম্প্রচার (c) প্রথমে ছবির সম্প্রচার পরে শব্দের সম্প্রচার (d) শব্দ এবং ছবির সম্প্রচার ভিন্ন জায়গা থেকে একই সময়

15. যদি দ্বিধাতব পাতকে তাপ দেওয়া হয়, তবে:
(a) বাঁকবে না (b) যে ধাতুর নিম্ন তাপমাত্রায় প্রসারণ বেশি সেদিকে বেঁকে যাবে (c) যে ধাতুর উচ্চ তাপমাত্রায় প্রসারণ বেশি সেদিকে বেঁকে যাবে (d) দু'টি একসঙ্গে কুণ্ডলী পাকাবে

16. থিয়ডলাইট (জমি জরিপে ব্যবহৃত কোন পরিমাপক যন্ত্র) যন্ত্রটি কী উদ্দেশ্যে ব্যবহৃত হয়?
(a) পাইলট (b) নৌচালনা (c) মানচিত্র অঙ্কন করতে (d) জমি জরিপ করতে

17. নীচের কোন সিদ্ধান্তটি সঠিক?
(a) ডায়নামো তড়িৎশক্তি থেকে তাপশক্তি এবং বৈদ্যুতিক মোটর যন্ত্রশক্তি থেকে তড়িৎ শক্তিতে রূপান্তরিত করে (b) ডায়নামো যন্ত্রশক্তি থেকে তড়িৎশক্তি এবং বৈদ্যুতিক মোটর তড়িৎশক্তি থেকে যন্ত্রশক্তিতে রূপান্তরিত করে (c) ডায়নামো এবং বৈদ্যুতিক মোটর উভয়ই যন্ত্রশক্তি থেকে তড়িৎশক্তিতে রূপান্তরিত করে (d) ডায়নামো এবং বৈদ্যুতিক মোটর উভয়ই তড়িৎশক্তি থেকে যন্ত্রশক্তিতে রূপান্তরিত করে

18. ইলেকট্রন অণুবীক্ষণ যন্ত্রে জিনিস বড় দেখায় অপটিক্যাল অণুবীক্ষণ যন্ত্রের থেকে কারণ:
(a) অধিক ক্ষমতাসম্পন্ন লেন্স ব্যবহার করা হয় (b) দৃশ্যমান আলোর গতিবেগের থেকে ইলেকট্রনের গতিবেগ কম (c) আলোর অণুর থেকে ইলেকট্রনের শক্তি বেশি (d) দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্যের তুলনায় ইলেকট্রনের তরঙ্গ-দৈর্ঘ্য কম

19. নীচের কোনটিতে তড়িৎশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়?
(a) পাখা (b) সঞ্চয়ী কোষ (ব্যাটারি) (c) হিটার (d) উজ্জ্বলভাবে জ্বলা বাল্ব

20. নীচের কোন ইঞ্জিনটি বেশি দক্ষ?
(a) পেট্রোল (b) ডিজেল (c) বৈদ্যুতিক (d) বাষ্পচালিত

21. টেপরেকর্ডারের ফিতেয় কীসের প্রলেপ থাকে?
(a) জিঙ্ক অক্সাইড (b) কপার সালফেট (c) অভ্র (d) ফেরোম্যাগনেটিক পাউডার

22. যখন একটি কয়েল চুম্বকীয় ক্ষেত্রের মধ্যে ঘুরপাক খায় কয়েলের মধ্যে তড়িৎ উৎপন্ন হয়। নীচের কোনটিতে এর হয়?
(a) তড়িৎ চুম্বকে (b) বৈদ্যুতিক মোটরে (c) ইলেকট্রিক জেনারেটরে (d) ইলেকট্রিক ওয়াট মিটারে

23. দূরের জিনিস কোন যন্ত্রের সাহায্যে দেখা যায়?
(a) ক্রোনোমিটার (b) মাইক্রোস্কোপ (c) টেলিস্কোপ (d) স্পেকট্রোস্কোপ

24. সেফটি ফিউজ হওয়া উচিত:
(a) উচ্চ রোধ এবং গলনাঙ্কযুক্ত (b) উচ্চ রোধ এবং নিম্ন গলনাঙ্কযুক্ত (c) নিম্ন রোধ এবং উচ্চ গলনাঙ্কযুক্ত (d) নিম্ন রোধ এবং নিম্ন গলনাঙ্কযুক্ত

25. গ্রিন হাউস হল:
(a) প্রধানত কাচের বাড়ি যার তাপমাত্রা খুব কম (b) যে বাড়িতে সবুজ গাছ রোপণ করা হয় (c) প্রধানত কাচের বাড়ি যার তাপমাত্রা ইচ্ছামতো পরিবর্তন করা যায় (d) এর কোনওটিই নয়

26. বাড়িতে ব্যবহৃত জিনিসগুলির বিদ্যুতের ব্যয় অনুসারে বেশি থেকে কমে সাজান:
1. $\frac{1}{8}$ অশ্বক্ষমতাযুক্ত জলের পাম্প 2. ফ্লুরোসেন্ট টিউবলাইট 3. রুম হিটার 4. নাইট ল্যাম্প
(a) 2, 1, 3, 4 (b) 3, 1, 2, 4 (c) 3, 2,1, 4 (d) 4, 2, 1, 3

27. একটি 3-পিন প্লাগের 3 নম্বর পিনটির ক্ষেত্রে কোনগুলি সঠিক?
1. এটি ভালো তড়িৎ সরবরাহের জন্য 2. তড়িচ্চালিত ডিভাইসটির বডির সঙ্গে সংযুক্ত থাকে 3. মাটির সঙ্গে সংযুক্ত করে 4. নিউট্রলিকে সংযুক্ত করে
(a) 1 এবং 2 (b) 2 এবং 3 (c) 1 এবং 3 (d) শুধুমাত্র 4

28. সাধারণ ব্যাটারিতে বিদ্যুৎপ্রবাহের জন্য যে গলিত আয়নীয় মিশ্রণ ব্যবহৃত হয়:
(a) সালফিউরিক অ্যাসিড (b) ম্যাংগানিজ অক্সাইড (c) অ্যামোনিয়াম ক্লোরাইড (d) দস্তা

29. তড়িৎ চার্জেবল ব্যাটারিতে তড়িৎ সঞ্চয়ের জন্য নীচের কোন জোড়াটি ব্যবহৃত হয়?
(a) লোহা এবং ক্যাডমিয়াম (b) নিকেল এবং ক্যাডমিয়াম (c) লেড পার অক্সাইড এবং লেড (d) দস্তা এবং কার্বন

30. নীচের কোনটি বারনৌলির নীতি অনুসারে কাজ করে?
(a) গ্যাস লাইটার (b) গ্যাস স্টোভ (c) বুনসেন বার্নার (d) এর কোনওটিই নয়

31. মিশ্রিত অক্সাইড জ্বালানি বা ফুয়েল ব্যবহৃত হয়:
(a) নিউক্লিয়ার রিয়েক্টার (b) বিমান (c) ক্রায়োজেনিক ইঞ্জিন (d) রকেট

32. নীচের কোনটিতে রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়?
(a) ডায়নামো (b) ইলেকট্রিক হিটার (c) ব্যাটারি (d) পারমাণবিক বোমা

33. ডায়ালাইজার হল:
(a) শব্দের তীব্রতা নিয়ন্ত্রণকারী মিটার (b) ব্যাটারি রিচার্জ করতে ব্যবহৃত যন্ত্র (c) বিশেষ ঘড়ি যেটি তারিখ এবং দিন সূচিত করে (d) ত্রুটিপূর্ণ কিডনি সংক্রান্ত বিষয়ে রোগীদের ব্যবহৃত যন্ত্র

34. নীচের কোনটিতে ডায়োড ব্যবহৃত হয়?
(a) রেক্টিফিকেশান (b) অ্যাম্পলিফিকেশান (c) মডিউলেশান (d) ওসিলেশান

35. সাধারণ অগ্নি নির্বাপক যন্ত্রে, কাদের বিক্রিয়ায় কার্বন ডাইঅক্সাইড গ্যাস নির্গত হয়?
(a) মার্বেল পাউডার এবং তরল HCl (b) ম্যাগনেসাইট এবং তরল HCl (c) চুনাপাথর এবং তরল $H_2SO_4$ (d) সোডিয়াম বাইকার্বোনেট এবং তরল $H_2SO_4$

36. নীচের কোনগুলি সঠিক?

| আগুন | নির্বাপক |
|---|---|
| 1. সোডা-অ্যাসিড | সাধারণ আগুন |
| 2. ফোম | তেলে আগুন |
| 3. কার্বন টেট্রাক্লোরাইড | তড়িতে আগুন |

(a) 1 এবং 2 (b) 2 এবং 3 (c) 1 এবং 3 (d) 1, 2 এবং 3

37. নীচের কোনটিতে ক্রায়োজেনিক ইঞ্জিন ব্যবহৃত হয়?
(a) রকেট টেকনোলজি (b) তুষার-মুক্ত রেফ্রিজারেটর (c) ডুবোজাহাজ পরিচালনাতে (d) অতিতাপ পরিবাহিতা পরীক্ষাতে

38. বায়ুমণ্ডলের আর্দ্রতা পরিমাপ করতে নীচের কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?
(a) হাইড্রোমিটার (b) এপিসোমিটার (c) হাইগ্রোমিটার (d) ব্যারোমিটার

39. ক্ষমতা অনুসারে বেশি থেকে কম সাজান:
1. বাষ্প ইঞ্জিন 2. পেট্রোল ইঞ্জিন 3. ডিজেল ইঞ্জিন
(a) 3, 2, 1 (b) 3, 1, 2 (c) 2, 3, 1 (d) 2, 1, 3

40. থার্মোফ্লাস্ক আবিষ্কার করেন:
(a) জন বেয়ার্ড (b) ফ্রাঙ্কলিন (c) বেকরেল (d) জেমস ডিওয়ার

41. কম্পিউটারে মাইক্রোপ্রসেসারের কাজ কী?
(a) কীবোর্ডের সাহায্যে কম্পিউটারে লিখতে সাহায্য করে (b) কম্পিউটার থেকে আউটপুট পেতে সাহায্য করে (c) CPU-এর সমস্ত কাজে সহযোগিতা করে (d) এর কোনওটিই নয়

42. নীচের কোনটি ব্যবহার করে তাপশক্তি থেকে তড়িৎশক্তি পাওয়া যায়?
(a) থার্মো কাপল (Thermo Couple) (b) ট্রায়ড ভালভ (c) ফটোইলেকট্রিক টিউব (d) এর কোনওটিই নয়

43. বল মাপার সি জি এস একক হল:
(a) নিউটন (b) ডাইন (c) নিউট্রন (d) কোনওটিই নয়

44. বন্দুক ফায়ারিং করার সময় পিছিয়ে আসা কীসের উদাহরণ?
(a) ভরের সংরক্ষণ (b) শক্তির সংরক্ষণ (c) স্থিতিশক্তির গতিশক্তিতে রূপান্তর (d) রৈখিক ভরবেগের সংরক্ষণ

45. ব্যারোমিটারে পারদ ব্যবহারের কারণ:
1. এটি অস্বচ্ছ 2. এটি কাচকে ভেজায় না 3. সহজে বাষ্পীভূত হয় না 4. খুব ভারী তরল হওয়ায়, খুব কম দৈর্ঘ্যের টিউব হলেই চলে
(a) 1, 2, 4 (b) 2, 3, 4 (c) 1, 3, 4 (d) 1, 2, 3, 4

46. ব্যবসা এবং বিজ্ঞানের ক্ষেত্রে কোন কম্পিউটার ভাষাটি সর্বাধিক ব্যবহৃত হয়?
(a) BASIC (b) FORTRAN (c) COBOL (d) None of these

47. শুষ্ক ব্যাটারির অ্যানোড কী দ্বারা গঠিত হয়?
(a) গ্রাফাইট (b) জিঙ্ক (c) তামা (d) ক্যাডমিয়াম

48. HCL-এর সঙ্গে বিক্রিয়ায় যে ধাতু $H_2$ গ্যাস উৎপন্ন করে না, সেটি হল:
(a) অ্যালুমিনিয়াম (b) রেডন (c) তামা (d) কোনওটিই নয়

49. রেফ্রিজারেটারে ঠান্ডা কীসের দ্বারা উৎপন্ন হয়?
(a) বরফ ফ্রিজারের মধ্যে জমা থাকে (b) চাপের গ্যাস হঠাৎ প্রসারিত হয়ে (c) একটি রেফ্রিজারেন্ট গ্যাসীয় অবস্থা প্রাপ্ত হয়ে (d) এর কোনওটিই নয়

50. জল তাড়াতাড়ি ফুটবে কোথায়?
(a) পর্বতে (b) খনিগর্ভে (c) দুই জায়গাতেই (d) কোথাওই নয়

51. রেডিওঅ্যাক্টিভ উপাদান উৎপন্ন করতে পারে:
(a) উইলসন ক্লাউড চেম্বার (b) অ্যাটোমিক পাইল (c) ইলেকট্রন গান (d) ট্রানসিসটর

52. কোন পদ্ধতি ব্যবহার করে অডিও সিগনাল টেলিভিশন সিগনালের মধ্যে প্রেরণ করা যায়?
(a) অ্যামপ্লিটুড মডিউলেশন (b) ফ্রিকোয়েন্সি মডিউলেশন (c) পালস কোড মডুলেশান (d) টাইম ডিভিশান মাল্টিপ্লেক্সিং

53. কোন তেল শোধিত করে জেট বিমানের তেল পাওয়া যায়?
(a) পেট্রোল (b) কেরোসিন (c) গ্যাসোলিন (d) ডিজেল

54. প্রেশার কুকারে:
(a) চাপ কমালে স্ফুটনাঙ্ক বাড়ে (b) চাপ বাড়ালে স্ফুটনাঙ্ক বাড়ে (c) চাপ বাড়ালে স্ফুটনাঙ্ক কমে (d) চাপের সঙ্গে স্ফুটনাঙ্ক সম্পর্কিত নয়

55. মিউনিসিপ্যালিটির জলের দূষণ দূর করতে ফিল্টারে কী ব্যবহার করা হয়?
(a) সরু বালি (b) নুড়ি পাথর (c) কাঠ কয়লা (d) সবক'টি

### উত্তর

1(d), 2(c), 3(b), 4(c), 5(d), 6(c), 7(b), 8(c), 9(d), 10(c), 11(c), 12(d), 13(d), 14(a), 15(b), 16(d), 17(b), 18(d), 19(b), 20(c), 21(d), 22(c), 23(c), 24(b), 25(c), 26(b), 27(b), 28(c), 29(b), 30(c), 31(c), 32(c), 33(d), 34(a), 35(d), 36(d), 37(a), 38(c), 39(c), 40(d), 41(c), 42(a), 43(b), 44(d), 45(d), 46(b), 47(a), 48(c), 49(c), 50(a), 51(b), 52(c), 53(b), 54(b), 55(d).

প্রস্তুত করেছেন: চন্দন ঘোষ

## রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

DANCE = 4 + 1 + 14 + 3 + 5 = 27 [alphabetical Value].

84(d): lungs (ফুসফুসের) -এর কাজ হল শরীরে Oxygen (অক্সিজেন) সংবহন করা তেমনি heart (হৃদয়) -এর কাজ হল শরীরের রক্ত (Blood) supply করা।

85(c): কাঠের যে একদম শেষ coating দেওয়া হয় (wood) সেটি হল polish, সেইরকম লোহা (Iron)-এর শেষ coating হল GALVANISATIN.

86(a): E-এর alphabetical value 5 J এর 10 O-এর 15, তাই লেখা হবে 51015
একইভাবে, Y-এর alphabetical value 25, এর 20 এবং G -এর 7
∴ 25207

87(a): জুলাই ছাড়া আর সবকটি মাস 30 দিনের শুধু জুলাই মাস 31 দিনের হয়।

88(c): Moon (চাঁদ) হল উপগ্রহ, আর যে option গুলি আছে সেগুলি সবই গ্রহ।

89(b): UNCONSCIOUS এই wordটিতে E না থাকার জন্য NOSE wordটি তৈরি করা যাবে না।

90(c): যে শব্দটি দেওয়া আছে তাতে 'U' letterটি missing
এজন্য Lotus শব্দ তৈরি হবে না।

91(b): E = 5 হলে, H = 8, O = 16, T = 20, L = 12
[A = 1, B = 2 এইভাবে হচ্ছে]
HOTEL = 8 × 16 × 20 × 5 × 12 = 1536300
CAR = 3 × 1 × 18 = 54

92(b): '135'— She is girl, '138' — girl is beautiful
'539'— She is singing
তিনটি থেকে বুঝতে পারছি 'is'-এর code → 3 কারণ তিনটিতেই is আছে এবং তিনটেতেই 3 আছে
∴ girl-এর code হবে 1 এবং she-এর code হবে 5 এবং beautiful-এর code হবে 138.

93(d): Seriesটি হল 6, 15, 40, 92, 200, 420, ____
$6 \times 2 + 4 = 16, 16 \times 2 + 8 = 40, 40 \times 2 + 12 = 92$
$92 \times 2 + 16 = 200, 200 \times 2 + 20 = 420, 420 \times 2 + 24 = 864$
(প্রত্যেক ক্ষেত্রে 2 গুণ হচ্ছে এবং 4 করে বেশি যোগ হচ্ছে)।

94(a): বৃত্তগুলিতে দেখা যাচ্ছে $3^2 + 2^2 + 2^2 + 1^2 = 18$ প্রথম বৃত্তে
দ্বিতীয় ক্ষেত্রে $3^2 + 6^2 + 5^2 + 4^2 + 86$
অর্থাৎ $6^2 + 1^2 + 2^2 + 4^2 + 57$.

95(a): প্রথম চিত্রটির ক্ষেত্রে দেখা যাচ্ছে $(8 + 6) = 14$ আর $(5 - 3) = 2$
এবার $14 \div 2 = 7$
দ্বিতীয়টির ক্ষেত্রে $(7 + 5) = 12, (8 - 4) = 4, 12 \div 4 = 3$
একইভাবে, $(12 + 13) = 25$
(10 – x) [Missing Noটা x ধরলাম]
$\frac{25}{10-x} = 5 \therefore 50 - 5x = 25 \text{ or } 5x = 25 \therefore x = 5.$

96(d):

| F | i | g | h | t | ∴ F = 7, i = 4, t = 2 |
|---|---|---|---|---|---|
| 7 | 4 | 3 | 5 | 2 | ∴ Fit = 742 |

97(b): প্রথম চিত্রটির ক্ষেত্রে $(15 - 5) = 10 \times (2 + 6) = 80$
একইভাবে দ্বিতীয় চিত্রটির ক্ষেত্রে $(13 - 8) = 5 \times (10 + 3) = 65$
একইভাবে দ্বিতীয় চিত্রটির ক্ষেত্রে $(13 - 11) \times (13 + 2) = 30$.

98(a): আমরা A = 1, B = 2 এইভাবে যদি চলি তাহলে
$B \times Y \rightarrow 2 \times 25 \rightarrow 50, F \times R \rightarrow 6 \times 18 \rightarrow 108, L \times U \rightarrow 12 \times 21 \rightarrow 252$.

99(d): A = 1, B = 2, C = 3 ... Z = 26, $B^C = 2^3 = 8$
$O^B \rightarrow 15^2 = 225$ অর্থাৎ $ED = 54 \rightarrow 625$.

100(b): $3^2 + 7^2 = 9 + 49 = 58, 5^2 + 6^2 = 25 + 36 = 61$
$3^2 + 2^2 = 13$ অর্থাৎ $5^2 + 4^2 = 41$.

প্রস্তুত করেছেন: SCERT প্রশিক্ষিত স্কুলশিক্ষক কামাল হোসেন

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ৯৫

*প্রথম পাতার পর*

সমতুল।

**বয়স:** ১৮-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ সেমি ও ৮৫ সেমি। ওজন: অন্তত ৫০ কেজি।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র মুম্বই। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল অ্যাওয়্যারনেস অন ফায়ার ফাইটিং। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতিটি বিভাগের মান ২০। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬৩.৫ কেজি ওজনের বস্তু বা একজন মানুষকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার বয়ে নিয়ে যাওয়া, দু'পায়ে লাফিয়ে ২.৭ মিটারের পরিখা অতিক্রম (লং জাম্প) ও হাত-পায়ের সাহায্যে দড়ি ধরে ৩ মিটার ওঠা।

**বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhartiseva.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল থেকে ১৮ মে পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও কালো কালির সই (দু'টিই জে পি জি ফর্ম্যাটে ১৫০ কে বি সাইজের মধ্যে) এবং শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, ডিসচার্জ সার্টিফিকেট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রতিটি জেপেগ বা পি ডি এফ ফর্ম্যাটে ৫০০ কে বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি বিষয়ে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা পরিচালিত ২০১৮-র জেক্সপো এবং ভোকলেট পরীক্ষা যথাক্রমে ২০ মে ও ২৭ মে। ৩০ এপ্রিল থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: webscte.co.in

□

বিজ্ঞপ্তি নম্বর 5/2018 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত মোটর ভেহিক্যাল ইনস্পেক্টর (টেকনিক্যাল) পদে নিয়োগের ইন্টারভিউ শুরু হবে ৭ মে। ইন্টারভিউয়ের কললেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাঁচ কেন্দ্রীয় পুলিশবাহিনীতে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট

*প্রথম পাতার পর*

পুরুষদের ৩.৫ মিটার এবং মহিলাদের ৩ মিটার (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) শুধুমাত্র পুরুষদের ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে।

তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন আবেদন করা যাবে ২১ মে পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

খুঁটিনাটি তথ্য-সহ এই নিয়োগের বিশদ সংবাদ পাবেন আগামী সংখ্যার 'কর্মক্ষেত্র'-এ। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১)২৩৩৮-৫২৭১/১১২৫, ২৩০৯-৮৫৪৩ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

# ন্যাশনাল অ্যালুমিনিয়ামে ১১৫ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট-২০১৮ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। শাখা-সহ গেট পত্রগুলি হল: মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, সেইসঙ্গে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং, সেইসঙ্গে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন বা টেলিকম বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, সেইসঙ্গে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই সি) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন বা টেলিকম বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, সেইসঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আই এন) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। মেটালার্জি শাখার ক্ষেত্রে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, সঙ্গে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম টি) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** ২২-৫-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন বেতনক্রম ৪০,০০০-১,৪০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রাথমিকভাবে গেট-২০১৮ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nalcoindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২২ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও গেট-২০১৮-র অ্যাডমিট কার্ড আপলোড করতে হবে এবং গেট-২০১৮-র রেজিস্ট্রেশন নম্বর দিতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এন টি পি সি-তে ২৮২ ডিপ্লোমা ট্রেনি

*প্রথম পাতার পর*

বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিংয়ের পর বেতনক্রম ১৫,৫০০-৩৪,৫০০ টাকা।

রায়পুরের ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: WR-II/Raipur: 01/2018, মুম্বইয়ের ক্ষেত্রে: WR-1/Mumbai: 01/2018, হায়দরাবাদের ক্ষেত্রে: NTPC/SR/Hyderabad:01/2018 এবং পাটনার ক্ষেত্রে: ER-1/Patna:01/2018.

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় (১২০ নম্বর) প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং রিজনিং বিষয়ে। দ্বিতীয় পর্যায়ে ১২০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার প্রতিটি পর্যায়ে সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntpccareers.net প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ৯ মে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার পে-ইন-স্লিপের মাধ্যমে, এই অ্যাকাউন্ট নম্বরে: ৩০৯৮৭৯১৯৯৯৩। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্টটি স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখবেন। এটি আপলোড করতে হবে।

মনে রাখবেন, আবেদনের সময় পে-ইন-স্লিপ-সহ প্রার্থীর ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ntpc.co.in

# ব্যাঙ্কে আরও ১৫৮ অফিসার

*প্রথম পাতার পর*

ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয় পড়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩০ জুনের মধ্যে ফল প্রকাশিত হয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫০ নম্বর), ব্যাঙ্কিং শিল্প-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) এবং ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট (৫০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১০ জুন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofindia.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি দেওয়া যাবে মাস্টার বা ভিসা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক অব বরোদায় ৩৭৫

*প্রথম পাতার পর*

দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা, পার্সোনাল ইন্টারভিউ এবং গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৬ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং বায়োডেটা আপলোড করতে হবে। আবেদনের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৩৫ মিনিট), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ মিনিট) বিষয়ে। এছাড়া ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং ও এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের মোট ৫০ নম্বরের প্রশ্ন থাকবে। সময়সীমা ৩০ মিনিট। সবশেষে গ্রুপ ডিসকাশন (২০ নম্বর) এবং ইন্টারভিউ (৩০ নম্বর)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন।

অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**এপ্রিল-এর প্রতিযোগিতার জন্য মার্চ মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ এপ্রিল-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এন টি পি সি-তে আরও ১৪৯

এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স), অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট্রি ট্রেনি, মেডিক্যাল অফিসার এবং অ্যাসোসিয়েট (অ্যাকাউন্টস) পদে ১৪৯ জনকে নিয়োগ করবে এন টি পি সি লিমিটেড। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। অ্যাসোসিয়েট (অ্যাকাউন্টস) পদের ক্ষেত্রে নিয়োগ করা হবে তিন বছরের চুক্তিতে।

শূন্যপদের বিবরণ: **এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স):** ৪৭টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১০)। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা আই সি ডব্লু এ বা সি এম এ। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে অগস্ট বা সেপ্টেম্বরে রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে। বয়স: ১৬-৫-২০১৮ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: প্রতি মাসে ২৪,৯০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। বেতনক্রম: ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট্রি ট্রেনি:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে এম এসসি। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে সেপ্টেম্বরের মধ্যে রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে। বয়স: ১৬-৫-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: প্রতি মাসে ২০,৬০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ২০,৬০০-৪৬,৫০০ টাকা।

**মেডিক্যাল অফিসার:** ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে এবং ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৬-৫-২০১৮ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

**অ্যাসোসিয়েট (অ্যাকাউন্টস):** ৪৭টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। শিক্ষাগত যোগ্যতা: ইন্টার সি এ বা আই সি ডব্লু এ বা সি এম এ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৬-৫-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪৪,০০০ টাকা।

তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntpccareers.net প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৬ মে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার পে-ইন-স্লিপের মাধ্যমে, এই অ্যাকাউন্ট নম্বরে: ৩০৯৮৭৯১৯৯৯৩। ফি জমা দিয়ে পাওয়া জার্নাল নম্বর এবং ব্রাঞ্চ কোডটি অনলাইন দরখাস্তের সময় প্রয়োজন হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ntpc.co.in

# মানুষকে স্বেচ্ছা রক্তদানে উৎসাহিত করার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** রক্ত প্রাণ বাঁচায়। সেই রক্ত পাওয়া যায় মানুষের কাছ থেকেই। কিন্তু রক্তদান নিয়ে নানা ভয়ভীতি কাজ করে বহু মানুষের মধ্যে। তাই নিরাপদ রক্তদাতা সংগ্রহ ও স্বেচ্ছায় রক্তদানে মানুষকে উদ্বুদ্ধ করার জন্য বিশেষ কিছু পরিকল্পনা ও নীতি মেনে চলতে হয়। এ বিষয়ে প্রশিক্ষণ দেবে কফি হাউস সোশ্যাল সার্ভিস অ্যাসোসিয়েশন। অন্তত মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়া যাবে। বয়স হতে হবে অন্তত ১৮ বছর। থিওরিটিক্যাল ক্লাস হবে ২৫, ২৬ ও ২৭ মে। বেলা ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্লাস। সঙ্গে থাকবে ৭ দিনের ফিল্ড ওয়ার্ক ও প্রোজেক্ট তৈরি। কোর্স সম্পূর্ণ করার পরে পরীক্ষা নেওয়া হবে। সফল হলে সার্টিফিকেট পাওয়া যাবে। ফি ১০০ টাকা। সেইসঙ্গে ফেরতযোগ্য জমা হিসেবে দিতে হবে ১৫০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে ২০ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.chssa.in ফি ও ফেরতযোগ্য জমা বাবদ মোট ২৫০ টাকা দিতে হবে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা এ টি এম কার্ডের মাধ্যমে। মাধ্যমিক বা উচ্চশিক্ষার সার্টিফিকেট বা মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল এবং আধার বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল ক্লাস শুরুর দিনে জমা দিতে হবে।

তথ্যের জন্য ফোন করতে পারেন এই দুই নম্বরে: ৮৬১৭৭-৯৮৯২১, ৯৮৩০৪-২৪৩৮৫।

# জিপমারে ১১৫ নার্সিং অফিসার ও ক্লার্ক

নার্সিং অফিসার এবং লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১১৫ জনকে নিয়োগ করবে পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১১২০১৮: **নার্সিং অফিসার:** ৯১টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ১৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিগ্রি বা ডিপ্লোমা, সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১৮-৫-২০১৮ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

পোস্ট কোড ১২২০১৮: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ২৪টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও দক্ষ খেলোয়াড় এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে টাইপ রাইটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ অথবা কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮-৫-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা এবং লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটার স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা ১০ জুন (রবিবার)। লিখিত পরীক্ষায় ১০০টি মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় (৪০০ নম্বর) এবং লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (১০০ নম্বর), নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (১০০ নম্বর), জেনারেল ইংলিশ (১০০ নম্বর) এবং জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (১০০ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৩০ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.jipmer.puducherry.gov.in

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.puducherry.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জেপিজি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই (১০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। একটি প্ল্যাকার্ডে প্রার্থীর নাম লিখে তা সামনে ধরে ফটো তুলতে হবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে জেপেগ বা জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে ৮০০ কেবি সাইজের মধ্যে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট এবং দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in